২৪। [যিনি] হরিচরণৈকান্তভাবং বহদ্ভিঃ (শ্রীকৃষ্ণ-পাদপদ্মের প্রতি অনুরাগশালী) অনন্তৈঃ দিব্যশ্রী-পারিজাতাদ্যতিরুচির বনৈঃ (দিব্যশোভা-ময় পারিজাত প্রভৃতির অতিমনোরম অসংখ্য বনরাজি দ্বারা) শোভমানাং (অপূর্ব শোভা ধারণ করিয়াছেন), উচ্চৈঃ সকলসুরগণৈঃ বন্দিতাং (নিখিল শ্রেষ্ঠ দেবগণ যাঁহার বন্দনা করেন), ইন্দুকোটি জ্যোৎস্নৈকাম্ভোধিমগ্নাং (যিনি কোটি চন্দ্রের জ্যোৎস্নাসাগরে অবগাহন করেন [এবং]) উপনিষদ্‌ বৃন্দবৃত্ত্যা অপি অগম্যাং (নিখিল উপনিষদ্‌ রাশিও যাঁহার মাহাত্ম্য অবগত নহেন), ত্বং (তুমি) অশ্রান্তঃ (অবিরত) তাং (সেই) শ্রীমদ্‌ বৃন্দাটবীং (শ্রীবৃন্দাবনের) সঞ্চিন্তয় (ধ্যান কর)॥

শ্রীশ্রীবৃন্দাবনমহিমামৃত
অন্বয় ও বঙ্গানুবাদ।
সপ্তম শতক।

১। তদতিমধুর-গৌর-শ্যামধাম-দ্বয়োরু-প্রণয়-পরম-পাত্রীভূত-চিত্রীয়মাণান্ (যাঁহারা অতিমধুর গৌর ও শ্যামবর্ণ বিগ্রহ যুগলের ~~প্রবল প্রীতির~~ একান্ত প্রীতিভাজন ~~রূপে~~ বিচিত্ররূপে বিরাজ করেন [এবং]) বিমল-মনোজ্ঞ-ধীর-চিজ্জ্যোতি-রেকাক্লান্ত্যাদিত-সুরস-দীপ্তদ্বীপ-বৃন্দাবনদ্রুন্ (বিশুদ্ধ কামবীজাত্মক অদ্বিতীয় চিজ্জ্যোতির্ময় সমুদ্রজাত সরস উজ্জ্বল দ্বীপরূপ বৃন্দাবনে অধিষ্ঠিত, তাদৃশ তরুরাবিকে) ভজ (সেবা কর)॥

২। [যিনি] মুক্তান্ প্রতি অপি (মুক্ত পুরুষগণকেও) কর্হিচিৎ (কদাচিৎ) সন্দর্শনং (দর্শন) ন দদতী (দান করেন না), শুকনারদাদিভিঃ অপি (শ্রীশুক নারদ প্রভৃতিও) শুদ্ধয়া রীত্যা (বিশুদ্ধ সাধনমার্গে) মনাক্ প্রাপ্তাং সতী ন (যৎকিঞ্চিৎ ভাবেও যাঁহার সংস্পর্শ লাভ করেন নাই), অহহ (অহো!) সা ~~[illegible]~~ শ্রীকৃষ্ণপদাম্বুজভক্তিঃ (কৃষ্ণপাদপদ্মবিষয়িনী সেই ভক্তি) বৃন্দাবনে শ্রীধাম্নি (শ্রীধাম বৃন্দাবনে) ~~কামুকী (যাহাং আপ্রকৃত সংকল্পের)~~

যং কঞ্চিৎ প্রতি কামুকী (যে কোন ব্যক্তিরই
সঙ্গ অভিলাষ করিয়া) ভাবেন (অনুরাগসহকারে)
ইতঃ ততঃ (ইতস্ততঃ) বংভ্রমতে (বিচরণ করেন)।।

৩। অয়ে ধীমন্ (হে সুধীজন! [তুমি])
সততং (সর্বদা) সর্বস্য (সকলের প্রতি) উৎকর্ষ-
দায়ী ভব (সম্মান দান করিবে), স্বয়ং (স্বয়ং)
নীচনীচঃ স্যাঃ (অতিনীচভাবে অবস্থান করিবে),
এবং বৃত্ত্যা এব (এইরূপ আচরণসহকারেই)
বৃন্দাবনাখ্যং (বৃন্দাবননামক) মধুরং ধাম
(মধুর ধামে) অধিবস (বাস কর), মানাব-
মানৌ (মান ও অপমানকে) তুল্যৌ কুরু
(তুল্য জ্ঞান করিবে), স্তোত্রদুর্বাচ্যকোট্যোঃ
(অন্যের স্তুতি বা নিন্দাবাদে) সমতাং ভজ
(একভাবে অবস্থান করিবে), দ্বিট্‌সুহৃত্তুল্যভাবঃ
(শত্রু মিত্রের প্রতি সমভাব আশ্রয় করিবে
[এবং]) গ্রাসালাভে (আহার্যের অভাবে)
মহাসম্পদি চ (কিম্বা অতুল ঐশ্বর্যে) সমঃ
ভব (একরূপেই অবস্থান করিবে)।।

৪। ভো: (হে সুধীজন!) কান্ত-ত্বঙ্‌মাত্র-সংছাদিত-বিকৃততম-স্ত্রীময়ামেধ্যাপিণ্ডং (মনোরম চর্ম-মাত্রদ্বারা আচ্ছাদিত স্ত্রীরূপী এই অতিবিকৃত অশুচি দেহপিণ্ডের প্রতি) থূৎকুরু (থুৎকার প্রদর্শন কর), অর্থান্‌ (অর্থসমূহকে) অনর্থান্‌ বিমৃশ (অনর্থরূপে চিন্তা কর), সুতসুহৃদ্‌-বান্ধবান্‌ (পুত্র, মিত্র ও বন্ধুগণকে) বন্ধান্‌ বিদ্ধি (বন্ধন জ্ঞান করিবে), মিষ্টান্নপানাদিষু (সুমধুর অন্নপানাদিকে) কষ্টং ভজ (দুঃখকর মনে করিবে), বসনাদ্যুজ্জ্বলত্বে (উজ্জ্বল বস্ত্রাদি ব্যবহারে) ত্রপেথা: (লজ্জা বোধ করিবে [এবং]) সর্বেষাং (সকলের নিকটে) শিষ্যভৃত্যাদিবৎ (শিষ্য ও ভৃত্যাদির ন্যায়) অতিবিনত: (অতিশয় নতভাব অবলম্বন পূর্বক) বৃন্দাবনং (বৃন্দাবনে) অধ্যাস্স্ব (অবস্থান করিবে)।।

৫। য: (যিনি) ~~ভক্ত~~ অনন্য: (একনিষ্ঠ চিত্তে) বৃন্দারণ্যং (বৃন্দাবনের) ভজেত (সেবা করেন), পরং স: এক: (একমাত্র তিনিই) অনন্তপারস্য

রাধারমণ-পদাম্বুজ-মধুরিমসিন্ধোঃ (শ্রীকৃষ্ণ-চন্দ্রের পাদপদ্মের অনন্ত অপার মাধুর্যসিন্ধুর) অনুভবিতা (আস্বাদে সমর্থ হ'ন)॥

৬। জ্ঞঃ (জ্ঞানী ব্যক্তি) যৎ (যাহা) ন পরিজিহীর্ষতি (পরিত্যাগ করিতে ইচ্ছা করেননা [এবং]) যৎ (যাহা) সকলোপরি (সর্বোচ্চে) বরীবর্তি (বিরাজমান), বৃন্দাবনগুণকীর্তিং প্রতি (তাদৃশ বৃন্দাবনের গুণকীর্তনের জন্য) মে (আমার) রসনা (জিহ্বা) নরীনর্তি (অতিশয় নৃত্য করিতেছে)॥

৭। বৃন্দাবনবিধুঃ আস্তাং (শ্রীকৃষ্ণচন্দ্রের দূরে থাকুক), বৃন্দাবনেশ্বরী (শ্রীরাধার কথাও) আস্তাং (দূরেই থাকুক), তস্যাঃ (তাঁহার) সখ্যঃ চ (সখীগণের কথাও) অস্তু (দূরে থাকুক), বৃন্দাবনৈকতরুপল্লবঃ অপি (বৃন্দাবনের একটি তরুপল্লবও) মোহয়তি (চিত্তের মোহ উৎপাদন করে)॥

৮। রে মন্দ (হে মন্দবুদ্ধি মানব! [তুমি]) অখিল-সাধনবৃন্দানি (সর্বপ্রকার সাধনরাশি)

সন্দয় (পরিত্যাগ কর, [পরন্তু]) বৃন্দাবনভূমি (শ্রীবৃন্দাবন ধামে) বৃন্দারকবৃন্দানাং চ (দেবগনেরও) দুর্লভং (দুর্লভ) সান্দ্রং (প্রগাঢ়) আনন্দং (আনন্দ) বিন্দ (উপভোগ কর)॥

৯। [হে মানব! তুমি] কর্ম মা কুরু (কর্মের অনুষ্ঠান করিও না), যোগং ন (যোগ সাধনে রত হইও না), বিষ্ণুভজনং ন (বিষ্ণু ভজনে তৎপর হইও না) [~~কিম্বা~~] বা (কিম্বা) শ্রবনং ন (শ্রবনের প্রতি মনোযোগী হইও না, [পরন্তু]) বৃন্দারন্যে (বৃন্দাবনে) যথা তথা তিষ্ঠন্ (যে কোন রূপে বাস করিয়াই) ধ্রুবং পরপদং (নিশ্চয়ই পরম পদ) অবাপ্স্যসি (লাভ করিবে)॥

১০। যদা এব (যখনই) বৃন্দারন্যে (বৃন্দাবনে) আমৃতি (মরনাবধি) বাস: (বাস করিবার) সঙ্কল্পিত: (সঙ্কল্প করিয়াছ), সৎকর্মানি কৃতানি ([তখনই] সকল সৎকর্মের আচরন করা হইয়াছে), শ্রীহরি: আরাধিত: (শ্রীহরির উপাসনা সিদ্ধ হইয়াছে [এবং]) উপনিষৎ শ্রুতা (উপনিষৎসমূহ শ্রবন করা হইয়াছে)॥

EXERCISE BOOK

NO. 3

শ্রীশ্রীবৃন্দাবনমহিমামৃত (দ্বিতীয় শতকপর্যন্ত)
অন্বয়মুখে বঙ্গানুবাদ।
সপ্তম শতক

১১। শতশঃ (শত শত) বিধর্মাঃ (বিধর্মের) সন্তু (উদয় বা আচরণ হউক), সর্বে সদ্ধর্মাঃ (সকল প্রকার সদ্ধর্মের) অস্তু যান্তু (লয় হউক), যদি (তথাপি যদি) বৃন্দাবনং (বৃন্দাবন) অঙ্গীকুরুতে ([আমাকে] আশ্রয় দান করেন), তদা (তাহা হইলে) মম (আমার) কা চিন্তা (চিন্তা কি?)॥

১২। বৃন্দাবিপিনে (বৃন্দাবনে) বাসায় (বাস করিবার জন্য) আশাং বধ্নামি (আশা করিয়াছি [এবং]) যত্নং ~~[illegible]~~ বধ্নামি (যত্নও করিয়াছি, [তবে]) যদি (যদি) মন্দধীঃ (মন্দবুদ্ধি আমি) বহিঃ স্যাং (বহির্মুখ হই), তৎ (তাহা হইলে) কৃপালু (কৃপাময়) বৃন্দাবিপিনং (বৃন্দাবনই) পালয়েৎ (রক্ষা করিবেন)॥

১৩। অনিরুক্ত্যমাধুরীণাং (অনির্বচনীয় মাধুর্যরাশির) পরমধুরীণা (একমাত্র আধার স্বরূপ) শ্রীবৃন্দাবনশোভা (শ্রীবৃন্দাবনের সুষমা) রাধিকাবক্ষোঃ অপি (শ্রীরাধার স্তনেরও)

বর্দ্ধিত লোভা (লোভ বর্দ্ধিত করিয়া) মনঃ
হরতি (চিত্তের আকর্ষণ করে)॥

১৪। বৃন্দাবনং এব (শ্রীবৃন্দাবনই) আনন্দ-
পরসীমা (আনন্দের পরম উৎকর্ষ), সৌভাগ্য-
রসসারস্য চ সীমা (পরম সৌভাগ্যরাশির
পরা কাষ্ঠা), হরিমাধুরিমান্ত্যসীমা
(শ্রীকৃষ্ণের মাধুর্যরাশির চরম সীমা [এবং])
সেব্যগুণসীমা (সেবনীয় গুণসমূহের
অবধিস্বরূপ)॥

১৫। শাস্ত্রাণি বিচারিতানি (শাস্ত্রসমূহের বিচার
করিয়াছি), গুরবঃ পর্যুপাসিতাঃ (গুরু-
সেবাও যথেষ্ট করিয়াছি), ভূয়ঃ
(কিন্তু) স্বয়ং সমীক্ষিতং (স্বয়ং এই সিদ্ধান্তেই
উপনীত হইয়াছি যে), পরং (একমাত্র)
বৃন্দাবনং (বৃন্দাবনই) সারং (সার বস্তু)॥

১৬। সখে (হে সখে! [তুমি]) কিমর্থং (কেন)
কর্ম্মজল্পিতৈঃ (বৃথা বাক্যালাপদ্বারা) সখেদঃ
ভবসি (আয়াসগ্রস্ত হইতেছ? [পরন্তু]) বৃন্দা-
বনগুণান্ এব (বৃন্দাবনের গুণরাশিরই)

শৃণু উপদিশ গায় চ (শ্রবণ, উপদেশ ও কীর্তন
কর)॥

১৭। [হে সখে! তুমি] লোকধর্মৈঃ (লোকগত ও
ধর্মগত) বৃথা চিন্তাসহস্রৈঃ (নিষ্ফল চিন্তাসমূহ-
দ্বারা) কিং তাম্যসি (ক্লান্ত হইতেছ কেন?),
শ্রীমদ্‌ বৃন্দাবনে (শ্রীবৃন্দাবনে) ইমং দেহং
(এই দেহ) ন্যস্য (অর্পণ করিয়া) সুখী ভব
(সুখী হও)॥

১৮। তব (তোমার) কস্য অপি (কাহারও) সঙ্গত্যা
অলং (সংসর্গের প্রয়োজন নাই, [কিম্বা])
শাস্ত্রকর্মভিঃ (শাস্ত্রোক্ত কর্মসমূহেরও) অলং
(আবশ্যক নাই, [কারণ]) বৃন্দারণ্যতৃণম্মন্যঃ
(যিনি নিজকে বৃন্দাবনের তৃণ জ্ঞান করেন, এইরূপ)
ধন্যঃ (ধন্য পুরুষ) কিঞ্চিৎ ন আচরেৎ
(অন্য কোন কর্মেরই আচরণ করেন না)॥

১৯। চেৎ (যদি) বৃন্দাবনে (বৃন্দাবন লাভের ~~[illegible]~~)
অকপটা আশা অস্তি (অকপট আশা থাকে,
~~[আশা হইলে]~~ তবে) স্ত্রীক্ষণে চেৎ লালসা
(স্ত্রী লোকের দর্শনে লালসা হইলে)

সপদি (তৎক্ষণাৎ) নেত্রে (নেত্রদ্বয়) উৎপাটয়ত (উৎপাটিত কর), চেৎ (যদি) বহিঃ যিযাসা স্যাৎ (অন্যত্র গমনের ইচ্ছা হয়, তবে) পাদৌ (পদযুগলকে) শিলয়া (শিলাদ্বারা) সংচূর্ণয়ত (চূর্ণ বিচূর্ণ কর), বলিভিঃ চেৎ (আর যদি বলবান্ ব্যক্তিগণ) দেহঃ বদ্ধ্বা (দেহকে বন্ধন করিয়া) বহিঃ (বৃন্দাবনের বহির্দেশে) নেতুং আরভ্যতে (লইয়া যাইতে আরম্ভ করে, [তবে দেহ]) সদ্যঃ (তৎক্ষণাৎ) প্রাণান্ ত্যজতু (প্রাণ ত্যাগ করুক)॥

২০। যঃ (যে ব্যক্তি) গুরুতল্পকোটিগমনং কুর্যাৎ (কোটি গুরুপত্নী গমন করেন), বিপ্রার্বুদং হন্যাৎ (অর্বুদ ব্রহ্মহত্যা করেন), স্বর্ণং চ অপি হরেৎ (সুবর্ণ হরণ করেন), মদিরাং চ পিবেৎ (মদ্য পান করেন), তাদৃশৈঃ সংসর্গবান্ (উক্ত জাতীয় ব্যক্তিগণের সংসর্গ করেন [এবং]) অন্যৎ চ দোষবাদ্যঘচয়ং কুর্বীত (দোষবাদি অন্যান্য পাপসমূহের ও আচরণ করেন), সঃ অপি (তাদৃশ ব্যক্তিও) আসৃতি (মরণপর্যন্ত)

শ্রীবৃন্দাবনবাস-নিশ্চয়-সুনির্ধারী (শ্রীবৃন্দাবন-বাসের দৃঢ় নিশ্চয় করিলে) মহাধার্মিক: (পরম ধার্মিকরূপেই গণ্য হ'ন)॥

২৭। [যে ব্যক্তি] অসকৃৎ (নিরন্তর) সকলাধর্মৈ: নিগীর্ণ: (সর্বপ্রকার অধর্মগ্রস্ত হইয়া) চাণ্ডালৈ: অপি ধিক্‌কৃত: (চণ্ডালগণের নিকট হইতেও ধিক্কার প্রাপ্ত হয় [এবং]) কুচরিতাৎ (অসদাচার হেতু) ম্লেচ্ছৈ: অপি ন্যক্‌কৃত: (ম্লেচ্ছগণেরও তিরস্কারভাগী হইয়া) ধর্মাখ্যাং অপি ন এব বেত্তি (ধর্মের নামও অবগত হয়না), ~~[ঐরূপ ব্যক্তিও]~~ চেৎ (যদি) নিগোরু-বৃন্দাবনং (বৃন্দাবন) অতুচ্ছ উজ্জ্বলয়া কৃপয়া (স্বীয় অবারিত করুণা [এবং]) ক্ষান্ত্যা চ (ক্ষমা-বলতঃ [তাদৃশ ব্যক্তিকেও]) স্বস্মিন্ (নিজের মধ্যে) আমৃতি (মরণ-পর্যন্ত) বসতিং দদাতি (বাস করিবার অধিকার দান করেন, [তাহা হইলে]) ক: ~~(আর কোন্ ব্যক্তি)~~ তৎসম: (তাঁহার ন্যায়) ধন্য: ~~অস্তি~~ (ধন্য পুরুষ) ক: অস্তি (আর কে আছে?)॥

বৃন্দাটবি (হে বৃন্দাটবি!)

২২। ধর্মাধর্মাবিবেকশূন্যং (আমি ধর্মাধর্ম বিচারশূন্য), সদা (সর্বদা) অসতাং গোষ্ঠীষু (দুষ্ট দলের সংসর্গে) সক্তং (আসক্ত), কামক্রোধমদাদিভি: (কাম, ক্রোধ ও মদ প্রভৃতি) প্রতিপদং (অনুক্ষণ) বলাৎ ([আমাকে] বলপূর্বক) নিষ্পিষ্যমানং (নিষ্পেষিত করিতেছে), এবং আমি নৈকদ্বন্দ্বতিতিক্ষং (আমি কোনরূপ দ্বন্দ্ব দুঃখ কিঞ্চিন্মাত্রও সহ্য করিতে পারি না, [এ অবস্থায়]) মাং (আমাকে) চেৎ (যদি) ত্বং (তুমি) জননী ইব (মাতার ন্যায়) ক্ষময়া (ক্ষমার সহিত) সৎকৃপৌদার্যাৎ (পরম উদার করুণাবশত:) রক্ষসি (রক্ষা কর), তদা (তাহা হইলে) নন্দামি (আনন্দ লাভ করিব)।।

২৩। [আমি] বৃন্দাকাননে (বৃন্দাবনে) রাধিকাকৃষ্ণ-নিত্যোন্মদ-মদনবিনোদ-ব্যঞ্জি-কুঞ্জাবলীষু (শ্রীরাধাকৃষ্ণের চির উদ্দাম কন্দর্পলীলার প্রকটনকারী কুঞ্জসমূহে) প্রতিপদং (অনুক্ষণ) অতিভাবোদ্ভিন্ন-রোমাশ্রুধার: (অতিশয় ভাবাবেশে অশ্রুপুলকাকুল হইয়া) অহনি নিশি চ

(দিবারাত্র) সঞ্চরামি (বিচরণ করিব), ইদং
অপি (এইরূপ [সৌভাগ্যও]) ভবিতা কিং
(হইবে কি?)॥

২৪। কদা বা (কবেই বা [আমি]) কালিন্দীপুলিন-
নবকুঞ্জেষু (যমুনার তীরবর্তী নবীন কুঞ্জ-
সমূহে) অতুলহরিনীলাভ্রবপুষা (অতুলনীয়
ইন্দ্রনীলমণিময় মেঘমালার ন্যায় দেহধারী)
কেন অপি (কোন এক) কিশোরেণ (কিশোরের
সহিত) সদা (সর্বদা) অত্যুচ্চৈঃ মধুর-
পরিপাট্যা (অতি সুমধুর পরিপাটী অনুসারে)
খেলৎ (ক্রীড়ারত) কৈশোরক-সহজং
(নিত্য কৈশোরশালী), উন্মাদি-মদনং (কন্দর্প-
মদমত্ত), কনকোজ্জ্বলং (তপ্তকাঞ্চনবর্ণ
উজ্জ্বল) জ্যোতিঃ (জ্যোতির্ময় তত্ত্বকে) হৃদি
(হৃদয়ে) ভজে (সেবা অর্থাৎ ধ্যান করিব?)॥

২৫। অদ্বৈতব্রহ্মসজ্জ্যোতিষি (অদ্বৈত ব্রহ্মরূপ উত্তম
জ্যোতির্ময় তত্ত্বের অভ্যন্তরে) ঐশং মহানন্দ-
সজ্জ্যোতিঃ (পরমানন্দময় ঐশ উত্তম জ্যোতিঃ)
জয়তি (বিরাজমান), তস্মিন্ (তন্মধ্যে)

একং স্বাদৈকরত্যাত্মক-মধুর মহাজ্যোতি:
(অদ্বিতীয় আস্বাদ্য রতিপ্রধান মধুর মহাজ্যোতি:)
চকাস্তি (দেদীপ্যমান রহিয়াছে), ইহ (তন্মধ্যে)
তদ্ঘনং (উহারই ঘনস্বরূপ) শ্রীমদ্-বৃন্দাবনং
(শ্রীবৃন্দাবন বিরাজমান), তৎ অধি (তন্মধ্যে)
শ্যামলেন (শ্রীকৃষ্ণের সহিত) নিত্যক্রীড়াকিশোরী
(নিত্য কৈশোর ক্রীড়ারতা) রাধা (শ্রীরাধা)
অস্তি (বিরাজ করিতেছেন, [হে মনে! তুমি])
মধুরতমং তৎপদদ্বন্দ্বরোচি: (তদীয় মধুরতর
শ্রীচরণকান্তি) স্মর (ধ্যান কর)॥

২৬। ২৬-৩০। উরুভিদাশ্চর্যবর্ণাকৃতি-~~[illegible]~~ স্রগ্-বস্ত্রালঙ্কার-
তত্তদ্রসললিতকলাপার চাতুর্যবৃন্দে (বিভিন্ন
আশ্চর্য বর্ণ, আকৃতি, মাল্য, বস্ত্র, অলঙ্কার,
নানাবিধ রসময় ললিত কলাসমূহের অসীম
চাতুর্য-সম্পন্না), সর্বাশ্চর্যাতিনূত্নোত্তম বয়সি
(অভিনব সর্বাশ্চর্যময় নবীন কৈশোর দশায়
বিরাজমানা), মহাশ্চর্য লাবণ্যলক্ষ্যে
(অতিবিচিত্র লাবণ্যময়ী), ~~শ্রীকৃষ্ণ~~ শ্রীরাধাকৃষ্ণ-
সেবানুসন্তুর-সততোৎফুল্ল বল্গুস্মিতাস্যে

(শ্রীরাধাকৃষ্ণের নিরন্তর সেবাজনিত সুখহেতু
মুখমণ্ডলে মনোরম মৃদুহাস্যশোভিতা),
~~এতৎসুখনে~~ এতৎ সুধনে (মহাঘন জ্যোতির্ময়ী),
তদ্দাসীবৃন্দে (শ্রীরাধার সেবিকাগনের মধ্যে),
দিব্যকৈশোরক-লালিত-নবস্বর্ন বল্লী-মনোজ্ঞাং
(যাহা দিব্য কৈশোর দশার উদয়ে মনোরমা
নবীনা স্বর্নলতার ন্যায় রমনীয়া), আনীল-স্নিগ্ধ-
বেনীকৃত-চিকুরশিখা-লোল সদ্রত্ন গুচ্ছাং
(যাঁহার সুনীল স্নিগ্ধ বেনীবদ্ধ কেশরাশির
অগ্রভাগে চঞ্চল রত্নগুচ্ছ শোভা পাইতেছে),
শ্রীমন্নাসাপুটোদ্যৎ কনক মনি-সমাসক্ত-দিব্যৈক-
মুক্তাং (যাঁহার সুরম্য নাসিকার অগ্রভাগে
স্বর্ন ও মনি দ্বারা আবদ্ধ একটি মুক্তাফল
বিরাজমান রহিয়াছে), সম্পূর্ন স্বর্নচন্দ্র ছবি-
মুখকমলামোদ-মাধুর্য-ধারাং (যাঁহার
সুবর্নময় পূর্ন চন্দ্রাকৃতি মুখকমলে সৌরভ ও
মাধুর্যের ধারা প্রবাহিত হইতেছে), সংবীত-
স্বর্ন পদ্মা-দ্ভুত-মুকুল-মনোহারি-বক্ষোজযুগ্মাং
(যাঁহার স্তনযুগল সুবর্নময় বিচিত্র কমলের

মুকুলদ্বয়ের ন্যায় মনোহর), অত্যন্তক্ষীনমধ্যমাং
(যাঁহার দেহমধ্যভাগ অতিশয় কৃশ), নবপুষ্কল-
মহাসুন্দরশ্রীনিতম্বাং (যাঁহার নবক্ষীত
নিতম্বভাগ পরম সুন্দর), কাঞ্চীমঞ্জীরহারা-
বলি-বলয়ঘটা-হেমকেয়ূররম্যাং (যিনি চন্দ্রহার,
নূপুর, হার, বলয় ও সুবর্নময় কেয়ূর দ্বারা
বিভূষিতা), শিরসি ([যিনি] মস্তকের
উপরে) দিব্যং (দিব্য) সূক্ষ্মং (সূক্ষ্ম) নিচোলং
(নিচোল [এবং]) কটিতটে (কটিতলে)
চিত্রশাটীং (বিচিত্র বসন) দধানাং (পরিধান
করিয়াছেন), একৈকাঙ্গচ্ছটাচ্ছাদিত-সকল-
দিশাং (যিনি এক একটি অঙ্গের দীপ্তিদ্বারাই
নিখিল দিঙমণ্ডল উদ্ভাসিত করেন), দিব্য-
তাটঙ্ক কর্নাং (যাঁহার কর্নযুগলে মনোরম
তাড়ঙ্ক শোভা পায়), কর্নোর্দ্ধে চ (কর্ন-
যুগলের উপরিভাগে [যিনি]) অতিচিত্রো-
জ্জ্বল-কনকময়ং (অতিবিচিত্র উজ্জ্বল সুবর্নময়)
কর্নপূরং (কর্নপূর) বহন্তীং (ধারন করেন),
উন্মীলদ্‌যৌবনশ্রীমধুর-মদ-মহাশ্চর্য-লাবন্য-

~~লাস্যাং~~ লাস্যাং (যাঁহার ~~মধ্যে~~ মধ্যে যৌবন-শোভা, মধুর মত্ততা ও পরম আশ্চর্য লাবণ্য-রাশি লীলা করিতেছে), রাধাকৃষ্ণানুরাগাত্যবশ-সপুলকোদশ্রু গৌরাঙ্গবল্লীং (যাঁহার গৌরবর্ণ অঙ্গলতা শ্রীরাধাকৃষ্ণের ~~অতিশয়~~ ~~প্রতি~~ অনুরাগে অতিশয় বিহ্বল হইয়া পুলক ও অশ্রুধারায় পরিব্যাপ্ত হইয়াছে), সকলকলা-পারগাং (যিনি সকল কলাবিদ্যায় পারদর্শিনী), নর্মনির্মিতাত্যাশ্চর্য চাতুর্যতির্ষিত-নিজ প্রাণ-সর্বস্বযুগ্মাং (যিনি নর্মরচিত ~~অত্যন্ত~~ পরম আশ্চর্য চাতুর্যদ্বারা স্বীয় প্রাণের সর্বস্বস্বরূপ যুগলমূর্তির পরম আনন্দ উৎপাদন করেন [এবং]) স্বানন্দৈক সারাম্বুধি রস মুড়িতাং (যিনি স্বপ্রকাশ আনন্দময় পরম রসসমুদ্রে নিমগ্না রহিয়াছেন, [তুমি এইরূপে]) স্বাং মূর্তিং (নিজ মূর্তিটিকে) নিত্যং (সর্বদা) সর্বাবস্থাসু (সকল অবস্থায়) ঘোরঘোরা-পদাং আকালেঽপি (এমন কি অতিঘোর বিপত্তিদশায়ও) স্মর (চিন্তা করিবে),

হন্ত (অহো!) ইহ (এই বৃন্দাবনে) দেহগেহাদিকে
(দেহ ও গৃহাদির প্রতি) তে (তোমার) অহংমম-
কৃতি: ন অস্তু (যেন অহঙ্কার বা মমতার
উদয় না হয়)॥

৩১। প্রিয় (হে সখে!) যদি (যদি [তুমি]) পরপ্রেমোল্লসৎ-
সুন্দরানন্দস্যন্দ-মহাপ্রকর্ষচরমাশ্চর্যসীমাং (পরম
প্রেমোল্লাসশালী সুরম্য আনন্দরাশির অত্যুৎকর্ষের
বিচিত্র সীমাস্বরূপ), নির্মলাং (বিশুদ্ধ) আদ্যাং
রতিং (মুখ্যা রতি) ইচ্ছসি (লাভ করিতে ইচ্ছা কর),
তদা (তাহা হইলে) তৎ (সেই) সর্বাত্মভাবেন (একান্ত অনুরাগ-
সহকারে) শ্রীবৃন্দাবনং এব (শ্রী বৃন্দাবনেরই) সংশ্রয়
(শরণাগত হও), যৎ (যেহেতু) তত্র এব (তথায়ই)
শুদ্ধপ্রেমরসং (বিশুদ্ধ প্রেমরসময়) কিশোর-
মিথুনং (কিশোরযুগল) ব্যক্তং (প্রকট রহিয়াছেন)॥

৩২। [তুমি] সদা (সর্বদা) ভর্ৎসন তাড়নাদিষু (ভর্ৎসনা
বা তাড়নাদিতেও) হাসং কুর্বন্ (হাস্য করিয়া),
~~বিষাদং ন হি কুর্বন্ (যেন কদাপি বিষণ্ণ না হইয়া)~~
গ্রাসস্য (ভোজ্য দ্রব্যের) অনুপাপ্তৌ অপি
(অভাবেও) বিষাদং ন হি কুর্বন্ (বিষণ্ণ না হইয়া)

অস্মিন্ লোকে (লোকসমাজে) অতিমুগ্ধার্ভবৎ (অতি সরলমতি শিশুর ন্যায় ব্যবহার করিয়া), নৈষ্কিঞ্চন্যসমাধিনঃ (সকল বিষয়ে বীতস্পৃহ হইয়া) কর্হিচিৎ (কখনও) নিজগুণান্ (নিজের গুণ) অপ্রথয়ন্ (প্রচার না করিয়া) চিদ্বপুষঃ সর্বান্ (এবং চিন্ময়বিগ্রহধারী সর্বপদার্থকে) প্রণয়তঃ (প্রীতিভরে) নমন্ (প্রণাম করিয়া) বৃন্দাবনে (বৃন্দাবনে) সেবস্ব (সেবারত হও)।।

৩৩। অন্তর্দৃষ্টান্তুপায়োজ্ঝিত-বিমলসদানন্দসাম্রাজ্যসান্দ্র-স্বাদিষ্ঠজ্যোতিঃ (অতুলনীয় বিশুদ্ধ আনন্দ সাম্রাজ্যের মনোরম প্রগাঢ় জ্যোতির অভ্যন্তরে) আদ্যপ্রণয়রসমহাব্ধ্যুত্থিতদ্বীপমধ্যে (সর্বোত্তম প্রণয়রসময় মহাসমুদ্র জাত দ্বীপমধ্যে) প্রতিনব-সুষমামাধুরীণাং ধুরীণা (নিত্য নূতন মাধুর্যময়ী সুষমা রাশির আধার রূপে) শ্রীমদ্বৃন্দাটবী (শ্রীবৃন্দাবন ধাম) অত্যুচ্চৈঃ দীপ্যতীতি (অতিশয় দেদীপ্যমান রহিয়াছেন), তাং অধিবস ([তুমি] তথায় বাস কর [এবং]) গৌরনীলে

(গৌর ও নীল) জ্যোতিষী (জ্যোতির্দ্বয়ের) ভজ চ
(ভজন কর)।।

৩৪। [যাঁহারা] কদা অপি (কখনও) ক্বচিৎ ন গতং
(স্থানান্তর আশ্রয় করেননা, [কিম্বা]) কুতশ্চিৎ
অপি (স্থানান্তর হইতে) ন চ আগতং (আবির্ভূত
হননা), সদা নবযৌবনং (যাঁহারা নিত্যনবযৌবন-
শালী [এবং]) সদা (সর্বদাই) স্মররসৈকমগ্নং
(কন্দর্পরসে নিমগ্ন হইয়াছেন, [যাঁহারা])
অসদৃশার্ঘিকৈঃ (অসমোর্দ্ধ) গুণৈঃ (গুণরাশিদ্বারা)
মধুরিমান্ত্যসীমাগতং (মাধুর্যের পরাকাষ্ঠা লাভ
করিয়াছেন, [এইরূপ]) হিরণ্যমরিনীলরুক্
(সুবর্ণ ও মরকতমণির ন্যায় দীপ্তিশালী) মিথুনং
(বিগ্রহযুগল) বৃন্দাবনে (বৃন্দাবনে) আস্তি
(নিত্যকাল প্রকট রহিয়াছেন)।।

৩৫। বনসীমনি (শ্রীবৃন্দাবনে) অনঙ্গরসসীমনি
(কন্দর্পরসের পরমসীমা), প্রণয়মাধুরীসীমনি
(প্রণয়মাধুর্যের পরকাষ্ঠা), স্ফুরত্তরুণিমা-
ঙ্কুর দ্যুতি-সুরূপতাসীমনি (স্ফুটনোন্মুখ
নবীন কৈশোরজাত দীপ্তি ও সৌন্দর্যের সীমা),

মহো দ্রুত-স্মর বিলাস-বৈদগ্ধ্যয়োঃ সুসীমনি
[এবং]
(পরম বিচিত্র কন্দর্প-বিলাস ও বৈদগ্ধী সমূহের
উত্তম সীমাস্বরূপ) ক্বচিৎ অমি (কোন ও অপূর্ব)
দ্বয়ে ধামনি (বিগ্রহ যুগলের প্রতি) মনঃ অস্তু
(আমার চিত্ত নিবিষ্ট হউক)॥

৩৬। অহো (অহো!) রাধামাধবমুগ্ধমন্মথকলা-
সর্বস্বকোষং (যাহা শ্রীরাধাকৃষ্ণের মনোরম
কন্দর্পকলারূপ সর্বসম্পদের একমাত্র আধার),
সমস্তার্থানাং কৃতমোষং (যাহা অপর পুরুষার্থ-
সমূহের অপহরনকারী), ত্রয়ীমৌলিষু
(উপনিষদ্ সমূহে) অদ্ভুত মহোদ্ঘোষং (যাঁহার
বিচিত্র কীর্তিরাবি উদ্ঘোষিত হইয়াছে),
সর্ব-স্বাশ্রিত পোষনব্রতং (যিনি আশ্রিত গনের
রক্ষন-ব্রত), উপেত্যাশেষ দোষক্ষমা শীলং
~~(যিনি সর্বদোষবিযুক্ত ক্ষমা ও সৌন্দর্য বহন
করেন [এবং]) প্রেমরসৈক তোষনং (একম~~
(যিনি শরনাগত গনের সর্ব দোষ ক্ষমা করিয়া)
প্রেমরসৈক তোষনং (একমাত্র প্রেমরসের
আস্বাদন করাইয়া থাকেন, [এইরূপ])

বৃন্দাবনং (শ্রীবৃন্দাবন) কাশতি (ধরাতলে
বিরাজ করিতেছেন)॥

৩৭। অহো (অহো!) যত্র এব (যাঁহার মধ্যে) অখিল-
কার্যকারণকথা অপি (অখিলসৃষ্টিবিষয়ক
কারণ-পর্যালোচনা) অত্যন্তং (একান্তভাবে)
অস্তং গতা (লয় প্রাপ্ত হইয়াছে, অর্থাৎ যেখানে
সর্ববিধ পদার্থই নিত্যরূপে বিরাজমান),
যত্র (যেখানে) চিদানন্দাত্মকং (চিদানন্দময়)
আত্মপ্রভ বৈভবং চ (স্বপ্রকাশ বৈভবও)
ন ভাতি (নিষ্প্রভ হইয়াছে [এবং যাহা])
মাধুর্যসারৈঃ (পরমমধুর) কৃষ্ণপ্রেমরসাত্ম-
সর্ববিভবৈঃ (কৃষ্ণপ্রেমরসাত্মক সর্ববিধ
বৈভবরাশিদ্বারা) যুতং (পরিপূর্ণ রহিয়াছেন),
শ্রীবৃন্দাবননাম (শ্রীবৃন্দাবননামক) তৎ ইদং
(তাদৃশ এই) ধাম (ধামই) সর্বোপরি
(সর্বোপরি) বর্ততি (বিরাজমান রহিয়াছেন)॥

৩৮। সকলং (এই নিখিল) চিদাচিৎ দ্বৈতং (চিৎ ও
অচিৎ দ্বৈতপ্রপঞ্চ) যদ্ভাসা (যাঁহার দীপ্তি-
দ্বারা) বিভাতি (প্রকাশ পাইতেছে),

যদত্যদ্ভুত প্রেমানন্দ-মহারসৈকজলধেঃ (যাঁহার
অত্যদ্ভুত প্রেমানন্দময় অদ্বিতীয় মহারসসিন্ধুর)
বিপ্রোঃ লবেন (বিন্দুমাত্রের অংশসংস্পর্শে)
প্রিয়ং ([জাগতিক বস্তু] প্রীতিদায়ক হয়),
সকলং (সকল পদার্থ) যৎসত্তাং অনু
(যাঁহার সত্তাযোগে) সত্ত্বযোগি (সত্তাশালী
হয় [এবং]) অখিলং (বিশ্ব ব্রহ্মাণ্ড)
যন্মাধুরী বৈভবাশ্চর্যানাং (যাঁহার বিচিত্র
মাধুর্যসম্পদের) অণুমাত্রপাত্রং (অণুমাত্র
লাভ করিয়াই মধুররূপে প্রতীয়মান হইতেছে),
তৎ (সেই) বৃন্দাবনং (শ্রীবৃন্দাবনের) নুমঃ
(বন্দনা করি) ॥

৩৭। [যাঁহারা] আশ্চর্যানন্তশক্ত্যাশ্রিতপদকমল-
ছায়য়া (অনন্ত আশ্চর্য শক্তিসমূহের আধার-
স্বরূপ পাদপদ্মের ছায়া [এবং]) আশ্চর্য-
লীলামাধুর্যৌঘৈঃ (বিচিত্র লীলামাধুরীরাশি-
দ্বারা) সমপ্লাবিত-নিজমহাভাবনির্ভিন্ন-
সেতু (স্বীয় মহাভাবের মর্যাদা বিধ্বস্ত ও
প্লাবিত করেন, [এইরূপ]) গৌরশ্যামং

(গৌর ও শ্যামবর্ণ) দিব্যং (দিব্য) কিশোর-
দ্বয়ং (কিশোরযুগল) যত্র (যেখানে)
অতিমধুরানঙ্গরঙ্গেণ (পরমমধুর কন্দর্পলীলা-
সহকারে) অনাদ্যন্তকালং নয়তি (অনাদি
অনন্ত কাল বিরাজমান), সা (সেই) বৃন্দাটবী
(শ্রীবৃন্দাবন) মে (আমাকে) শরণদা অস্তু
(আশ্রয় দান করুন)॥

৪০। ভগবন্নামমাত্রপ্রতাপাৎ (ভগবানের নামপ্রভাবেই)
রাগদ্বেষাদি অনর্থং (রাগ দ্বেষ প্রভৃতি অনর্থ-
সমূহ) জহি জহি (পরিত্যাগ করিবে),
অথ (অনন্তর) দেহাদি (দেহ প্রভৃতি) সকলং
দ্বৈতং (দ্বৈত প্রপঞ্চের) বিস্মারয় (বিস্মরণ
ঘটাইবে), তুর্যতেজঃ (ব্রহ্মাত্মক জ্যোতির)
স্ফোরয়েৎ (আবির্ভাব করাইবে), অথ
(অনন্তর) তৎ বিস্মার্য (তদ্বিষয়ে বিস্মৃতি
উৎপাদনপূর্বক) মধুরমহঃ (মধুর জ্যোতিঃ)
সন্দর্শয় (দর্শন করিবে [এবং]) অস্য
তদ্রহসি (উহার নিভৃত ভাগে) অদ্ভুতং
বৃন্দাবনং চ (বিচিত্র বৃন্দাবন ধাম) আবিষ্কৃত্য

(আবিষ্কার করিয়া) অস্য (অনন্তর) মে (আমাকে) গৌরনীলৌ (গৌর ও নীলবর্ণ) নাগরৌ (নাগরযুগল) উপনয় (উপহার দান করিবে)॥

৪৭। অসৌ আত্মা ([আমার] চিত্ত) ইন্দ্রিয়ৈঃ (ইন্দ্রিয়গণের সহিত) বীভৎসে (ভয়ঙ্কর) বিষয়ে (বিষয়সমূহের প্রতি) নিরঙ্কুশং (অবাধে) ধাবতি (ধাবিত হইতেছে), অত্যন্ধঃ তথা অপি উন্মদঃ (পরন্তু অতিশয় মোহান্ধ ও উন্মত্ত হইয়া) ক্ব অপি (কোথায়ও) সুখস্য গন্ধং অপি (সুখের লেশমাত্রও) ন আপ্নোতি (লাভ করিতেছে না), শ্রুতিদ্বন্দ্বং (কর্ণযুগল) গুরুশাস্ত্রমিত্রবচনেষু (গুরুবর্গ, শাস্ত্রসমূহ ও মিত্রগণের বাক্যে) আশ্চর্যং বাধির্যং এতি (আশ্চর্যরূপে বধিরতা অবলম্বন করিতেছে), মন্দমতিঃ (মন্দবুদ্ধি [আমি]) কদা নু (কবেই বা) বৃন্দাটবীং (বৃন্দাবনের) শরণং বিন্দামি (আশ্রয় গ্রহণ করিব?)॥

৪২। যস্য (যাহার) আদি-মধ্যান্তিমং (আদি, মধ্য ও অন্তিম দশা) ঘোরতরৈঃ (ঘোরতর) দুঃখৈঃ (দুঃখরাশিদ্বারা) ধ্রুবং (নিয়তভাবে) পরিবৃতং (আচ্ছন্ন রহিয়াছে), যঃ (যাহা) অত্যন্তাশু বিনশ্বরঃ (অতিশীঘ্র বিনাশশীল [এবং]) যত্র (যাহাতে) বিট্‌শূকরাঃ অপি (বিষ্ঠাভোজী শূকরগণও) অতিনিরতাঃ (একান্ত আসক্ত রহিয়াছে), দ্বারৈঃ ([যাহার] দ্বারসমূহদ্বারা) অবিরলং (নিরন্তর) বিণ্মূত্রাদি মলং (বিষ্ঠা মূত্র প্রভৃতি মল) স্রবতি (ক্ষরিত হয়, ইহা) মুহুঃ (সর্বদাই) বীক্ষ্যতে (দেখা যাইতেছে), বৃন্দাটবি! (হে বৃন্দাবন!) কুবিষয়ে (কুবিষয়ে) তাদৃগ্‌ভোগমহাস্পৃহং (ঐরূপ হীন ভোগ্যবস্তুর ভোগবিষয়ে একান্ত আসক্তচিত্ত) মাং (মাদৃশ ব্যক্তিকে) ত্রাহি (রক্ষা কর)॥

৪৩। যদি (যদি) মাদৃশঃ জনঃ (মাদৃশ ব্যক্তি) বৃন্দাবনস্য (বৃন্দাবনের প্রতি) প্রেম্না (অনুরাগহেতু) সর্বধর্মান্ ত্যজতি (সর্বপ্রকার

ধর্ম কর্ম পরিত্যাগ করে), যদি তু (যদি)
দুর্নিবারেন্দ্রিয়ৌঘ: (দুর্দান্ত ইন্দ্রিয়গণ)
ভগবত: (ভগবদ্ বিষয়ে) অপরাধান্ এব
(অপরাধ সমূহেরই) নির্মাতি (সৃষ্টি করে
[এবং]) যদি (যদি) তেন (সেই হেতু)
বাসবিঘ্ন: (বৃন্দাবন বাসের বিঘ্ন) স্যাৎ
(উপস্থিত হয়), ভবতু তরাং (তবে তাহাই
হউক, [পরন্তু]) কৃষ্ণস্য প্রেমসীম
(শ্রীকৃষ্ণের পরম প্রেমের পরাকাষ্ঠাস্বরূপ)
শ্রীমদ্ বৃন্দাবনং (শ্রীবৃন্দাবন) যত্র কুত্র
(যে কোন অবস্থায়ই) নিজ কৃপয়া (স্বীয়
কৃপাবলে) মাং (আমাকে) ন অবিতা
কিমু (রক্ষা করিবেন না কি?)॥

৪৪। কোচিৎ (কেহ কেহ) অনুদিনং (নিরন্তর)
বিষ্ণো: (বিষ্ণুর) ভজনং কুর্বন্তি (ভজন
করেন), কেচন (কেহ কেহ) ধ্যানযোগাদি
(ধ্যান যোগ প্রভৃতির অনুষ্ঠান করেন),
অন্যে (কেহ কেহ) কর্মাণি (যাগাদি কর্মের
আচরণ করিতেছেন, [আবার]) কোচিৎ

(অপর লোকসমূহ) নিত্যং (সর্বদা) ধন-সুত-বনিতাদ্যেষু (স্ত্রী, পুত্র ও বিত্তাদিতে) সজান্তি (আসক্ত হয়, [পরন্তু]) অহং (আমি) শ্রীরাধাকৃষ্ণ নিত্যোন্মদ-সুরত কলা-রঙ্গিতোদার কুঞ্জে (শ্রীরাধা-কৃষ্ণের উন্মাদ রতিবিলাসে সুশোভিত উত্তম কুঞ্জের প্রতি) একান্তেন প্রেমভাা (প্রবল অনুরাগহেতু) বৃন্দাবিপিনং (বৃন্দাবনে) অধিবসন্ (বাস করিয়া) তেষু কঃ (তাদৃশ ব্যক্তিগণের মধ্যে নিজের স্বরূপ) ন জানে (অবগত নহি)॥

৪৫। নিস্ত্রৈগুণ্যং (গুণত্রয়ের অতীত), আনন্দসান্দ্রং (প্রগাঢ় আনন্দময়), কিমপি জ্যোতিঃ (কোনও বিচিত্র জ্যোতিঃ) অস্তি (বিরাজমান রহিয়াছে), তস্য (তাহার) অন্তঃ (অতি নিভৃত প্রদেশে) প্রণয়বিভবং (প্রণয়সমৃদ্ধ) কাষ্ণং জ্যোতিঃ (কৃষ্ণ সম্বন্ধী জ্যোতিঃ) আভাতি (দেদীপ্যমান), তস্য অপি অন্তঃ (তাঁহারও অভ্যন্তরে) মধুরমধুরং (পরমমধুর) জ্যোতিঃ অস্তি

(জ্যোতি: প্রকাশ পাইতেছেন), অত্র (ইহাদের মধ্যে) বৃন্দাবনাং (শ্রীবৃন্দাবন অধীশ্বর), তস্মিন্ (সেই শ্রীবৃন্দাবনে) রসখনী (রসের আকরস্বরূপ) গৌরনীলৌ (গৌর ও নীলবর্ণ) কিশোরৌ (কিশোর যুগলের) ভজ (সেবা কর)॥

৪৮। অহং (আমি) নিন্দ্যাত্মোচিতনিন্দনে (নিন্দনীয় আত্মায় যথোচিত নিন্দা ঘটিলেও) মনাক্ (কিঞ্চিন্মাত্র) ন হি ম্লান: (বিষণ্ণ না হইয়া), অপরাধ্যাত্মন: (অপরাধী আত্মার) দণ্ডে (দণ্ড লাভ হইলেও) অকাকুপর: (কাতর বাক্য উচ্চারণ না করিয়া), পরে অবজ্ঞানতি (অপর কেহ অবজ্ঞা করিলেও) স্বং (নিজকে) অধমং স্থিরং মত্বা (নিশ্চিতরূপেই অধম জ্ঞান করিয়া), সদা (সর্বদা) অখিলজনস্য (সকল লোকের) অনুগ্রহার্থী (অনুগ্রহ প্রার্থনা করিয়া) দুর্গতবৎ (অতি দীনজনের ন্যায়) দূরাৎ (দূরে) স্থিত: (অবস্থানপূর্বক) শ্বশৃগালবৎ হীন: (শৃগাল কুকুরের ন্যায় হীনভাবে) সুখঘনে (ঘনানন্দস্বরূপ) বৃন্দাবনে (শ্রীবৃন্দাবনে) স্থাস্যামি (বাস করিব)॥

৪৭। [আমি] অত্র (এই স্থানে) ঘোরাং আপদং (ঘোরতর বিপদ্‌কে) সম্পদং ইব (সম্পদের ন্যায়), অবজ্ঞাং চ (অবজ্ঞাকে) সম্মানবৎ (সম্মানের ন্যায়), নিন্দাং (নিন্দাবাদকে) সংস্তুববৎ (স্তুতির ন্যায়), রিপূন্ (শত্রুগণকে) সখীন্ ইব (মিত্রবর্গের ন্যায়), নৈঃস্বং (দারিদ্র্যকে) মহাবিভূতিবৎ (পরম ঐশ্বর্যের ন্যায় [এবং]) মাৎসর্যাণি (মাৎসর্যসমূহকে) সুমিত্রতাং ইব (পরম মৈত্রীর ন্যায়) হৃদা গৃহ্ণন্ (হৃদয়ে বিচার করিয়া) মহাদুর্লভ-শ্রীরাধামুরলীধরাঙ্ঘ্রিরসদে (শ্রীরাধাকৃষ্ণের পাদপদ্মবিষয়ক পরমদুর্লভ রসদায়ক) বৃন্দাবনে (শ্রীবৃন্দাবনে) স্থাতা অস্মি (অবস্থান করিব)।।

৪৮। মূর্ধা ([আমার] মস্তক) সততং (সর্বদা) শ্রীবৃন্দাবনবন্দনায় (শ্রীবৃন্দাবনের প্রণতির জন্য) বদ্ধাদরঃ অস্তু (একান্ত আগ্রহযুক্ত হউক), কিংবা (কিংবা) সততং (সর্বদা) তৎসদ্‌গুণোৎকীর্তনে (তদীয় সদ্‌গুণরাশির

উচ্চ কীর্তনে) বিহ্বলতাং (বিহ্বল ভাব) ধৈদ্ধু (ধারণ করুক), হস্তৌ (করযুগল) তন্নবকুঙ্কুমার্জনবিধৌ (তদীয় নবীন কুঙ্কুমধূমের পরিমার্জন), পাদৌ চ (পদদ্বয়) তত্র অটনে (তন্মধ্যে পরিভ্রমণ), শ্রোত্রে (কর্ণদ্বয়) তন্মহিমশ্রুতৌ (তদীয় মাহাত্ম্য শ্রবণ), দৃশৌ (নয়নযুগল) দৃষ্টি (তাঁহার দর্শন [এবং]) মনঃ (চিত্ত) নিত্যং (সর্বদা) স্মৃতৌ (তাঁহারই স্মরণ ব্যাপারে) স্তাৎ (নিরত হউক)॥

৪৭। সমস্তসুভগাদ্ভুতং (যাহা সমস্ত সৌভাগ্যরাশির উদয়হেতু অদ্ভুত), সকলমঙ্গলাদ্ভুতং (সর্বপ্রকার মঙ্গলের আবির্ভাবহেতু অতি অদ্ভুত), চিদাত্মসকলোজ্জ্বলাদ্ভুতং (চিন্ময় নিখিল উজ্জ্বল বস্তুর সমাবেশে অদ্ভুত), অশেষরম্যাদ্ভুতং (অশেষ রমণীয় বস্তুদ্বারা অদ্ভুত), সকলবরদাদ্ভুতং (নিখিল বরদায়ক বস্তুর অধিষ্ঠানবশতঃ অদ্ভুত), সকলকৃষ্ণধামাদ্ভুতং (শ্রীকৃষ্ণের নিখিল ধামসমূহের মধ্যে অদ্ভুত [এবং]) অখিলাদ্ভুতং (সর্বপ্রকার অদ্ভুত

পদার্থের আশ্রয়), তৎ এতৎ (তাদৃশ এই)
বৃন্দাবনং (শ্রীবৃন্দাবন ধামকে) রসেন ভজ
(প্রীতিসহকারে সেবা কর)॥

৫০। [যাহা] প্রণয়মাধুরীধারয়া (মধুর প্রেম-
প্রবাহিনী) কালিন্দসুতয়া (যমুনার দ্বারা)
যুতং (সুশোভিত হইয়াছেন), প্রবৃদ্ধ-
সুখচন্দ্রিকা-জলধি-ফুল্লবল্লীদ্রুমং (যেস্থানে
তরুলতারাজি অপরিমিত সুখময় জ্যোৎস্না-
রাশিতে উদ্ভাসিত হইতেছে), কপোত-শুক-
শারিকা-পিক-ময়ূরকালঙ্কৃতং (যাহা কপোত,
শুক, শারী, কোকিল ও ময়ূরগণের দ্বারা
অলঙ্কৃত হইয়া) ভ্রমদ্ভ্রমরঝঙ্কৃতং (ভ্রমন-
শীল ভ্রমরগণের গুঞ্জনে মুখরিত, [সেই])
বৃন্দাবনং ধাম (শ্রীবৃন্দাবন ধাম) জয়তি
(স্বীয় উৎকর্ষ বিস্তার করিতেছেন)॥

৫১। [যাহা] মহামাধুর্যানাং (মহামাধুরীরাশির)
পরমসারেণ (উত্তম সারাংশদ্বারাই) ঘটিতৈঃ
ইব (বিরচিত প্রায়), প্রেম্নাং
পরিণামৈঃ ইব [এবং প্রেমেরই পরিণতি-
সদৃশ), মহাজ্যোৎস্নারূপৈঃ (মহাজ্যোতির্ময়),

পরম-পরমানন্দ সুখনৈঃ (অতিশয় আনন্দঘন-
বিগ্রহ), নবনবাশ্চর্য কুসুমাদ্যুপেতৈঃ (নিত্য-
নিত্য নূতন বিচিত্র পুষ্পাদি সমৃদ্ধ) শাখীন্দ্রৈঃ
(তরুরাজি দ্বারা [পরিব্যাপ্ত ও তাদৃশ]) সুভগ-
বৃন্দাবনবনং (মনোরম শ্রীবৃন্দাবনকে)
স্মর (ধ্যান কর)॥

৫২। বৃন্দাবনান্তর্গতং (শ্রীবৃন্দাবনের অভ্যন্তরে)
চিদ্ঘন ময়ঃ (ঘন জ্যোতির্ময়
চৈতন্যস্বরূপ) স্থাস্নু চরিষ্ণু (স্থাবর জঙ্গম-
পদার্থমাত্রই) সদা (সর্বদা) চেতঃ (চিত্তকে)
কৃষ্ণপ্রেমরসং (কৃষ্ণপ্রেমরসের) রসয়তে
(আস্বাদন করাইতেছে), তব (তোমার)
রূপং অপি (স্বরূপও) ঈদৃশং (এইরূপ
চৈতন্যময়), চেৎ (যদি) এবং (ঈদৃশ
স্বরূপের) ন হি ভাতি (স্ফূর্তি না হয়, [তবে])
সদ্গুরুমুখাৎ শ্রুত্বা (সদ্গুরুর মুখ হইতে
উহা শ্রবণ করিয়া) সদা (সর্বদা) চিন্তয়ন্
(ধ্যান করিতে করিতে) আদেহান্তং (দেহাবসান-
পর্যন্ত) ইহ (বৃন্দাবনেই) আবস

(অবস্থান কর, [তাহা হইলে]) অতিসত্বরং (অতিসত্বরই) স্বং রসং (স্বীয় রসের) স্বাদয়িতাসে (আস্বাদনে সমর্থ হইবে)॥

৫৩। নিরস্তত্রৈগুণ্যং (যাহা গুণত্রয়ের অতীত), হরিরসদপুণ্যং (যাহা শ্রীকৃষ্ণপ্রেম প্রদানহেতু পরম পবিত্র), বিমলপরমানন্দঘনং (যাহা বিশুদ্ধ পরমানন্দের ঘনস্বরূপ হইয়াও) স্বকৃপয়া (স্বীয় করুণাবশতঃ) ধরণ্যন্তঃ (ধরাতলে) ভাতং (প্রকাশিত [এবং যিনি]) বহদতুলমাধুর্য-সুষমা-মহাবন্যং (অতুলনীয় মাধুর্য ও সুষমার অনুপম বন্যা ধারণ করেন, [তাদৃশ]) ইদং (এই) বৃন্দাবনং (শ্রীবৃন্দাবনকে) ত্রিজগতাং মহামান্যঃ (ত্রিলোকের পরম পূজ্য) ধন্যঃ (ধন্য পুরুষই) শ্রয়তি (আশ্রয় করেন)॥

৫৪। সান্দ্রানন্দাম্বুধিমধ্যে (প্রগাঢ় আনন্দসিন্ধুর মধ্যভাগে) রসময়ং (পরম মনোরম) একং (একটি) চিন্মণিদ্বীপং (চিন্ময় মণিদ্বীপ) লসতি (বিরাজমান), তদন্তঃ (তাহারই অভ্যন্তরে) পূরুচমৎকারি (অতি চমৎকারজনক) বৈচিত্র্যধাম (বিচিত্রতার আধারস্বরূপ) বৃন্দাবনং

(শ্রীবৃন্দাবন) স্ফুরতি (প্রকট রহিয়াছেন),
সখে (হে সখে! [তুমি]) একান্তরক্ত্যা (একান্ত
অনুরাগসহকারে) তত্র এব (তাঁহারই মধ্যে)
নিবস (বাস কর), ননু ক্ব অপি (পরন্তু
কোন বিষয়েই) খেদং ন কুর্যাঃ (বিষাদ
প্রকাশ করিও না, [যেহেতু]) বেদান্তানাং
সুদূরং (উপনিষৎ সমূহেরও সুদূরবর্তী [এবং])
হরিজনালভ্যং অপি (বিষ্ণুভক্তগণেরও দুর্লভ)
কিমপি (কোন পরম বস্তুর) অত্র লভ্যং
(লাভ এখানেই হইয়া থাকে)॥

৫৫। [যাঁহারা] অতুদ্বেল-স্মরজলনিধী (উত্তাল-
তরঙ্গময় কামসিন্ধুরূপে আত্মপ্রকাশপূর্বক),
~~[illegible]~~ পরমপ্রেমসৎশালিবৃন্দৈঃ (পরমপ্রীতি-
শালিনী হৃষ্টচিত্তা সখীগণকর্তৃক) বপুষি
ন্যস্তং (দেহমধ্যে বিন্যস্ত) মাল্যহারাম্বরাদি
(মাল্য, হার ও বস্ত্রাদিকে) মিথঃ উরুমদাৎ
(পরস্পর প্রবল মদভরে) ত্রোটং ত্রোটং
(বারম্বার বিচ্ছিন্ন করিয়া) মুহুঃ (বারম্বার)
তাঃ হাসয়ন্তৌ (সখীগণের হাস্য সঞ্চার

করিতেছেন, [তুমি]) বৃন্দাবনে (বৃন্দাবনে)
রতিকলানাগরৌ (রতিকলায় সুনিপুণ) তৌ
(সেই) কিশোরৌ (কিশোরযুগলের) স্মর
(ধ্যান কর)॥

৫৮
৫৯। [হে সখে! তুমি] উচ্চাবচাবিগণিত-ব্রহ্মাণ্ডাবলি-
মণ্ডিতাং (উচ্চ নীচ অগণিত ব্রহ্মাণ্ডরাজি দ্বারা
বিভূষিতা), জড়দুঃখানৃতাত্মিকাং (জাড্য,
দুঃখ ও মিথ্যারূপা) ত্রিগুণাং (ত্রিগুণময়ী)
প্রকৃতিং (প্রকৃতিকে) তীর্ত্বা (অতিক্রম করিয়া),
অপারাবারাবিস্তারং (অনন্ত বিস্তারশালী)
স্বপ্রকাশমহাস্বচ্ছজ্যোতীরূপং (স্বপ্রকাশ পরম-
বিশুদ্ধ জ্যোতির্ময়) আনন্দসাগরং (আনন্দ-
সিন্ধুস্বরূপ), চৈতন্যমাত্রনির্ভাসি (চিন্মাত্রাত্মক),
নিস্তরঙ্গং (অচঞ্চল), নিরাকুলং (নির্বিকার),
নিরস্তাজ্ঞানতৎকার্যং (অজ্ঞান ও তৎকার্যসমূহের
বিনাশক) পরং ব্রহ্ম ইতি (পরম ব্রহ্মসংজ্ঞায়)
যৎ বিদুঃ (অবগত) পরং পদং (পরম পদ
[দর্শনপূর্বক]) তদন্তঃ (তন্মধ্যে) চর্বনীয়-
মহানন্দসান্দ্রাব্ধিং (পরম আস্বাদনীয় প্রগাঢ়

আনন্দাম্বুধিস্বরূপ), পরমাশ্চর্যং (অতিবিচিত্র)
অতিনির্মলং (অতিবিশুদ্ধ) ঐশং জ্যোতি:
(ঐশ্বরিক জ্যোতির) বিচিন্তয় (ধ্যান করিবে)॥

৬০। মহাসুবিস্তীর্ণতমং (অতিশয় সুবিস্তৃত), মহোজ্জ্বল-
তমং (পরম সমুজ্জ্বল), ঘনীভাবৈ: লোকাদিভি:
(ঘনীভূত লোকাদিদ্বারা) মহিতং (বিভূষিত),
পরং মহৎ অদ্ভুতং (অতিবিচিত্র পরমরূপে
বিরাজমান)॥

৬১। তদন্তরে (তন্মধ্যে) তত: অপি (তদপেক্ষাও)
অত্যাশ্চর্যং (পরম আশ্চর্য), মহাস্বচ্ছতমং (অতি-
সুনির্মল), পারাবারবিবর্জিতং (অনন্ত অপার)
কার্ষ্ণং জ্যোতি: (কৃষ্ণসম্বন্ধী জ্যোতির) অনুস্মর
(ধ্যান কর)॥

৬২। [তাহা] মহাদীপ্তং (পরম উজ্জ্বল), মহারম্যং
(অতিমনোরম), মহামোহনং (অতিশয় মনো-
মুগ্ধকর), অদ্ভুতং (অতিবিচিত্র), মহাপ্রেমাতি-
সৌন্দর্যং (পরম প্রেমময়, অতিসুন্দর),
মহানন্দরসোৎসবং ([এবং] পরম আনন্দ-
রসের উৎসবসমৃদ্ধ)॥

৬৩। ততঃ (তাঁহারও) দূরান্তরে (অতি অভ্যন্তরে) সর্বাশ্চর্যোচ্চতাবধি (সর্ববিধ আশ্চর্যের পরাকাষ্ঠাস্বরূপ), সর্বোজ্জ্বলাতি-সুমহোজ্জ্বলং (সর্ববিধ উজ্জ্বল পদার্থ অপেক্ষাও পরম উজ্জ্বল [এবং]) সর্বোত্তমোত্তমং (সর্বপ্রকার উত্তম পদার্থ অপেক্ষাও অত্যুত্তম) জ্যোতিঃ (জ্যোতিঃ [বিরাজমান])॥

৬৪। [উহা] সমস্তনৈর্মল্যসীমান্তঃ (পরম বিশুদ্ধির পরাকাষ্ঠা), পরানন্দ-পরাবধিঃ (পরম আনন্দের পরম সীমা [এবং]) কৃষ্ণপ্রেমরসর্দ্ধীনাং (কৃষ্ণপ্রেমরূপ রস সমৃদ্ধির) চরমঃ পরমোদয়ঃ (পরম উৎকর্ষের চরম সীমাস্বরূপ)॥

৬৫। যৎ (উক্ত জ্যোতিঃ) কামান্যরসমাত্রৈকস্পর্শ-নিত্যবিবর্জিতং (উজ্জ্বলরস ব্যতীত অন্য রসের লেশমাত্রেরও সম্পর্কশূন্য), মহাশুদ্ধ কামবীজ-রাগাত্মাত্যুসমৃদ্ধং ([এবং] পরম বিশুদ্ধ মহা-কামবীজাত্মক অতি সমৃদ্ধ) রসং (রসস্বরূপ)॥

৬৬। তদন্তঃ (তাঁহার অভ্যন্তরে) তদ্ঘনং (তাঁহারই ঘনস্বরূপ), পূর্ণমাধুর্যসাম্রাজ্যং (পরিপূর্ণ মাধুর্যের পরম ভাণ্ডার [এবং])

পূর্ণানন্দচমৎকৃতি (পরিপূর্ণ আনন্দের চমৎকৃতি-
শালী) শ্রীমদ্-বৃন্দাবনং বনং (শ্রীবৃন্দাবন নামক
বন) ভাতি (বিরাজমান)॥

৬৭। পূর্ণাতিপূর্ণমধুরপ্রকাশং (উহা অতিপূর্ণ মধুর-
প্রকাশশালী), পূর্ণমদরসং (পরিপূর্ণ পরম
রসময় [এবং]) সর্বসৌভাগ্যপূর্ণ-দ্রু-লতা-
খগ-মৃগাদিকং (সর্ববিধ সৌভাগ্যসমৃদ্ধ তরু,
লতা, পশু ও পক্ষিগণের দ্বারা পরিপূর্ণ)॥

৬৮। [উহা] প্রেমানন্দরসাত্মভিঃ (প্রেমানন্দরসময়)
বাপী-কূপ-তড়াগাদ্যৈঃ (সরোবর, কূপ ও তড়াগ-
প্রভৃতি [এবং]) চিন্তামণিময়ৈঃ (চিন্তামণিময়)
দিব্যৈঃ (দিব্য) কেলিশৈলৈঃ (ক্রীড়াপর্বত রাজি-
দ্বারা) স্বলঙ্কৃতং (সুশোভিত)॥

৬৯। আনন্দঘনমূর্তিভিঃ (প্রগাঢ় আনন্দরাশির
বিগ্রহস্বরূপ) অসংখ্যফলবদ্ বৃক্ষৈঃ
(অসংখ্য ফলশালী তরুগণের দ্বারা পরিপূর্ণ
[উক্ত শ্রীবৃন্দাবন]) মত্তৈঃ খেলৎখগকুলৈঃ
(ক্রীড়ারত মত্ত বিহঙ্গগণের) কৃতকোলাহলোৎ-
সবং (কোলাহলে উৎসবময় রূপে
বিরাজ করেন)॥

৬৯। দিব্যকাঞ্চন চিদ্‌রত্নস্থলীভিঃ ([উক্ত বৃন্দাবন] দিব্য সুবর্ণ ও চিন্ময় রত্নরাজি দ্বারা সুগঠিত ক্ষেত্রসমূহ), নিত্যোদ্যৎপুষ্প-পল্লবৈঃ ([এবং] নিত্য বিকসিত পুষ্পপল্লব-শালী), জ্যোতির্ময়ৈঃ (জ্যোতির্ময়) লতাবৃক্ষৈঃ (তরুলতারাজির সমাবেশে) অতিভাস্বরং (অতিশয় সমুজ্জ্বল)॥

৭০। আনন্দঘনমূর্তিভিঃ (প্রগাঢ় আনন্দময় বিগ্রহধারী) অসংখ্যফলবদ্‌ বৃক্ষৈঃ (অসংখ্য ফলশালী বৃক্ষগণের দ্বারা পরিপূর্ণ [উক্ত বৃন্দাবনে]) মত্তৈঃ খেলৎখগাকুলৈঃ (ক্রীড়ামত্ত বিহঙ্গগণ) কৃতকোলাহলোৎসবং (কোলাহল উৎসব বিস্তার করিতেছে)॥

৭১। ইতঃ ততঃ (উক্ত বৃন্দাবনের সর্বত্র) মদান্ধালি-চপলা-মধুর-ঝঙ্কৃতং (মদমত্ত ভ্রমরগণের মধুর ঝঙ্কার [উত্থিত হইতেছে এবং]) প্রতিপল্লব-পুষ্পোরুধারস্যন্দি-মরন্দকং (প্রত্যেক পুষ্প ও পল্লব হইতে প্রবল ধারায় মধু ক্ষরিত হইতেছে)॥

৭২। প্রতিদিশং ([উক্ত বৃন্দাবন] নানা দিকে)
প্রোদ্গমদ্ভিঃ (বিস্তৃতিশীল) পরাগপটলৈঃ
(পুষ্পরেণুরাশিদ্বারা) যুক্তং (বিমণ্ডিত হইয়া)
রসপুঞ্জৈঃ ইব (পুঞ্জীভূত রসসদৃশ)
মহাশ্চর্যৈঃ (অতিবিচিত্র) কুঞ্জপুঞ্জৈঃ (কুঞ্জ-
রাজিদ্বারা) অদ্ভুতং (অদ্ভুত রূপে বিরাজ
করিতেছেন)॥

৭৩। স্থলীষু (তাঁহার স্থলভাগসমূহে) যূথশঃ
মত্তময়ূরকৃততাণ্ডবং (মদমত্ত ময়ূরগণ
দলবদ্ধ হইয়া নৃত্য করে [এবং]) রসাল-
মুকুলোন্মত্তকোকিলোদ্গীতপঞ্চমং (আম্র-
মুকুলের আস্বাদনে কোকিলগণ উন্মত্ত হইয়া
পঞ্চমস্বরে গান করে)॥

৭৪-৭৫ প্রফুল্ল দিব্য কহ্লার-কমলোৎপলজাতিভিঃ
(প্রফুল্ল দিব্য কহ্লার, কমল ও উৎপলাদি দ্বারা
শোভিত), হংস-সারস-চক্রাহ্ব-কারণ্ডব-
কুলাকুলৈঃ (হংস, সারস, চক্রবাক ও কারণ্ডব-
নামক জলচর পক্ষিগণের কোলাহলপূর্ণ),
সুস্বচ্ছ-পরানন্দামৃতাম্বুভিঃ (অতিনির্মল

পরমসুমধুরনীরময় জলরাশিদ্বারা পরিপূর্ণ),
মণিসোপান-শোভিতৈঃ (মণিময় সোপানশালী),
~~এবং~~ রত্নবদ্ধতটৈঃ (তীরভাগে রত্নরাজি-
দ্বারা আবদ্ধ) দিব্যৈঃ (দিব্য) সরিৎসরোভিঃ
(নদী ও সরোবর [এবং]) মহানন্দরসপীযূষ-
ধারয়া (পরম আনন্দময় অমৃতধারাবাহিনী),
স্বর্ণরত্নময্যা নেক-দিব্য পদ্মোৎপলাঢ্যয়া
(স্বর্ণ ও রত্নময় বিবিধ দিব্য পদ্ম ও উৎপল-
রাজিদ্বারা সুসমৃদ্ধা), দ্বিজালিকুলসন্নাদ-
দত্তশ্রবণসৌখ্যয়া (পক্ষী ও ভ্রমর-
গণের মনোরম ধ্বনিদ্বারা প্রাণিগণের কর্ণযুগলের
আনন্দদায়িকা), দিব্যকোমল-কর্পূর-পরাগো-
জ্জ্বল বালুকৈঃ (দিব্য সুকোমল কর্পূর পরাগ-
সদৃশ উজ্জ্বল বালুকাপূর্ণ), স্বচ্ছৈঃ (সুনির্মল),
সন্তোষসার বর্ষিভিঃ (পরমসন্তোষদায়ক)
পুলিনৈঃ (পুলিন সমূহ দ্বারা) রম্যয়া
(রমণীয়া) কালিন্দ্যা চ (যমুনা নদীদ্বারা
[উক্ত বৃন্দাবন অতিশয় শোভা ধারণ করিতেছেন
এবং]) তত্র (তন্মধ্যে) অত্যন্তমোহিনী

(অতিমনোহর) কাচিৎ আশ্চর্য্যা (কোন
এক আশ্চর্য কামিনী) কুঞ্জবাটী (কুঞ্জবাটী
[শোভা পাইতেছে]) ॥

৭৯+
৮৮। অত্যাদ্ভুতবৈচিত্র্যা (উহা অতি অদ্ভুত বিচিত্রতা-
যুক্তা [এবং]) শ্রীমদ্‌বৃন্দাবনোজ্জ্বলা (শ্রীবৃন্দা-
বনের উজ্জ্বলতাসম্পাদিকা), যত্রত্যং (উক্ত কুঞ্জ-
বাটীস্থিত) সর্বং (সকল পদার্থই) রসসারৈক-
দীপকং (একমাত্র পরমরসের উদ্দীপক),
আশ্চর্যস্বরূপ [এবং]) কামবীজবিলাসাত্ম-সর্ব-
সার-সুখাকরং (কামবীজের বিলাসাত্মক সর্বোত্তম
সুখের আকরস্বরূপ), যত্র (উক্ত কুঞ্জবাটীতে)
সর্বসুন্দরসুন্দরৌ (সর্বপ্রকার সুন্দর পদার্থ অপেক্ষাও
পরম সুন্দর), সহজাশ্চর্য-কৈশোর বয়ঃশ্রী-বিশ্ব-
মোহনৌ (স্বাভাবিক আশ্চর্য কৈশোর শোভা-
দ্বারা সকলের মোহজনক), মহাবিমলকন্দর্প-
রসোন্মাদনিরন্তরৌ (নিরন্তর অতিবিশুদ্ধ
কন্দর্প-রসের উন্মাদনাযুক্ত), মহাদিব্যতম-
স্নিগ্ধ-গৌর-শ্যামতনুচ্ছবী (অতি দিব্য সুস্নিগ্ধ
গৌর ও শ্যামবর্ণ দেহধারী), একৈকাঙ্গোজ্জ্বল-

স্বচ্ছ ছটৌঘ ছন্ন-দিক্-চয়ৌ (প্রতি অঙ্গে উচ্ছলিত সুনির্মল দীপ্তি রাশি দ্বারা দিঙ্মণ্ডলের আচ্ছাদক), মহামোহন দিব্যাঙ্গ-কান্তি লীনাখিলদ্বয়ৌ (পরম মোহন দিব্য অঙ্গকান্তি রাশির অভ্যন্তরে নিখিল বিশ্বের লয়কারী), লাবণ্য-সার-সর্বস্ব-দিব্যাঙ্গ-বলনাদ্ভুতৌ (লাবণ্যের পরম সর্বস্ব স্বরূপ দিব্য অঙ্গরাজির সুগঠন দ্বারা অদ্ভুত), অসমোর্দ্ধ মহাশ্চর্য-সৌন্দর্য্যাপার বারিধী (অসমোর্দ্ধ পরম আশ্চর্য সৌন্দর্য রাশির অপার সমুদ্র), পরস্পরাত্যমর্যাদ-বর্ধিষ্ণু-প্রেম-সাগরৌ (পরস্পরের প্রতি একান্ত অসীম রূপে প্রেমসাগরের বৃদ্ধিশালী), সদোন্মদানঙ্গ-রস-ঘূর্ণমানাখিলাঙ্গকৌ (সর্বদা সর্ব অঙ্গে প্রবল কন্দর্প রসের ঘূর্ণনযুক্ত), রত্যাবেশ-বশ-ব্যগ্রাত্ম-সর্বাঙ্গোৎপুলকাবলী (রতির আবেশে অবশ ও ঘূর্ণযুক্ত সর্বাঙ্গে পুলক শোভিত), অত্যবিচ্ছিন্ন-প্রোন্মদানঙ্গ-কেলিভিঃ (নিরন্তর উন্মাদ কন্দর্পলীলাসমূহদ্বারা) খেলন্তৌ (ক্রীড়ারত), অন্যোন্যমাহিতানঙ্গ-

ক্রীড়ান্যাস্মালির্মানসৌ (পরস্পরের আদৃত কন্দর্পক্রীড়াব্যতীত অপর বিষয়ে অনাসক্তচিত্ত), পরমাশ্চর্যসঙ্গীত কলোজ্জৃম্ভিতমন্মথৌ (পরম আশ্চর্য সঙ্গীত কলায় কন্দর্পের উল্লাসবর্ধক), ~~অতিবিশুদ্ধানুরা~~ আদ্যে অতিশুদ্ধানুরাগৈক-সমুদ্রে (অতিবিশুদ্ধ অনুরাগময় উত্তম সমুদ্রে) আপ্লুতৌ (নিমগ্ন), পরমাবিদগ্ধ-আত্মৈক-রসসম্পালিকাবলৌ (পরম বিদগ্ধা ও আত্মগতচিত্তা সুরসিকা সখী গণের জীবনস্বরূপ [এবং]) দিব্যসখী ~~গণ~~ প্রজন-লালিতৌ (দিব্য সখীগণের দ্বারা লালিত) শ্রীরাধিকাকৃষ্ণৌ (শ্রীরাধাকৃষ্ণ) নিত্যং (নিরন্তর) বিহরতঃ (বিহার করিতেছেন)॥

৮৬। অস (অনন্তর [তুমি]) সদা (সর্বদা) সুমহা-ভক্তিভাবতঃ (অতিশয় ভক্তিসহকারে) শুদ্ধস্বাদ্য-ভাব-রসাকৃতিঃ (বিশুদ্ধ আস্বাদনীয় পরম-রসের মূর্তিরূপিনী) স্বাত্মেশ্বরী (নিজ ঈশ্বরী) রাধা (শ্রীরাধাকে) অনুস্মর্তাং (অনুক্ষণ ধ্যান করিবে)॥

৯০। [তিনি] সর্বাসাং নূতনাভীরসুন্দরীণাং (নিখিল নবীনা গোপসুন্দরীগণের) শিরোমণিঃ (শিরোমণি [এবং]) সর্বলক্ষণসম্পন্ন-সর্বাবয়ব-সুন্দরী (তাঁহার মনোরম অঙ্গসমুদয় সর্ব-সুলক্ষণযুক্ত)॥

[তিনি]

৯১– ৯২। শোভাশোভনসংমূর্ছনকারিণী (শোভাসহিত সমগ্র জগৎকে মুগ্ধ করিয়া) আশ্চর্যরূপিণী (আশ্চর্য সৌন্দর্য ধারণপূর্বক) নবপ্রান্ত-সৌন্দর্যৌঘৈঃ (মনোরম নবপ্রান্তের কান্তি-রাশিদ্বারা) মোহিনী-পার্বতী-লক্ষ্মী-রত্যাদি-রূপিণীঃ বরাঃ (মোহিনী, পার্বতী, লক্ষ্মী ও রতি প্রভৃতি বরাঙ্গনাগণকেও) অধঃকুর্বতী (পরাভূত করেন), তপ্তকাঞ্চন-গৌরাঙ্গী (তাঁহার অঙ্গকান্তি তপ্তকাঞ্চনের ন্যায় গৌরবর্ণ [এবং তিনি]) সুস্নিগ্ধানন্ত-কান্তিভৃৎ (অতিস্নিগ্ধ অনন্ত কান্তিরাশি ধারণ করিতেছেন)॥

৯৩। দলাদিক্ষুণ্ণলাচ্ছাদি-সুগৌরাঙ্গোচ্ছলচ্ছবিঃ (তাঁহার মনোরম গৌর অঙ্গকান্তির কান্তিপ্রবাহ

নিখিল দিঙ্মণ্ডল আচ্ছন্ন করিয়া উচ্ছলিত
হইতেছে [এবং]) চিদচিদ্দ্বৈতং অমলঃ
(চিৎ অচিৎ দ্বৈত প্রপঞ্চকে নিমজ্জিত করিয়া)
অতুচ্ছলমধুর ছবিঃ (তাঁহার সুমধুর দীপ্তি-
ধারা সর্বত্র বিস্তার লাভ করিতেছে)॥

১৪। মহাপ্রেমরসাম্ভোধি-দ্রুমুনৈকাদ্ভুতচ্ছবিঃ
(তাঁহার অদ্ভুত দীপ্তিরাশি মহাপ্রেমরস-
সমুদ্রের বিলাসশালী [এবং]) শ্রীকৃষ্ণাত্ম-
প্রাণকোটি-নির্মৈক্ষ্যৈক-রসচ্ছবিঃ (তাঁহার
অদ্বিতীয় রসময়ী মূর্তিকে শ্রীকৃষ্ণ নিজ
কোটি প্রাণদ্বারা নির্মঞ্ছন করেন)॥

১৫। স্বয়ং প্রভাচ্ছিদদ্বৈত-সৎপ্রেমৈকরসচ্ছবিঃ
(তাঁহার প্রেমরসময় বিগ্রহ নিজ কান্তিচ্ছায়া
দ্বৈত ভাবের বিলোপ করিতেছেন), আশ্চর্য-
নবকৈশোর-কান্তি-দিব্যতমাকৃতিঃ (এবং তাঁহার
মনোরম আকৃতি আশ্চর্য নবীন কৈশোর-
দশায় প্রকাশ করিতেছেন)॥

১৬। নবলাবণ্য-পীযূষ সিন্ধুকোটি প্রবাহিনী
(তিনি কোটি কোটি নবীন লাবণ্যরূপ অমৃত-

মিশ্রু প্রবাহিত করিয়া) পদে পদে (অনুক্ষণ)
মহাশ্চর্য সৌন্দর্যাশেষ মোহিনী (পরম আশ্চর্য
সৌন্দর্য রাশিদ্বারা সমগ্র জগৎকে মুগ্ধ করেন)॥

৯৭। মহামাধুর্যৌঘরূপ-মোহনাঙ্গোজ্জ্বলচ্ছবি:
(মহামাধুর্য রাশিস্বরূপ তদীয় মনোরম অঙ্গ-
রাজির শোভা সর্বত্র উচ্ছলিত হইতেছে [এবং
তিনি]) মল্লীচম্পক-দামাভি: (মল্লিকা ও
চম্পকমালার সৌরভদ্বারা) ব্যাকুলীকৃত-
ভৃঙ্গালি: (ভ্রমরগণকে ব্যাকুল করিতেছেন)॥

৯৮+ ১০০। [তিনি] শিরোগতাতিসূক্ষ্ম শ্রীনিচোলান্ত-
র্বিলাক্ষিতাং (মস্তকস্থিত অতিসূক্ষ্ম নিচোল
অর্থাৎ প্রচ্ছদপটের অভ্যন্তরে লাক্ষিত),
মূলে (মূলভাগে) বিচিত্রোরুপুষ্পৈ: (বিবিধ
বিচিত্র পুষ্পসমূহদ্বারা) বৃতাং (আচ্ছন্ন),
মধ্যে সুগ্রন্থিতাং (মধ্যভাগে মনোরম
গ্রন্থিযুক্ত), প্রচলদ্‌রত্নগুচ্ছালিপুচ্ছাং
(অগ্রভাগে চঞ্চল রত্নগুচ্ছ রাজিদ্বারা আবদ্ধ),
আপীনশ্রোণীলম্বিনীং (স্থূল নিতম্বভাগ পর্যন্ত
লম্বিত), সুনীলায়ত সুস্নিগ্ধ-সুপীন-

মধুরোজ্জ্বলাং (অতিদীর্ঘ, আয়ত, সুস্নিগ্ধ, অতিমৃদুল, মধুর ও ~~মধু~~ সমুজ্জ্বল), বিশ্ব-বিমোহিনীং (বিশ্বমোহন), চারুবেণীলতাং (মনোরম বেণীটিকে) চাম্পেয়বল্ল্যাঃ (নাগরকেশর লতিকার) পশ্চাদ্ বিলম্বিনীং (পশ্চাদ্ভাগে লম্বমান) পন্নগীং ইব (কৃষ্ণসর্পীর ন্যায়) বিভ্রতী (ধারণ করিতেছেন)।।

১০১। জাম্বুনদময়ানন্ত-পূর্ণচন্দ্রাননচ্ছবিঃ
অনন্তচন্দ্রিকা-স্বর্ণপদ্মকোষমুখচ্ছবিঃ
(তিনি সুবর্ণময় অনন্ত পূর্ণচন্দ্র, ~~অনন্ত~~ [এবং] অনন্তকিরণশালী স্বর্ণময় পদ্মকোষের ন্যায় মুখশোভা প্রকাশ করিতেছেন)।।

সপ্তম শতক সমাপ্ত।

১। উদ্বুদ্ধমুগ্ধকনকাম্ভোজকোষনিভাননা (পূর্বোক্ত শ্রীরাধার মুখমণ্ডল প্রস্ফুটিত মনোরম সুবর্ণ-কমলের কোষসদৃশ [এবং]) পক্বদাড়িম্ববীজাভ-স্ফুরদ্দশনদীধিতিঃ (তাঁহার দন্তকিরণগুলি পক্ব দাড়িম্ব বীজের ন্যায় উজ্জ্বল)॥

২। চারুবিম্বাধরজ্যোতির্বহন্মাধুরিমাম্বুধিঃ (তিনি মনোরম বিম্বাধরের দীপ্তিদ্বারা মাধুর্যসিন্ধুর প্রবাহ ধারণ করিতেছেন [এবং]) সৌন্দর্যসার-চিবুক-শ্যামাবিন্দ্বতিমোহিনী (তাঁহার পরম সুন্দর চিবুকদেশে অতিমনোরম কৃষ্ণবর্ণ একটি বিন্দু শোভা পাইতেছে)॥

৩। সব্রীড়স্মেরচপল-খঞ্জরীটায়তেক্ষণা (তাঁহার বিস্তৃত নয়নযুগল লজ্জাযুক্ত, ঈষৎ হাস্যরত ও চঞ্চল খঞ্জন সদৃশ [এবং তিনি]) ভ্রূবিলাস-বিনির্ধূত-কামকার্মুক-সৌভগা (ভ্রূভঙ্গীদ্বারা কন্দর্পের ধনুকের সৌন্দর্য পরাভূত করিতেছেন)॥

৪। শ্রীমন্নাসাপুটস্বর্ণরত্নোজ্জ্বলমৌক্তিকা (তাঁহার নাসিকার অগ্রভাগে স্বর্ণ ও রত্নসংযুক্ত একটি উজ্জ্বল মুক্তাফল শোভা পাইতেছে [এবং])

সুরত্ন-কর্ণতাটঙ্ক-কর্ণপূর মনোহরা (তাঁহার কর্ণযুগলে রত্নময় কর্ণতাড়ঙ্ক ও কর্ণপূর বিরাজমান রহিয়াছে)॥

৫+
৮॥ নবকাঞ্চনকম্বুশ্রীকণ্ঠনিষ্ক্রমানিজুষ্টা (তপ্তকাঞ্চনময় শঙ্খসদৃশ তদীয় কণ্ঠদেশে পদক ও রত্নের দীপ্তি বিস্তৃতিলাভ করিয়াছে [এবং তিনি]) পরমাশ্চর্য সৌন্দর্য-মহালাবণ্যমণ্ডলং (অতিশয় আশ্চর্য সৌন্দর্য ও মহালাবণ্যময়), মূর্ত-মাধুর্যৈককরসং (মূর্তিমান মধুর রসস্বরূপ), সগ্রীতকঞ্চুকং (কঞ্চুকযুক্ত), পীনবৃত্ত-পৃথূন্নতং (পরিপুষ্ট, সুগোল, বিস্তৃত ও উন্নত), সুজাত-নবকোরক-স্বর্ণকুট্মলযুগলং (মনোরম নবীন স্তনযুগলস্বরূপ সুবর্ণকলিকাযুগলকে) মুহুঃ (সর্বদা) চেলাঞ্চলেন (বস্ত্রাঞ্চলদ্বারা) আবৃণ্বতী (আচ্ছাদিত করিতেছেন [এবং]) রত্নচূড়াবলী-রত্নকেয়ূর প্রসরজ্জ্যোতিঃ (রত্নময়ী চূড়া অর্থাৎ বলয়বিশেষ ও রত্নময় কেয়ূরের দীপ্তিযুক্ত), মহাসুবলিতোজ্জ্বলাং (অতিসুগোল সমুজ্জ্বল) চারুদোর্বল্লীং (মনোরম বাহুযুগল) দধানা

(ধারণ করেন), সুস্নিগ্ধহেমদলবদ্ধ ~~কক্ষ~~ বলিমৎ-পল্লবোদরীং (তাঁহার উদরদেশ সুস্নিগ্ধ সুবর্ণপত্রসদৃশ ও বলিত্রয়দ্বারা বিভূষিত)।।

৯। অত্যন্তচারু সুকৃশ-মধ্যদেশ মনোহরাং (তাঁহার মনোরম মধ্যভাগ অতিসুন্দর ও অতিশয় কৃশ), মহাসৌন্দর্যসারাতিপুষ্ট-নবনিতম্বিনীং ([এবং] নবীন নিতম্বদেশ পরম সৌন্দর্যের পরিপোষক-রূপে লক্ষিত হইতেছে)।।

১০। চিত্রকুঞ্চিত কৌশেয়-মঞ্জুর্য-গুলফ রঞ্জিতাং (তাঁহার পরিহিত বিচিত্র ও কুঞ্চিত কৌশেয় বস্ত্রের দীপ্তিদ্বারা গুলফদেশ পর্যন্ত রঞ্জিত হইতেছে [এবং]) সুহেমকদলীকাণ্ড-স্নিগ্ধোরু-যুগোজ্জ্বলাং (তাঁহার সুস্নিগ্ধ উজ্জ্বল উরু-দ্বয় স্বর্ণময় কদলীকাণ্ডসদৃশ শোভা পাইতেছে)।।

১১। জানুবিম্ব মহাশোভাং (তাঁহার জানুদ্বয়ের শোভা অতিরমণীয়), দিব্যজঙ্ঘামৃণালিনীং (দিব্য জঙ্ঘাদেশ মৃণালসদৃশ [এবং]) চরণাম্বুজ-সৌন্দর্যসংমোহিত-চরাচরাং (পাদপদ্মের সৌন্দর্যদ্বারা চরাচর বিস্ময়মুগ্ধ হয়)।।

সম্পূর্ণ ১৩খানি খাতার মধ্যে খাতা নং (৫)

শ্রীশ্রীবৃন্দাবনমহিমামৃত (দশম শতক পর্যন্ত) এ
অন্বয়মুখে বঙ্গানুবাদ।

অষ্টম শতক

১২। সলীলপদবিন্যাস-মহামোহন-মোহিনীং (তিনি লীলাসমুজ্জ্বলে পদবিন্যাসদ্বারা মহামোহন শ্রীকৃষ্ণকেও মুগ্ধ করেন), কাঞ্চীকলাপ-বলিতাং ([তাঁহার কটিদেশে] চন্দ্রহার সমূহ) ক্বণৎকনকনূপুরাং ([এবং। পদযুগলে] শব্দায়মান স্বর্ণনূপুর বিরাজ করিতেছে)॥

১৩। দিব্যপাদাঙ্গুলীয়াঢ্য-লসদঙ্গুলিপল্লবাং (তাঁহার পল্লবকল্প সুশোভন পদাঙ্গুলিসমূহ মনোরম পদাঙ্গুরীয়কশ্রেণি দ্বারা সুশোভিত), মাণিক্যপাদ-কটকাং (তদীয় পদবলয়সমূহ মাণিক্যনির্মিত [এবং]) ঊরুজঙ্ঘাতিশোভিতাং (তাঁহার ঊরু ও জঙ্ঘাদ্বয় অতি রমণীয়)॥

১৪। রত্নাঙ্গুলীয়শ্রেণিভিঃ (রত্নময় অঙ্গুরীয়কসমূহ-দ্বারা) বিরাজিত-করাঙ্গুলীং (তাঁহার হস্তের অঙ্গুলীশ্রেণি সুশোভিত হইয়াছে [এবং তিনি]) পদে পদে (প্রতিক্ষণে) মহাশোভা-সিন্ধুকোটি-~~কোটি~~-বিমোহিনীং (কোটি কোটি পরমসৌন্দর্য-সাগর শ্রীকৃষ্ণকেও মুগ্ধ করেন), মহাশ্চর্যানন্ত-পার-কেলিবৈদগ্ধ্যবারিধিং (এইরূপে তিনি

পরম আশ্চর্য, অনন্ত ও অপার কেলিবৈদগ্ধ্যের
সিন্ধুরূপে বিরাজ করিতেছেন)॥

১৫। [তিনি] মহাশ্চর্যানঙ্গরসময়ভঙ্গীতরঙ্গিভিঃ
(পরমবিচিত্র কন্দর্পরসময় তরঙ্গভঙ্গীশালী)
সুগৌরসুকুমারাঙ্গৈঃ (অতিগৌর মনোরম অঙ্গ-
রাজিদ্বারা) সকৃষ্ণাল্যাদি-মূর্চ্ছনং (শ্রীকৃষ্ণ ও
সখীপ্রভৃতির মোহ সঞ্চার করেন)॥

১৬। অথ (অনন্তর) বৃন্দাবনেশ্বর্য্যাঃ (বৃন্দাবনেশ্বরী
শ্রীরাধার) রত্ননূপুরশোভিতে (রত্ননূপুর-
শোভিত), শ্রীপাদাম্বুজয়োঃ (শ্রীপাদপদ্মযুগলের)
অতিমধুরোজ্জ্বলে (পরমমধুরোজ্জ্বল) পূর্ণে জ্যোতিষি
(পরিপূর্ণ জ্যোতির প্রতি ~~অভ্যন্তরে~~) ঘনীভাবাত্মিকাঃ
(যাঁহাদের চিত্ত একান্ত অভিনিবিষ্ট রহিয়াছে,
এইরূপ) দাসীযূথকোটীঃ (দাসীগণের
অসংখ্য যূথের) অনুস্মর (স্মরণ কর)॥

১৭। [সেই সকল যূথমধ্যস্থ দাসীগণ] তত্তদ্‌যূথাধি-
নাথাভিঃ (সেই সকল যূথের অধিনায়িকাগণকর্ত্তৃক)
শিক্ষিতাদৃতলালিতাঃ (শিক্ষিত, আদৃত ও
লালিত হইয়া) নানাবিধমহাশ্চর্যকৈশোরশ্রী-

মনোহরা: (বিবিধ পরমাশ্চর্য কৌশলের শোভাদ্বারা সকলের চিত্ত আকৃষ্ট করিতেছেন)॥

১৮। নানাবিধমহাশ্চর্যবস্ত্রালঙ্কারচর্চিতা: (তাঁহারা বিবিধ পরমাশ্চর্য বস্ত্র ও অলঙ্কারে বিভূষিত [এবং]) নানাবিধমহাশ্চর্যবর্ণাকার-বিচিত্রিতা: (বিবিধ পরমাশ্চর্য বর্ণ ও আকৃতিদ্বারা বিচিত্রভাবাপন্ন হইয়াছেন)॥

১৯। নানাবিধমহাশ্চর্য-কলা-নির্মাণপণ্ডিতা: (তাঁহারা নানা প্রকার পরম আশ্চর্য কলারচনায় সুনিপুণ [এবং]) স্বস্বসঙ্গীতবিদ্যাভি: (নিজ নিজ সঙ্গীতবিদ্যাদ্বারা) সন্তোষিত প্রিয়দ্বয়া: (প্রিয়তম শ্রীরাধাকৃষ্ণের সন্তোষজনক)॥

২০-২১। বয়:স্বভাব-প্রোন্মীলমাধুর্যানেকচেষ্টিতা: (তাঁহারা নিজ বয়োধর্মানুযায়ী বিবিধ সুমধুর আচরণ প্রকাশপূর্বক) সহচৈ: এব (স্বাভাবিক) অঙ্গভঙ্গিম-সব্রীড়হসিতাহনূজু বীক্ষিতৈ: (অঙ্গভঙ্গী, সলজ্জ হাস্য ও কুটিল কটাক্ষবর্ষণদ্বারা) সহেশ্বরং (শ্রীকৃষ্ণের সহিত) সকলং (সকল জনকে) স্তম্ভয়ন্তী: (স্তম্ভিত করেন),

তত্র (তাঁহাদের মধ্যে) শ্রীরাধাত্যনুকম্পিতাং (শ্রীরাধার অতি কৃপাভাজন), সৌম্যাং (পরম-রমণীয়া) ~~কাঞ্চিৎ তনুং (কোন একটি মূর্ত্তি [বিরাজ করিতেছেন]~~)॥

~~২১।~~ কাং (কোন এক) চিত্তনুং (চিন্ময়বিগ্রহা দাসী [বিরাজমানা রহিয়াছেন])॥

২২। শ্রীস্বর্য্যাঃ (শ্রীরাধার) ক্ষণং চরণবিচ্ছেদাৎ (শ্রীপাদপদ্মের ক্ষণিক বিচ্ছেদেই) প্রাণহারিণীং (তাঁহার প্রাণবিচ্ছেদ হয় বলিয়া [তিনি]) অহর্নিশং (সর্ব্বদা) পদারবিন্দসংলগ্নতয়া এব (তাঁহার পাদপদ্মে সংলগ্না হইয়াই) স্থিতাং (অবস্থান করেন)॥

২৩। বহুনা কিং (অধিক আর কি বলিব?) স্বকান্তেন (নিজ প্রিয়তমের সহিত) লতাগৃহে (লতাকুঞ্জে) ক্রীড়ন্ত্যা অপি (বিহার-কালেও [শ্রীরাধা তাঁহাকে]) পর্য্যঙ্কাধিষ্ঠাপিতাং বা (পর্য্যঙ্কে আরোহন করাইয়া) বা (অথবা) ক্বচিৎ (কোন সময়ে) বস্ত্রৈঃ (বস্ত্রদ্বারা) আচ্ছাদিতাং (আচ্ছাদিত করিয়া রাখেন)॥

২৪। সুস্নিগ্ধললিত-স্বর্ণসুগৌরীং (তিনি অতিস্নিগ্ধ মনোরম সুবর্ণের ন্যায় গৌরবর্ণা), মধুরচ্ছবিং (সুমধুর কান্তিবিশিষ্টা), কান্ত্যা অনন্তাং (তাঁহার কান্তি), শ্রিয়া অনন্তাং (শ্রী [এবং]) মাধুর্যৈঃ অপি অনন্তকাং (মাধুর্য অপরিসীম)॥

২৫। কঞ্চদদ্ভুতকৈশোরাং ([তাঁহার দেহে] অদ্ভুত কৈশোর দশার বিকাশ হইতেছে), সুজাতমুকুল-স্তনীং (স্তনমুকুলযুগলের নূতন উদ্গম হইয়াছে [এবং]) তারহারাবলী-চারুচিত্র কঞ্চুকধারিণীং (স্তনযুগলের উপরে মুক্তাহার ও বিচিত্র কঞ্চুক শোভা পাইতেছে)॥

২৬। স্নিগ্ধচ্ছবি-কন্দদোঃ কন্দলী-চূড়াঙ্গদাশ্রিয়ং (তদীয় সুস্নিগ্ধ দীপ্তিশালী বাহুযুগলে চূড়া অর্থাৎ বলয়বিশেষ ও কেয়ূরের শোভা [এবং]) চারুশ্রোণীতটক্রীড়ন্মহাবেণীলতোজ্জ্বলাং (মনোরম নিতম্বের প্রান্তভাগে সমুজ্জ্বল বেণীর অগ্রভাগ চঞ্চলভাবে বিরাজ করিতেছে)॥

২৭। অত্যন্ত চারুসুকুল- মধ্যদেশ-মনোহরাং

(তিনি অতিরমনীয় ক্ষীন মধ্যভাগদ্বারা সকলের চিত্ত আকৃষ্ট করিতেছেন [এবং]) দিব্যকুঙ্কিত-কৌশেয়েন (দিব্য কুঙ্কিত কৌশেয় বস্ত্রদ্বারা) আগুল্ফপারি মণ্ডিতাং (তাঁহার গুল্ফ দেশ পর্যন্ত সর্বাঙ্গ বিভূষিত হইয়াছে)॥

২৮। স্বগুচ্ছাঞ্চল শোভিনা (নিজ গুচ্ছ ও অঞ্চলের শোভা-যুক্ত) অতিসূক্ষ্মেন (অতিসূক্ষ্ম) নিচোলেন (অঙ্গাবরন-দ্বারা) অলকান্ত-পারিবৃতাং (তাঁহার অলকরাশির প্রান্তভাগপর্যন্ত আবৃত রহিয়াছে [এবং তিনি]) মুহু: (নিরন্তর) মোহনবীক্ষিতাং (মনোরম দৃষ্টিভঙ্গী বিস্তার করিতেছেন)॥

২৯। সব্রীড় মধুর স্মের-সলীলা পাঙ্গ-বীক্ষনাং (তিনি সলজ্জ মধুর মৃদু হাস্য ও লীলাযুক্ত কটাক্ষপাত করিতেছেন), নানাশ্চর্যকলোদারাং (নানাপ্রকার আশ্চর্য কলাসমূহদ্বারা তাঁহার পরম নৈপুন্য অভিব্যক্ত হইতেছে [এবং]) নানাভঙ্গীময়াকৃতিং (তাঁহার আকৃতি বিবিধ ভঙ্গী প্রকাশ করিতেছে)॥

৩০। রাধাকৃষ্ণ ~~[illegible]~~ মহাপ্রেমোদাক্তি-রোমাঞ্চ ~~ঞ্চ~~ কয়াং

(শ্রীরাধাকৃষ্ণের পরম প্রেমের আবেশে তাঁহার দেহে নিরন্তর পুলকসঞ্চার হইতেছে [এবং তিনি]) শ্রীশ্বরী-শিক্ষিতাশেষ কলা কৌশল শালিনীং (শ্রীরাধার নিকট হইতে সর্বপ্রকার কলাবৈপুণ্য শিক্ষা করিয়াছেন)॥

৩১। শ্রেষ্ঠদ্বন্দ্বপ্রসাদ স্রগ্ বস্ত্র ভূষাদি মোহিনীং (তিনি প্রিয়যুগলের প্রসাদস্বরূপ মাল্য, বস্ত্র ও অলঙ্কারাদি দ্বারা মনোহরবেশে সুসজ্জিত হইয়াছেন [এবং]) মহাবিনয়-সৌশীল্যাদ্যনেকাশ্চর্য সদ্গুণাং (তাঁহার মধ্যে অতিশয় বিনয় ও সুশীলতা প্রভৃতি অদ্ভুত আশ্চর্য সদ্গুনরাশি বিদ্যমান রহিয়াছে)॥

৩২। শ্রীশ্বরী দৃষ্টি বাক্যাদি-সর্বেঙ্গিত-বিচক্ষণাং (~~তিনি~~ শ্রীরাধার দৃষ্টি ও বাক্যাদি ~~[illegible]~~ গত সর্বপ্রকার ইঙ্গিতই তাঁহার বোধগম্য হয়), শ্রীকৃষ্ণদত্ত তাম্বূল চর্বিতাং (শ্রীকৃষ্ণ তাঁহাকে নিজ চর্বিত তাম্বূল প্রদান করেন [এবং]) তত্তদাদৃতাং (শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ উভয়েই তাঁহাকে পরম সমাদর করেন)॥

৩৩। পূর্ণশ্যামাভিসারাঙ্গ ভূষায়াদিভিঃ আশ্রিতাং

(শ্রীরাধার নিভৃতে কৃষ্ণাভিসারকালে তিনি ভৃঙ্গার-প্রভৃতি উপকরণসমূহ বহন করেন [এবং])
রাধা প্রীত্যনুকম্পাদি-প্রবৃদ্ধপ্রেমবিহ্বলাং (শ্রীরাধার প্রীতি ও দয়াদিদ্বারা প্রবল প্রেমের উদয়ে তিনি বিহ্বলভাব ধারণ করেন)॥

৩৪। রাধাপদাব্জসেবান্যস্পৃহা-কালত্রয়োজ্ঝিতাং (শ্রীরাধার পাদপদ্মের সেবাব্যতীত অন্য কোন বিষয়েই কোন কালেই তাঁহার আকাঙ্ক্ষা নাই [এবং তিনি]) সদা (সর্বদা) অপারে রাধাপ্রীতি-সুধাম্ভোধৌ (শ্রীরাধার অপার প্রীতিসুধাসাগরে) ব্রুড়িতাং (নিমগ্না রহিয়াছেন)॥

৩৫। [তিনি] স্বপ্নান্তে অপি (নিদ্রাকালেও) রাধাপদাম্বুজাৎ অন্যৎ (শ্রীরাধার পাদপদ্মব্যতীত অন্য কোন বিষয়ই) ন জানতীং (জানিতে পারেননা [এবং]) রাধাসম্বন্ধ-সংবাদং প্রেম-সিন্ধোর্মিমালিনীং (শ্রীরাধার সম্পর্কমাত্রেই তাঁহার প্রেমসিন্ধুর তরঙ্গরাজি প্রবাহিত হইয়া থাকে)॥

৩৬। কেশাদ্যশেষ-মহাবিস্মাপক-কৈশোররূপিণীং (তাঁহার কৈশোর সৌন্দর্য শ্রীকৃষ্ণের সহিত সকলে

লোকের পরম বিস্ময় উৎপাদন করে [এবং])
ক্ষণে ক্ষণে (মুহুর্মুহু) রসাস্বাদ-প্রোদঞ্চৎপুলকা-
বলীং (প্রেমরসের আস্বাদনে তাঁহার পুলকরাশির
সঞ্চার হইতেছে)॥

৩৭। [তিনি] অপারৈঃ সর্বাঙ্গকান্তিসৌন্দর্যৈঃ
(সর্বাঙ্গের অসীম সুরম্য কান্তিরাশিদ্বারা) সর্ব-
মোহিনীং (সকল লোককে বিমোহিত করেন [এবং])
রাধাকর্মাকুলতয়া (শ্রীরাধার সেবাকার্যে লি
ব্যস্ততাবশতঃ) তত্র তত্র (ইতস্ততঃ) বিচারিণীং
(পরিভ্রমণ করেন)॥

৩৮। [তিনি] সঞ্চারিণীং (সঞ্চরণশীলা),
নবস্তবকিনীং (নবীনস্তবকশালিনী) স্বর্ণলতাং
ইব (স্বর্ণলতিকার ন্যায় শোভা ধারণপূর্বক)
অঙ্গচ্ছটাতরঙ্গৌঘৈঃ (সর্বাঙ্গের দীপ্তিতরঙ্গদ্বারা)
দশ দিশঃ (দশ দিক্) ছাদয়ন্তীং (আচ্ছন্ন
করেন)॥

৩৯-৪০। [তিনি] বিচিত্রাঙ্গচ্ছটাচয়ৈঃ (অঙ্গের বিচিত্র
দীপ্তিরাশিদ্বারা) দিশঃ চিত্রয়ন্তীং ইব (দিঙ্মণ্ডলকে
যেন চিত্রিত করিতেছেন [এবং]) সলীলপদবিন্যাসৈঃ

(পদবিলাসভঙ্গী), মুনূপুর রণৎকৃতৈ: (মনোরম নূপুর ঝঙ্কার [ও]) মধুরৈ: (সুমধুর) কাঞ্চীবলয়-নাদৈ: চ (চন্দ্রহার ও বলয়ের শব্দদ্বারা) বিশ্বমোহিনীং (জগৎ মুগ্ধ করেন), রাধাকৃষ্ণ র~~স্যো~~গো গোষ্ঠী-সুধা-মধুর শীতলাং (শ্রীরাধাকৃষ্ণের অমৃত মধুর বাক্যালাপ-শ্রবণে তিনি অতিশয় তৃপ্তিলাভ করেন)॥

৪১। শ্রীরাধা মুখচন্দ্রানুগলিতৈ: (শ্রীরাধার মুখচন্দ্র হইতে ক্ষরিত), মহামধুরশীতলৈ: (পরম মধুর ও সুশীতল) তত্তদ্ বচন পীযূষৈ: (বিভিন্ন বচনামৃত-দ্বারা) অভিনন্দিতাং (তিনি সর্বতোভাবে আনন্দ-অনুভব করেন)॥

৪২। [তিনি] শ্রুত্বা শ্রুত্বা (বারম্বার [শ্রীরাধার এইসকল বাক্য] শ্রবণ করিয়া) অতিসুখিতাং (অতিশয় সুখ বোধ করেন [এবং]) পুন: (পুনরায়) শ্রবণলালসাং (শ্রবণের জন্য উৎকণ্ঠিতা হ'ন), নিত্যং ([তুমি] সর্বদা) সর্বাবস্থাসু (সকল অবস্থায়) সর্বথা (সকল প্রকারে) এবং এব স্মরেৎ (এইরূপে তাঁহাকে স্মরণ করিবে, [আর]) অস্ফূর্তিত: (যদি চিত্তে

তাদৃশ মূর্তির স্ফুরণ না হয়, তাহা হইলে) কথমত: আপি (তাঁহার কথা আলোচনা করিয়াও) শ্রীমদ্-বৃন্দাবনে (শ্রীবৃন্দাবনে) বস (বাস করিবে)॥

৪৩। কর্হিচিৎ (কখনও) প্রমাদাৎ অপি (অসাবধানতা-বশতও) অত্যন্তাশুচি-বীভৎস-দেহাদৌ (অত্যন্ত অপবিত্র ও বীভৎস দেহাদি বিষয়ে) অত্যনর্থ-পরম্পরাং (অতিশয় অনর্থ সঞ্চারকারী) দৃষ্টিং ন এব দেহি (দৃষ্টিপাত করিবেনা)॥
অহহ (অহো)

৪৪। বিণ্মূত্রশ্লেষ্মপূয়াদিক-ভরিতং (যাহা বিষ্ঠা, মূত্র, শ্লেষ্মা ও পূয়াদিদ্বারা পরিপূর্ণ), স্নায়ু-মাংসাস্থি-মজ্জা-রক্তাদ্যাত্ম (স্নায়ু, মাংস, অস্থি, মজ্জা ও রক্ত প্রভৃতিই যাহার উপাদান), বহি: ([যাহা] বহির্ভাগে) ত্বচা আচ্ছাদিতং (চর্মদ্বারা আবৃত), স্বার্থনির্মূল কারি (যাহার জন্য সকল স্বার্থের বিনাশ হয় [এবং]) ব্রহ্মাদ্যতার্যং (ব্রহ্মা-প্রভৃতিও যাহা অতিক্রম করিতে পারেননা, [হে সুধীগণ!]) যুবতি: ইতি মতং ('যুবতী' নামে প্রসিদ্ধ), একং (এইরূপ অদ্বিতীয়) স্বীয়সম্মোহ-জালং (নিজ মোহ জালটিকে) দূরেণ ত্যক্ত্বা

(দূরে পরিত্যাগ করিয়া) অতিপরমস্বার্থং
(নিজ পরম স্বার্থস্বরূপ) বৃন্দাবনং (শ্রীবৃন্দাবনকেই)
অদ্ধা (যথার্থরূপে) শ্রয়স্ব (আশ্রয় কর)।।

৪৫। ভোঃ (হে মনে!) যদি (যদি [তুমি]) যোষিতাং
ভাবাবিদ্ধং (রমণীর অনুরাগে বশীভূত) মনঃ
(চিত্তকে) সর্বাত্মার্থৈকরুবিঘ্নং (নিখিল পুরুষার্থের
প্রবল বিঘ্নরূপে) কলয় (জ্ঞান কর, [তাহা
হইলে]) প্রসভং উদয়ভাঞ্জি (বিষয়ের প্রতি
তীব্রবেগে ধাবিত) দুষ্টেন্দ্রিয়াণি (দুষ্ট ইন্দ্রিয়-
বর্গকে) উদ্যদামর্ষদণ্ডৈঃ (ক্রোধরূপ অথবা
অসহিষ্ণুতা রূপ উদ্যত দণ্ডদ্বারা) নিঘ্নন্
(নিবারণপূর্বক) তদ্রূপারাব-ভূষাদিকং অপি
(রমণীর রূপ, শব্দ ও অলঙ্কারাদিকেও)
নিতরাং দূরদূরেণ কুর্বন্ (অতি সুদূরে ত্যাগ
করিয়া) অন্যং (অপর) প্রত্যূহভারং
(অতিলঘু বিঘ্নসমূহকে) তৃণং ইব গণয়ন্
(তৃণবৎ জ্ঞান করিয়া) বৃন্দাবনে (বৃন্দাবনে)
আস্স্ব (বাস কর)।।

~~৪৬। ক: অপি (কোন ব্যক্তিই) ইহ (এ জগতে)~~

৪৬। আত্মারামেশ্বর শ্রীহরিং বিনা (আত্মারামগণের ও অধিপতি শ্রীকৃষ্ণ ব্যতীত) ইহ (এ জগতে) কঃ অপি (অন্য কোন ব্যক্তিই) মায়াং (মায়াকে) ন নিস্তরেৎ (অতিক্রম করিতে সমর্থ হয়না), রামাখ্যা (রমণীনাম্নী) অসৌ যা মায়া (সেই সুপ্রসিদ্ধা মায়া) অতিমায়াদ্যনুহাসিত কটাক্ষাঙ্গ-ভঙ্গাভিরামা (অতিকপট হাস্য, কটাক্ষ ও অঙ্গভঙ্গী দ্বারা মনোরমা [এবং]) কালকূটাৎ অপি (কালকূট অপেক্ষা) বিষমতমা অপি (ভয়ঙ্করী হইলেও) সুধাধারা ইব ভাতি (অমৃতধারার ন্যায় প্রতীত হয়), অতঃ (অতএব [তুমি]) ধারাবৎ কৃষ্ণনাম (ধারাবাহিকরূপে কৃষ্ণনাম) অভিদধৎ (উচ্চারণ করিয়া) শমী (শান্তচিত্তে) ইহ (এই) বৃন্দাবনে (বৃন্দাবনে) তিষ্ঠ (অবস্থান কর)॥

৪৭। বৃন্দারণ্যে (শ্রীবৃন্দাবনে) চেতসঃ (চিত্তের) অদ্ভুতরসময়ী (অদ্ভুতরসাশ্রিতা) কা অপি (কোন এক অবস্থাবিশেষ) পরমান

(অত্যুত্তম) প্রেমানন্দান্ আপি (প্রেমানন্দ-
রাশিকেও) বিন্দুমাত্রীকরোতি (বিন্দুমাত্র-
রূপেই প্রতিপাদন করে), দেবমায়াদ্ধিয়া
অন্ধঃ (শ্রীকৃষ্ণ দৈবী মায়াদ্বারা বিমোহিত
[এবং]) মিথ্যা দুঃখাত্মকবিষয়গৈঃ (দুঃখময়
মিথ্যা বিষয়ের অনুগত) ইন্দ্রিয়ৈঃ (ইন্দ্রিয়-
গণের দ্বারা) বঞ্চিতঃ (প্রতারিত) জনঃ
(সংসারী জীব) তাং (চিত্তের তাদৃশী
অবস্থা) প্রাপ্তুং ন এব প্রভবতি (কোনরূপেই
লাভ করিতে সমর্থ হয় না)।।

৪৮। [যিনি] মধুরমধুরানন্ত কান্তিপ্রবাহৈঃ
(পরম মধুর অসীম কান্তিপ্রবাহদ্বারা) দ্বৈতং
প্রোজ্ঝ্য (দ্বৈত প্রপঞ্চ বিলুপ্ত করিয়া [এবং])
দিব্যরূপাঙ্গভঙ্গৈঃ (মনোরম অঙ্গভঙ্গীদ্বারা)
সেশং (ঈশ্বরের সহিত) অগজ্জগৎ (স্থাবর
জঙ্গম পদার্থমাত্রকে) সংমূর্চ্ছয়ৎ (মূর্চ্ছিত
করিয়া) সব্রীড়োদঞ্চস্মিত-সুমধুরাপাঙ্গদিক্কোষু-
বিক্ষে লাস্যে (সলজ্জ মৃদুহাস্য ও সুমধুর
কটাক্ষরূপ বিক্ষেপ বাণদ্বারা বিদ্ধ শ্রীকৃষ্ণের

বিগ্রহে) নানাজনিতবিকৃতি (বিবিধ বিকার উৎপাদন করেন, [তুমি]) রাধাখ্যং ওজঃ (শ্রীরাধানামক সেই জ্যোতির্ময় বস্তুর) ধ্যায় (ধ্যান কর)॥

৪৯। শ্রী রাধাকৃষ্ণৌ (শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ) নিজকরুণয়া (স্বীয় কৃপাবশতঃ) স্ত্রীরাক্ষস্যাঃ (নারীরূপা রাক্ষসীর) সুবিষমকুলে: (অতিভয়ঙ্কর আচরণ হইতে) মাং (আমাকে) রক্ষতং (রক্ষা করুন), ক্রোধাসূয়া-মদ-পিশুনতা-দম্ভ-লোভানৃতাদেঃ (ক্রোধ, অসূয়া, মদ, পৈশুন্য, দম্ভ, লোভ ও অসত্য প্রভৃতি হইতে) রক্ষতং চ (রক্ষা করুন), বৃন্দাটব্যাঃ (বৃন্দাবনের) বিরহ-ভয়তঃ (বিরহভীতি হইতে) রক্ষতং (রক্ষা করুন [এবং]) সর্বতঃ ন্যূনভাবাৎ (সর্বপ্রকার নীচতা হইতে) রক্ষতং (রক্ষা করুন)॥

৫০। ইহ (এই বৃন্দাবনে) ক্ষুধা দেহত্যাগঃ (ক্ষুধা-জনিত কষ্ট বা দেহত্যাগও) বরং (বরং প্রার্থনীয়, পরন্তু) গৃহস্থৈঃ (গৃহস্থগণের) ন হি মিলামি (সঙ্গ করিবনা), শ্রেয়ঃ প্রাপ্তৌ অপি (কোনরূপ মঙ্গললাভ হইলেও) অনং (অন্নপানের জন্যও)

যুবতিসমীপং (যুবতীগণের নিকটে) ন অয়ে
(গমন করিবনা [এবং]) অখিলনাশে অপি
(সর্বস্ব হানি ঘটিলেও) মনসা অপি (মনের দ্বারাও)
শ্রীবৃন্দাবনং (শ্রীবৃন্দাবন ধাম) ন জহ্যাং (ত্যাগ
করিবনা), অহো (অহো!) ক্ষুদ্রস্য অপি (এই
দীন জনের) ইমাং (এই) ব্যবসিতিং (সঙ্কল্প)
কঃ সফলয়েৎ (কে সফল করিবেন?)॥

৫১। বৃন্দাটবি (হে বৃন্দাবন! [আমি]) যুবত্যাহৃতং
(যুবতী কর্তৃক আকৃষ্ট) হতমনঃ (এই দুষ্ট চিত্তকে)
শাস্ত্রগুরুকোটিভিঃ (অসংখ্য শাস্ত্র ও গুরুজনের
উপদেশ দ্বারা) মনাক্ অপি চ (কিঞ্চিন্মাত্রও) নিরোদ্ধুং
(নিবারণ করিতে) ন উৎসহে (সমর্থ নহি),
লোকনিন্দাশতৈঃ খলু ন (শত শত লোকনিন্দাহেতুও
নিবারণ করিতে পারিতেছিনা), মহানরকদৃষ্টিভিঃ
নহি (দুরন্ত নরক দর্শন দ্বারাও নিবারণ করিতে
পারিতেছিনা), বিপত্তিসৌখ্যৈঃ ন হি

অতঃ (অতএব) ঈদৃশং (ঈদৃশ দুর্গতিপ্রাপ্ত
আমাকে) অবিতাসি কিং (আপনি রক্ষা করিবেন কি?)॥

৫২। হরি হরি (হায়!) যুবত্যাদিবিষয়ঃ (যুবতী-প্রভৃতি ভোগ্য বস্তু) স্বান্তং ([আমার] চিত্তকে) জরীহর্তি (আকৃষ্ট করিতেছে), ভগবতঃ মায়া (ভগবানের মায়াশক্তি)। অতি আক্রম্য তু (প্রবল-বেগে আক্রমণপূর্বক) শিরসি (মস্তকে) নরীনর্তি (নৃত্য করিতেছে), তু (কিন্তু) ইহ (এই) বৃন্দাবন-বনে (শ্রীবৃন্দাবনেই) চিরং (চিরকাল) ~~বরীবর্তি (বাস করিব), ইতি আশা (এইরূপ আশা~~ আশা বরীবর্তি (আশা বাস করিতেছে), ইতি (অতএব) ~~অদ্যে~~ ন জানে (জানি না), রাধায়াঃ (শ্রীরাধার) করুণা (কৃপা) কথমিব চরীকর্তি (কি করিবেন?)।।

৫৩। [হে মন! তুমি] রাত্রিন্দিবং (দিবারাত্র) রাধা-কীর্তিসুধারসেন (শ্রীরাধার কীর্তিসুধারসদ্বারা) রসনা (রসনাকে) পূর্যতা (তৃপ্ত কর), শ্রীবৃন্দা-বিপিনে (শ্রীবৃন্দাবনে) তদীয়পদয়োঃ (শ্রীরাধার পদযুগলের) কৈঙ্কর্যং এব (একনিষ্ঠ দাস্যভাবই) অর্থ্যতাং (প্রার্থনা কর), নববয়োরূপশ্রিয়া (নবীন কৈশোরসুলভ রূপশোভাদ্বারা) স্বর্ণ-ময়ীশিতুঃ (তপ্তকাঞ্চনবর্ণা শ্রীরাধার প্রিয়পতির) ধৈর্যং (ধৈর্য) হার্যতাং (হরণ কর [এবং])

প্রেমাশ্রুপুলকাদি-ভাববিভব ব্যক্ত্যা (প্রেম, অশ্রু ও পুলকাদি ভাবসম্পদের বিকাশ করিয়া) জগৎ (জগৎকে) তার্যতাৎ (উদ্ধার কর)॥

৫৪। সুবিমল-পরভাবমূর্তি (বিশুদ্ধ পরমপ্রেমময়বিগ্রহ), অতিরসবিবশং (একান্ত অনুরাগ-বিহ্বল), দ্রুতনবকাঞ্চন-নীলরত্নরোচিঃ (তপ্তকাঞ্চন ও নীলমণির ন্যায় কান্তিবিশিষ্ট), কিশোরযুগ্মং (কিশোরযুগল) বৃন্দাবিপিন-নিকুঞ্জগৃহোদরে (বৃন্দাবনের কুঞ্জগৃহে) চকাস্তি (বিরাজ করিতেছেন)॥

৫৫। [হে সখে! তুমি] নবরসপুঞ্জনিকুঞ্জ-বাটিকায়াং (নবীন রসসমূহের আধারস্বরূপ কুঞ্জভবনে) একরসাত্মকং (একরসময়), কিশোরং নবনবরতিলোল গৌরনীল-দ্বয়মহঃ (অভিনবরতিচপল, গৌর ও নীলবর্ণ, ~~জ্যোতির্ময়~~ কিশোরভাবাপন্ন জ্যোতির্দ্বয়কে) নিরবধি-(চিরকাল) সৎকলাবলীভিঃ (মনোরম কলা নৈপুণ্য সহকারে) ভজ (সেবা কর)॥

৫৬। ব্রজজনবরবর্ণিনী-বিবর্ণীকৃত মুখ-মোহনাঙ্গ-রোচিঃ (যাঁহার মনোরম অঙ্গকান্তি নিখিল ব্রজসুন্দরীগনের মুখমণ্ডলে মালিন্যের সঞ্চার করে [এবং]) সপতি-রতি-রমাদি-মূর্চ্ছন শ্রীনখ-সুষমা (যাঁহার মনোরম পদনখকান্তি নিজ নিজ পতির সহিত রতি, লক্ষ্মী প্রভৃতি দেবীগনেরও মূর্চ্ছা উৎপাদন করে, [সেই]) রাধিকা (শ্রীরাধা) মম (আমার) হৃদি (হৃদয়ে) অস্তু (বিরাজ করুন)॥

৫৭। বৃন্দাবনং (শ্রীবৃন্দাবন) সর্বাদ্ভুত-সদ্গুণৈঃ (সকল বস্তু সম্বন্ধী অদ্ভুত সদ্গুন রাজিদ্বারা) বিলসিতং (সুশোভিত), সর্বোজ্জ্বলাত্যুজ্জ্বলং (ইহা সর্বপ্রকার উজ্জ্বল পদার্থ অপেক্ষাও অতি উজ্জ্বল), সর্বস্মাৎ (সর্বপ্রকার) মধুরাৎ অপি (মধুর বস্তু অপেক্ষা) অতীব মধুরং (পরম মধুর), সর্বার্থদাত্যর্থদং (সর্বপ্রকার পুরুষার্থপ্রদ বস্তু অপেক্ষাও সমধিক পুরুষার্থদায়ক), সর্বস্মাৎ (সর্বপ্রকার) সুগন্ধ-শীতলতরাৎ (সুগন্ধ ও সুশীল পদার্থ অপেক্ষাও) সদ্গন্ধবৎ শীতলং (সুগন্ধযুক্ত ও সুশীতল),

সর্বানন্দময়াৎ ([এবং] সর্ববিধ আনন্দময় বস্তু অপেক্ষাও) চমৎকৃত-মহানন্দাব্ধি (চমৎকার পরম আনন্দরাশির সমুদ্রস্বরূপ)॥

৫৮। [যাহা] নিত্যানন্দাং (নিত্যানন্দসমৃদ্ধা), নিরবধি বিবর্দ্ধিষ্ণু-দিব্যপ্রভাসাং (যাঁহার দিব্য জ্যোতিঃ নিরন্তর বৃদ্ধিলাভ করিতেছে), প্রতিপদ-মনোহারিনঃ ([যিনি] অনুক্ষণ মনোরম) দিব্যান্ বাসান্ (দিব্য সৌরভরাশি) প্রোদ্গিরন্তীং (বিস্তার করিতেছেন), নিত্যং সু-স্বাস্তিকমুখ-মহাদিব্যসংস্থানবৃন্দাং (যাঁহার মধ্যে নিরন্তর মনোরম স্বস্তিকাদি পরম দিব্য আকৃতিসমূহ বিদ্যমান রহিয়াছে [এবং]) ভাবগম্যাং (একমাত্র প্রীতিহেতুই যাঁহার উপলব্ধি হয়), তাং (সেই) শ্রীমদ্ বৃন্দাবনভুবং (শ্রীবৃন্দাবনভূমিরই) ভজামি (ভজন করি)॥

৫৯। আশ্চর্যাতুলসৌকুমার্যপরমৌ (অতুলনীয় আশ্চর্য পরমসৌন্দর্যশালী), গুণনিধী (সর্বগুণসমৃদ্ধ), শ্রীরাধামুরলীধরৌ (শ্রীরাধাকৃষ্ণ) অত্যন্ত-কৌতূহলাৎ (অতিশয় কৌতুকবশতঃ) সুধা-

সুধাকর-মহামাধুর্যনিস্যন্দিনা (অমৃতাধিক সুমধুর পরমমাধুর্যধারাশালী) শ্রীমৎ-পদাম্ভোরুহ-দ্বন্দ্বেন এব (পাদপদ্মযুগল দ্বারাই) যস্যাং (যাহার মধ্যে) সঞ্চরত: (বিচরণ করেন, [তুমি]) সদা (সর্বদা) তাং (সেই) বৃন্দাবনীয়াবনীং (শ্রীবৃন্দাবনভূমিতে) অধিবস (বাস কর)॥

৬০। মহাচিন্তারত্নপ্রচয়ময়-কূর্পাদিবালিতাং (যাঁহার শ্রেণ্যস্থিত কঙ্কর প্রভৃতিও অত্যুত্তম চিন্তামণিময়), সুকর্পূরক্ষোদৈ: (মনোরম কর্পূর চূর্ণ [ও]) সুকুসুম-পরাগৈ: চ (সুরম্য পুষ্পসমূহের পরাগদ্বারা) নিচিতাং (যাহা পরিব্যাপ্ত রহিয়াছে), বহুলীনাং নির্মূলনকর-সকৃৎ-স্পর্শনলবাং ([এবং] যাঁহাকে একবারমাত্র যৎকিঞ্চিৎ স্পর্শ করিলেই জীবের জন্মাদি দু:খ চিরতরে নিবৃত্ত হয়, [তুমি সেই]) শ্রীবৃন্দাবভুবং (শ্রীবৃন্দাবন ধাম) ইত: (প্রাপ্ত হইয়া) সুখং (অনায়াসে) ভবাব্ধিং (সংসারসিন্ধু) সন্তর (উত্তীর্ণ হও)॥

৬১। মহাজ্যোতীরূপাং (যাহা পরমজ্যোতির্ময়ী), অতিবিমল-নানামণিঘটাচ্ছটাভি: (যেনি অতিস্বচ্ছ

বিবিধ মনিরাজির দীপ্তিদ্বারা) কিমপি (অপূর্ব) বৈচিত্র্যং দধতীং (বৈচিত্র্য ধারন করেন), নিত্য-সুখদাং (যিনি নিত্যসুখ দায়িনী), সমন্তাৎ ([যিনি] সর্বত্র) শ্রীরাধা মধুপতিপদাঙ্কৈ: (শ্রীরাধা ও শ্রীকৃষ্ণের পদচিহ্নরাজিদ্বারা) সুমধুরাং (পরম রমনীয়া [এবং]) অনন্তাদ্ভুতগুনাং (যাঁহার মধ্যে অনন্ত অদ্ভুত গুনরাজি বিরাজমান, [আমরা সেই]) শ্রীবৃন্দাবনভুবং (শ্রীবৃন্দাবন-ভূমির) স্মরাম (ধ্যান করি)॥

৬২। হন্ত (অহো!) শেষাখিলপরমমহাপ্রাজ্ঞে-দুর্জ্ঞান-সর্বাশ্চর্যানন্তপ্রভাবা (যাঁহার সর্বপ্রকার আশ্চর্য অনন্ত প্রভাবসমূহ শেষনাগ ও অন্যান্য নিখিল অতিমহাবিজ্ঞগনেরও দুর্জ্ঞেয়), সহসা ভগবতি উজ্জৃম্ভিতৈকান্তভাবা (যিনি অনায়াসেই জীবগনের একনিষ্ঠ ভগবৎপ্রীতি ~~উদ্রে~~ উদ্বুদ্ধ করেন), স্বতোঽতিভাসমানা (যাহা স্বপ্রকাশস্বরূপা), পরমরসময়ী (যাঁহার স্বরূপ পরমরসময়), তুর্যতুর্যাতিধুর্যা (যাহা পরম ব্রহ্মপদেরও অগ্রগন্যা), এষা (এইরূপ) পরমানন্দবৃন্দা-

বনীয়া ভূঃ (পরমানন্দময়ী বৃন্দাবনভূমি) মাধুর্যৈর্মে: (মাধুর্যরাশি দ্বারা) মে (আমার) মনঃ (হৃদয়কে) রময়তি (আনন্দদান করিতেছেন)॥

৬৩। শ্রীবৃন্দারণ্য (হে শ্রীবৃন্দাবন!) তব (তোমার) শরণং গত্বা (আশ্রয় গ্রহণ করিয়া [আমি]) সংখ্যাত্যপেক্ষা (যশের আকাঙ্ক্ষা) ত্যক্তা (ত্যাগ করিয়াছি), অযশঃ ন গণিতং (নিন্দাবাদকে অগ্রাহ্য করিয়াছি), ধর্মনিষ্ঠা ন আদৃতা (ধর্মনিষ্ঠাকেও আদর করি নাই), বিদ্যাবিনোদাদি (~~জ্ঞান~~ বিদ্যা-চর্চাদি) ত্যক্তং (ত্যাগ করিয়া) অতিতপোজ্ঞানযোগাদি (পরমতপস্যা, জ্ঞান ও যোগ প্রভৃতি) অখিলং (সর্বপ্রকার সাধনের প্রতিই) উপৈক্ষি (উপেক্ষা প্রদর্শন করিয়াছি), গুর্বাদীনাং (গুরুজন প্রভৃতির) বচঃ অপি (বাক্যও) ন শ্রুতং (শ্রবণ করি না), বহুনা কিং (অধিক আর কি?), অথবা দেহঃ ঐক্ষি (এই দেহের প্রতিও দৃষ্টিপাত করি নাই), অয়ং ([অতএব] এই ব্যক্তি) কদাপি (কখনও) ন হি উপেক্ষ্যঃ (তোমার উপেক্ষাযোগ্য নহে)॥

৬৪। শ্রীপ্রেকরসবিগ্রহৌ (পরমপ্রেমবিগ্রহ) রাধা-তদেশ-লঙ্কারৌ (শ্রীরাধাকৃষ্ণ) স্ববনে (শ্রীবৃন্দাবনে) ভক্তিরঙ্কান, (ভক্তিহীন), পঙ্ক্তাঙ্কীন নঃ (মাদৃশ পাপাত্মার প্রতি) পশ্যতঃ অপি কিং (দৃষ্টিপাত করিবেন কি?)॥

~~৬৫। বৃন্দাবনে (বৃন্দাবনে) মহাশ্চর্যাতিমাধুর্যাঃ (পরমাশ্চর্য মাধুর্যশালী) রাধাপদারবিন্দশ্রী মঞ্জু-মঞ্জীরশিঞ্জিতাঃ (শ্রীরাধার পাদপদ্মের মনোরম নূপুর ধ্বনি) নঃ (আমাদের~~

৬৫। বৃন্দাবনে (শ্রীবৃন্দাবনে) মঞ্জুমঞ্জীরশিঞ্জিতা (মনোরম নূপুর ধ্বনিযুক্ত), মহাশ্চর্যাতিমাধুর্যা (পরমাশ্চর্য মাধুর্যশালী) রাধাপদারবিন্দশ্রীঃ (শ্রীরাধার পাদপদ্মের শোভা) নঃ (আমাদের) ধ্যেয়া অস্তু (ধ্যানযোগ্য হউক)॥

৬৬। বীণামৃদঙ্গতালাদিযুক্তৈঃ (বীণা, মৃদঙ্গ ও করতাল-ধারিণী), হাস্য-বিলাসিভিঃ (হাস্য-পরিহাসনিপুণা), উল্লাসিভিঃ (উল্লাসময়ী) প্রিয়সখীমণ্ডলৈঃ (প্রিয়সখীগণ) পরিমণ্ডিতা ~~[illegible]~~ (যাঁহাকে অলঙ্কারাদি দ্বারা অলঙ্কৃত করিয়াছেন, অথবা ঐরূপ সখীগণ চতুর্দিক হইতে যাঁহার শোভা বর্ধন করেন)॥

৬৭। মনোহরৈঃ (মনোরমা) কিঙ্করীবৃন্দৈঃ (দাসীগণ) রত্নভৃঙ্গার-তাম্বূলসম্পুট-ব্যজনাদিভিঃ গৃহীত্বা (রত্নময় ভৃঙ্গার, তাম্বূলাধার ও ব্যজনাদি সঙ্গে লইয়া) অনুযাতা (যাঁহার অনুগমন করেন)।।

৬৮। সমস্তচিদচিদ্‌দ্বৈতপ্রপঞ্চপ্রোঞ্ছচ্ছবিঃ (যাঁহার কান্তি-রাশি নিখিল চিৎ অচিৎ দ্বৈত প্রপঞ্চের প্রকাশ বিলুপ্ত করে), অনন্তমাধুরীপূর্ণা (যিনি অসীম-মাধুর্যসম্পন্না), স্বর্ণবল্লীনিভাকৃতিঃ ([এবং] যাঁহার আকৃতি সুবর্ণলতিকার ন্যায় মনোরম)।।

৬৯-৭০। [যিনি] কৈশোরমাধুরীকান্তিভঙ্গিমাদিচমৎকৃতৈঃ (কৈশোর মাধুর্য, কান্তি ও ভঙ্গী প্রভৃতি দ্বারা চমৎকারিতাসম্পন্ন), উদ্বেলমধুরানঙ্গরসৈকাম্বুধিবাহিভিঃ (উদ্দাম সুমধুর কন্দর্পরসসাগরের প্রবাহশালী), শিরীষপুষ্পমৃদুভিঃ (শিরীষ-কুসুম-সুকুমার), সুস্নিগ্ধ-সুন্দরৈঃ (সুস্নিগ্ধ সুন্দর) অঙ্গৈঃ (অঙ্গসমূহদ্বারা) বৃন্দাবনস্থিরচর-সর্বসত্ত্ব-বিমূর্চ্ছিনী (বৃন্দাবনের স্থাবর জঙ্গম প্রাণিমাত্রকেই সম্মোহিত করেন)।।

৭১। অনেকদিব্যালঙ্কার-দিব্যমাল্যানুলেপনা (যিনি বিবিধ দিব্য অলঙ্কার, মাল্য ও অনুলেপনে বিভূষিতা হইয়া) দিব্যকৌশেয়-কূর্পাস-গুচ্ছাঞ্চল-নিচোলিনী (দিব্য কৌশেয় বস্ত্র, কাঁচুলী ও অঞ্চলে গুচ্ছযুক্ত প্রচ্ছদ বসন ধারণ করিতেছেন)॥

৭২। শ্যামাংসন্যস্তরোমাঞ্চদ্বামশ্রীভুজবল্লরিঃ (যিনি স্বীয় রোমাঞ্চিত বাম বাহুলতা শ্রীকৃষ্ণের স্কন্ধদেশে বিন্যস্ত করিয়া) দক্ষিণশ্রীকরাব্জেন (দক্ষিণ হস্তদ্বারা) লীলাকমলঘূর্ণনী (লীলাপদ্ম সঞ্চালন করিতেছেন)॥

৭৩। কিঙ্করীভিঃ (দাসীগণ) প্রীত্যা (প্রীতিভরে) নিজাঞ্চলৈঃ (নিজ নিজ অঞ্চলদ্বারা) মুহুঃ বীজ্যমানা (বারম্বার যাঁহার অঙ্গে বায়ু সঞ্চালন করেন [এবং]) তাম্বূলং চ (তাম্বূল) ভোজ্যমানা (সেবা করাইতেছেন, [আর যিনি]) স্বয়ং (নিজেও) প্রিয়ং ভোজয়ন্তী (প্রিয়তমকে তাম্বূল ভক্ষণ করাইতেছেন)॥

৭৪। [উক্ত দাসীগণ] ক্বাচিৎ (কখনও বা) প্রেম্না (প্রীতির সহিত [যাঁহাকে]) রত্নভৃঙ্গারসংস্থিতং (রত্নময় ভৃঙ্গারস্থিত), কর্পূরাদিসুবাসিতং

(কর্পূরাদিদ্বারা সুবাসিত), স্বাদু (সুমধুর) শীতলং
(শীতল) অমৃতং (জল) পায়যন্তী (পান করাইতেছেন)।।
~~৭৪~~ ৭৫। [যিনি বৃন্দাবনে] অদ্ভুতং (অদ্ভুত)
রূপং (রূপ) দৃষ্ট্বা দৃষ্ট্বা (দর্শন [এবং]) অদ্ভুতং
(অদ্ভুত) রবং (ধ্বনি) শ্রুত্বা শ্রুত্বা (শ্রবণ করিয়া)
বিস্ময়াৎ (বিস্ময়বশতঃ) নিজনাথং (নিজ
প্রিয়তমের নিকটে) এতৎ কিং ('ইহা কি')
ইতি পৃচ্ছন্তী (এইরূপ জিজ্ঞাসা করেন)।।
৭৬+৭৭। [যিনি] পরমকৌতুকাক্রান্তমানসা
(অতিশয় কৌতুহলযুক্ত চিত্তে) উৎসর্পি-নখচন্দ্র-
চ্ছটৌঘয়া (নখচন্দ্রের দীপ্তিবিস্তারকারী),
রণন্নূপুরয়া ([ও] নূপুরধ্বনিযুক্ত), মহামধুরিমা-
শ্চর্য-পাদবিন্যাসলীলয়া (পরমমধুর পদবিক্ষেপ-
লীলাসহকারে) মহামাধুর্যসৌভাগ্যভরে
(মহামাধুর্যসম্পন্ন) বৃন্দাবনে বনে (বৃন্দাবনের
বনভূমিতে) চারু চরন্তী (মনোরমভাবে বিচরণ
করেন)।।
৭৮। [যিনি] তত্র তত্র (বৃন্দাবনের স্থানে স্থানে)
মহাশ্চর্যে (অতিবিচিত্র) মহারম্যতমস্থলে

(সেরূপ মনোরম ক্ষেত্রসমূহে) উপবিশ্য (উপবেশন-
পূর্বক) প্রগায়ন্তী (সুস্বরে গান করেন [এবং])
~~সখী~~ প্রিয়ং সখী: (প্রিয়তম ও সখীগণকে)
গাপয়ন্তী (গান করাইয়া থাকেন)।।

৭৯। ইত্থম্ভূতানন্তলীলা (এইরূপ অনন্তলীলাময়ী)
সা ঈশ্বরী (ঈশ্বরী সেই শ্রীরাধা) দিবানিশং
(সর্বদা) বৃন্দাবনানন্যগতে: (বৃন্দাবনের একান্ত
শরণাগত) মম (আমার) অন্ত: এব (হৃদয়েই)
সেব্যা অস্তু (সেবাযোগ্যা হইয়া অধিষ্ঠান করুন)।।

৮০। য: (যিনি) রাধামাধব-শুদ্ধমন্মথরসোল্লাসৈ:
চমৎকারিণীং (শ্রীরাধাকৃষ্ণের বিশুদ্ধ কামরসের
উল্লাসে চমৎকারজনক) বৃন্দাবনমাধুরীং (শ্রীবৃন্দা-
বনের মাধুর্য) সকৃৎ অপি (একবারও) স্বান্তে (চিত্ত-
মধ্যে) সমাস্বাদয়েৎ (আস্বাদন করেন), অসৌ
(তিনি) শাস্ত্রীয়ান্ অপি (শাস্ত্রীয় [এবং]) লৌকিকান্
অপি (লৌকিক) চেষ্টাকলাপান্ (ক্রিয়াসমূহ)
হিত্বা (পরিত্যাগপূর্বক) নানাপ্রেমবিকারমোহন-
তনু: (বিবিধ প্রেমবিকারবশত: নিজদেহের
মনোরম ভাব ধারণ করিয়া) উন্মত্তবৎ দৃশ্যতে

(উন্মত্তের ন্যায় লক্ষিত হন)॥

৮১। যঃ (যিনি) রাধামুরলীধরাঙ্ঘ্রিকমলে প্রেমৈকমাত্রীয়তি (শ্রীরাধাকৃষ্ণের পদকমলে একনিষ্ঠ প্রেমপ্রদর্শন করেন), অপরাঙ্গনাং (পরস্ত্রীকে) ~~মাত~~ মাত্রীয়তি (মাতৃবৎ জ্ঞান করেন), স্থিরচরং (স্থাবর জঙ্গম) সত্ত্বং (প্রাণিগণকে) সুপুত্রীয়তি (সৎপুত্রের ন্যায় দর্শন করেন), অতিতর্জনাদিষু (পরকৃত তর্জনাদি-সত্ত্বেও) গোত্রীয়তি (পর্বতবৎ নিশ্চল থাকেন), দ্বেষিষু (শত্রুগণের প্রতি) মহামিত্রীয়তি (পরম মিত্রের ন্যায় ব্যবহার করেন [এবং]) যঃ (যিনি) স্বাঙ্গে (নিজ শরীরের প্রতি) অন্যগাত্রীয়তি (অন্যের গাত্রের ন্যায় জ্ঞানে ঔদাসীন্য অবলম্বন করেন), সঃ খলু (একমাত্র তিনিই) শ্রীবৃন্দাবনং (শ্রীবৃন্দাবনে) আবসেৎ (বাস করিবেন)॥

৮২। অহং (আমি) কদা নু (কবে) সদা (সর্বদা) কৃষ্ণপ্রেমসুধাম্বুধৌ (কৃষ্ণপ্রেম সুধাসাগরে) অতিতরাং মগ্নঃ (একান্ত নিমগ্ন হইয়া) ~~থাকেন~~
~~(চিত্তে) বৈরাগ্যৈকরসেন (বৈরাগ্যপ্রধান) থাকেন.~~
~~(চিত্তদ্বারা) বিশ্বমধুরাং (অতিমনোরম) কাষ্ঠং~~

~~দশাং উদ্বহন্ (দশাবিশেষ অবলম্বনপূর্ব্বক)~~

ধ্যান্তেন (চিত্তদ্বারা) রাধিকাপদাম্ভোরুহদাস্যলাস্য-
পদবীং (শ্রীরাধিকার পাদপদ্মের দাস্যলীলাপদ্ধতি)
সন্তানয়ন্ (বিস্তার করিয়া), বৈরাগ্যেকরসেন
(অতিশয় বৈরাগ্য হেতু)। বিশ্বগরীয়াং (অতিশ্রেয়স)
কাঞ্চিৎ দশাং (দশাবিশেষ) উদ্বহন্ (অবলম্বন-
পূর্ব্বক) সততোদশ্রুঃ (নিরন্তর অশ্রুপ্লুত-নয়নে)
শ্রীবৃন্দাবিপিনে (শ্রীবৃন্দাবনে) নিবৎস্যামি (বাস করিব?)॥

৮৩। অহো (অহো! [আমি]) বৃন্দাবনে (বৃন্দাবনে) কালিন্দীপুলিনে
(যমুনাতীরে) কদম্ববিটপীচ্ছায়া-মণিমণ্ডপে
(কদম্বতরুরাজির ছায়াময় মণিমণ্ডপের অভ্যন্তরে)
বহন্নর্মভিঃ (পরিহাসরত) প্রিয়সখীবৃন্দৈঃ
(প্রিয়সখীগণ কর্ত্তৃক) সদা (সর্ব্বদা) দিব্যৈঃ (দিব্য)
স্রক্‌তাম্বূলবিলেপনাদিভিঃ (মাল্য, তাম্বূল ও বিলেপনাদি
দ্বারা) সেবিতৌ (সেবিত), রূপোদার্য-বয়োবিলাস-
মধুরৌ (সুমধুর রূপ, উদারতা, বয়স ও বিলাস-
সমৃদ্ধ) শ্রীরাধামুরলীধরৌ (শ্রীরাধাকৃষ্ণের)
ধ্যায়ামি (ধ্যান করি)॥

৮৪। কালিন্দ্যানন্দসান্দ্রামৃত সুরসসরিৎ কূল-কল্পদ্রু-
মূল-প্রোন্মীলদ্-রত্নবল্লীময়-মধুরমহামণ্ডপে
(প্রগাঢ় আনন্দামৃতবাহিনী যমুনার তীরবর্তী
কল্পতরুর মূলদেশে পরম সমুজ্জ্বল রত্নলতাময়
মনোরম মণ্ডপমধ্যে) তৌ (শ্রীরাধাকৃষ্ণ)
মণ্ডিতাঙ্গৌ (বিবিধ বেশভূষায় ভূষিত হইয়া)
চিত্রতূলে (বিচিত্র তূলারচিত শয্যায়) আসীনৌ
(উপবেশন পূর্বক) স্মর মধুর-বয়োরূপ-লাবণ্য লীলা-
বৈদগ্ধীপূর সুগ্ধীকৃত সকলসখীবৃন্দ বৃন্দাবনৌ
(কন্দর্পাবেশে সুমধুর বয়স, রূপ, লাবণ্য, লীলা ও
বৈদগ্ধী সমূহদ্বারা নিখিল সখীবর্গ ও বৃন্দাবনকে
বিমুগ্ধ করিতেছেন)॥

৮৫। চিজ্জ্যোতিশ্চন্দ্রিকাঢ্য-স্ফুরদমৃতময়োৎফুল্ল-
বল্লীদ্রুবৃন্দং (যাঁহার মধ্যে অমৃতময় প্রফুল্ল
তরুলতারাজি চিজ্জ্যোতির্ময় কিরণমালায় উদ্ভাসিত
হইতেছে), বিচিত্রৈঃ (বিচিত্র) শুক-পিক-শিখিভিঃ (শুক,
কোকিল ও ময়ূরগণ) গীত নৃত্যানুযাতং (যেখানে
সর্বদা সঙ্গীত ও নৃত্য করিতেছে), মাধ্বীকাস্বাদ-
মত্তভ্রমদলিপটলী-ঝঙ্কৃতং (মধুপানমত্ত ভ্রমরগণ

যেখানে গুঞ্জন করিতে করিতে ইতস্ততঃ বিচরণ করিতেছে),
মঞ্জুকুঞ্জে ব্যঞ্জন্মাধুর্যপুঞ্জং (যাঁহার মনোরম কুঞ্জসমূহে মাধুর্যরাশি স্ফুরিত হইতেছে [এবং যাহা])
বিমলসরোবাপিকাদ্যৈঃ (নির্মল সরোবর ও দীর্ঘিকাদিদ্বারা) সুহৃদ্যং (অতিমনোরম, [তুমি সেই]) বৃন্দারণ্যং (শ্রীবৃন্দাবনের) স্মর (ধ্যান কর)॥
৮৬। সুধীরঃ (অতিধীর ব্যক্তিই) বৃন্দাবনং বনং (শ্রীবৃন্দাবন ধামকে) আনন্দসান্দ্রচিজ্জ্যোতির্ময়ং (প্রগাঢ় চিদানন্দজ্যোতির্ময়রূপে) চ (এবং) অত্র (তন্মধ্যস্থ) সর্বং (সকল বস্তুকে) তথা (তাদৃশ জ্যোতির্ময়রূপে) ধ্যায়ন্ (ধ্যান করিয়া) সুখং বসেৎ (সুখে বাস করেন)॥
৮৭। যদি (যদি) তৎকৃপা ন (শ্রীবৃন্দাবনের কৃপা না হয়, [তাহা হইলে]) কামাদীনাং পরবশঃ (কামপ্রমুখ রিপুগণের বশবর্তী), যশোঽর্থী (যশোলিপ্সু [এবং]) ত্যক্তসৎপথঃ (উন্মার্গগামী ব্যক্তি) কথং (কিরূপে) বৃন্দাবনে (বৃন্দাবনে) সিদ্ধিং যায়াৎ (সিদ্ধি লাভে সমর্থ হইবে?)॥

WEIGHTS AND MEASURES.

INDIAN BAZAAR WEIGHT

4 Sikis = 1 Tola.
5 Sikis = 1 Kancha.
4 Kanchas or 5 Tolas = 1 Chatak.
4 Chataks = 1 Powah.
4 Powahs = 1 Seer.
5 Seers = 1 Pasari.
8 Pasaris or 40 Seers = 1 Maund.

JEWELLER'S WEIGHT

4 Dhans = 1 Rati.
6 Ratis = 1 Anna.
8 Ratis = 1 Masha.
12 Mashas or 16 Annas = 1 Tola or Bhari.

INDIAN TIME

60 Anupal = 1 Vipal.
60 Vipal = 1 Pal.
60 Pal = 1 Dundo.
60 Dundo = 1 Deen.
7 Deen = 1 Hafta.
30 Deen = 1 Mahina.
12 Mahina = 1 Baras.

INDIAN LIQUID MEASURE

4 Chataks = 1 Powah.
4 Powahs = 1 Seer.
40 Seers = 1 Maund.

INDIAN MONEY TABLE

3 Pies = 1 Pice
2 Pice = 1 Half-anna.
6 Pies = 1 Half-anna.
4 Pice = 1 Anna.
12 Pies = 1 Anna.
16 Annas = 1 Rupee.

INDIAN MONEY TO STERLING

1 Anna = 1 Penny.
12 Annas = 1 Shilling.
1 Rupee = 1 Shilling & 6 Pence.
13 Rupees & 5 Annas = 1 Pound.

CEYLON MONEY TABLE

100 Cents = 1 Rupee.

BENGAL BAZAAR WEIGHT

5 Chataks = 1 Kunka.
2 Kunkas = 1 Khunchi.
2 Khunchis = 1 Rek.
2 Reks = 1 Pali.
2 Palis = 1 Done.
2 Dones = 1 Kati.
8 Katis = 1 Arhi.
20 Arhis = 1 Bish.
16 Bishes = 1 Kahan.
16 Palis = 1 Maund.
8 Dones = 1 Maund
20 Dones = 1 Sali.

BENGAL LINEAL MEASURE

3 Jaubs = 1 Anguli.
4 Angulis = 1 Musti.
3 Mustis = 1 Bitasti.
2 Bitastis = 1 Hat.
2 Hats = 1 Gaz.
2 Gazes = 1 Dhanu.
2000 Dhanus = 1 Kosh.
4 Koshes = 1 Yojan

BENGAL GRAIN MEASURE

5 Chataks = 1 Koonkee.
4 Koonkees = 1 Raik.
32 Raiks = 1 Maund.

BENGAL PHYSICIAN'S WEIGHT

4 Dhans = 1 Rati.
10 Ratis = 1 Masha.
12 Mashas = 1 Tola.

BENGAL CLOTH MEASURE

3 Angulis = 1 Girah.
8 Girahs = 1 Hath.
2 Haths = 1 Gaz.

BENGAL MEASURE OF LAND SURFACE

20 Square Cubits (or Gandas) = 1 Chatak.
16 Chataks = 1 Katha.
20 Kathas = 1 Bigha.

BOMBAY BAZAAR MEASURE

36 Tanks = 1 Tipari.
2 Tiparis = 1 Seer.
4 Seers = 1 Payli.
16 Paylis = 1 Phara.
8 Pharas = 1 Kandi.
25 Pharas = 1 Muda.

BOMBAY MEASURE OF LAND SURFACE

39¼ Square Cubits = 1 Kathi.
20 Kathis = 1 Pand.
20 Pands = 1 Bigha.
6 Bigahs = 1 Rukeh.
20 Rukehs = 1 Chahur.

BOMBAY CLOTH MEASURE

2 Angulis = 1 Tasu.
24 Tasus = 1 Gaz.

MADRAS LOCAL WEIGHT

180 Grains = 1 Tola.
3 Tolas = 1 Palam.
8 Palams = 1 Seer.
5 Seers = 1 Vis.
8 Vis = 1 Maund.
20 Maunds = 1 Kandi.

MADRAS BAZAAR MEASURE

8 Ollaks = 1 Paddi.
8 Paddis = 1 Markal.
5 Markals = 1 Phara
80 Pharas = 1 Garee.

UNITED PROVINCES MEASURE OF LAND

20 Kachvansi = 1 Bisvansi.
20 Bisvansis = 1 Bisva.
20 Bisvas = 1 Bigha.

PUNJAB MEASURE OF LAND

9 Sarsi = 1 Marla.
20 Marlas = 1 Kanal.
4 Kenals = 1 Bigha.
2 Bighas = 1 Ghuma.

BRITISH AVOIRDUPOIS WEIGHT

16 Drams = 1 Ounce.
16 Ounces = 1 Pound.
14 Pounds = 1 Stone.
2 Stones = 1 Quarter.
4 Quarters = 1 Hundred-weight.
20 Hundred-weights = 1 Ton.

CAPACITY

4 Gills = 1 Pint.
2 Pints = 1 Quart.
4 Quarts = 1 Gallon.
2 Gallons = 1 Peck.
4 Pecks = 1 Bushel.
8 Bushels = 1 Quarter.

BRITISH LINEAL MEASURE

12 Inches = 1 Foot.
3 Feet = 1 Yard.
5½ Yards = 1 Pole.
40 Poles = 1 Furlong.
22 Yards = 1 Chain.
10 Chains = 1 Furlong.
8 Furlongs = 1 Mile.
1760 Yards = 1 Mile.

BRITISH MONEY TABLE

4 Farthings = 1 Penny.
12 Pence = 1 Shilling.
20 Shillings = 1 Pound.
2 Shillings = 1 Florin.
2 Shillings & 6 Pence = 1 Half-crown.

BRITISH MEASURE OF LAND

144 Sq. Ins. = 1 Sq. Foot.
9 Sq. Feet = 1 Sq. Yd.
1210 Sq. Yds. = 1 Rood.
4 Roods = 1 Acre.
640 Acres = 1 Sq. M.

BRITISH TABLE OF TIME

60 Seconds = 1 Minute.
60 Minutes = 1 Hour.
24 Hours = 1 Day.
7 Days = 1 Week.
4 Weeks = 1 Month.
12 Months = 1 Year.
365 Days = 1 Year.
366 Days = 1 Leap Year.
52 Weeks = 1 Year.

No. 4
Bahadur
64 Pages
EXERCISE BOOK
Name
School
Class
Sec.
Roll No
Subject
T.P.M. Co. Ltd.
Reg. Trade Mark

সম্পূর্ণ ১৩ সংখ্যা খাতার মধ্যে
খাতা নং ১০

শ্রীশ্রীবৃন্দাবন-মহিমামৃত (দ্বিতীয়খণ্ডের পরবর্তী)
অন্বয়মুখী বঙ্গানুবাদ
অষ্টম শতক।

৮৮। পূর্ণেন্দোঃ অপি (পূর্ণচন্দ্র অপেক্ষাও) শীতলাৎ (সুশীতল), অমর্যাদকৃপাসিন্ধোঃ (অপার করুণাসিন্ধু) বৃন্দারণ্যাৎ (বৃন্দাবন হইতে) অনন্যাদ্যভাবং (অভিন্ন মুখ্য ভাবের) কিং ন ভাবয়সে (ভাবনা কর না কেন?)॥

৮৯। শ্রীমদ্‌বৃন্দাবন (হে শ্রীবৃন্দাবন!) বিশুদ্ধসত্ত্বময়ে (শুদ্ধসত্ত্বপ্রধান) ত্বয়ি (তোমার প্রতি) কৃতানন্তাপরাধস্য ([আমি] অনন্ত অপরাধ করিয়াছি, [এঅবস্থায়]) মম ত্বং এব (তুমিই আমার) শরণং (একমাত্র আশ্রয়)॥

৯০। বৃন্দারণ্য (হে বৃন্দাবন!) তব অস্মি ইতি মৃষা বদন্তং অপি ('আমি তোমার' এইরূপ মিথ্যা বলিলেও [এবং]) মহাপাতিতং অপি (অতিপতিত হইলেও) মাং (আমাকে) আত্মকারুণ্যাৎ (নিজ করুণাবশতই) আত্মসাৎ কুরু (নিজজনরূপে গ্রহণ কর)॥

৯১। অহং (আমি) অধমঃ অপি (অতি অধম হইলেও) নিত্যোজ্জ্বলকারুণ্যে (চিরকাল উদ্দাম করুণাশালী) বৃন্দাবনে (শ্রীবৃন্দাবনে) অবিঘ্নং (নির্বিঘ্নে) নিবৎস্যামি কিং (বাস করিব কি [এবং]) হরেঃ

রসং (কৃষ্ণপ্রীতি) বেৎস্যামি চ (লাভ করিব কি?)।।
২২। বৃন্দাবনং (শ্রীবৃন্দাবন) সদ্‌গন্ধচূর্ণৈঃ ইব (সুগন্ধি-
চূর্ণসদৃশ) প্রসরৎপরাগপটলৈঃ (বিক্ষিপ্ত পুষ্পরেণু-
রাশিদ্বারা) দিক্‌চক্রং (দিঙ্মণ্ডল) আপূর্ণং কুর্বৎ
(পরিপূর্ণ করিয়া), অপূর্বসীধুজলধিস্যন্দৈঃ
(অপূর্ব মধুরাশির প্রবাহে) মহাতুন্দিলং (অতিশয়
পরিপুষ্ট), চিতিচন্দ্রিকালহরীভিঃ (চিন্ময় জ্যোৎস্না-
তরঙ্গরাশিদ্বারা) আচ্ছন্নং (সমাচ্ছন্ন [এবং]) মদ-
খেলিনঃ (ক্রীড়ারত মত্ত) খগকুলস্য (বিহঙ্গগণের)
আনন্দকোলাহলৈঃ (আনন্দ কোলাহলে) আক্রান্তং
(পরিব্যাপ্ত হইয়া) আভাতি (বিরাজমান রহিয়াছেন)।।
২৩। তৃণগুল্মপাদপলতাদ্যানন্দ-সচ্চিদ্‌ঘনৈঃ নীরন্ধ্রং
(সচ্চিদানন্দময় তৃণ, গুল্ম ও বৃক্ষলতাদিদ্বারা নিবিড়-
ভাবাপন্ন), আনন্দপুঞ্জৈঃ (পুঞ্জীভূত আনন্দস্বরূপ)
শ্রীরাধারতিকেলিকুঞ্জনিকরৈঃ (শ্রীরাধার রতি-
কুঞ্জসমূহদ্বারা) বৃতং (সমাচ্ছন্ন), দিব্যানেক-
সরঃসরিদ্‌গিরিবরং (বিবিধ দিব্য সরোবর, নদী
ও পর্বতমালায় সুশোভিত), দিব্যৈঃ (দিব্য)
বিহঙ্গৈঃ মৃগৈঃ (পশু-পক্ষিগণের দ্বারা) চিত্রং

(বিচিত্র [এবং]) মঞ্জুলগুঞ্জদ্ভৃঙ্গপটলং (ভ্রমরগণের মনোরম গুঞ্জনশালী) বৃন্দাবনং (শ্রীবৃন্দাবনকে) পশ্যামি (আমি দর্শন করিতেছি)॥

১৪। আমিতামোদাভিঃ (পরম সৌরভসমৃদ্ধ) নানারত্নময়স্থলীভিঃ (বিবিধ রত্নময় ক্ষেত্রসমূহদ্বারা) অত্যদ্ভুতং (অতিশয় বিচিত্র), রসোল্লাসিভিঃ (রসের উল্লাসযুক্ত) ফুল্লৈঃ (প্রফুল্ল) বল্লিমতল্লিকাতরুবরৈঃ (উত্তম লতা ও তরুরাজিদ্বারা) বীতং (সমাচ্ছন্ন), অত্যানন্দমদাকুলৈঃ (আনন্দমদমত্ত) খগকুলৈঃ (পাক্ষিগণের) আরব্ধকোলাহলং (কোলাহলে মুখরিত [এবং]) কালিন্দ্যাঃ (যমুনার) রসধারয়া (রসপ্রবাহে) বলায়িতং (পরিবেষ্টিত) বৃন্দাবনং (শ্রীবৃন্দাবনের) ধ্যায়ামি (ধ্যান করিতেছি)॥

১৫। বত (অহো!) আত্মারামেশ্বরং হরিং বিনা (আত্মারাম পুরুষগণের অধীশ্বর শ্রীকৃষ্ণ ব্যতীত) ত্রিভুবনে (এই ত্রিলোকমধ্যে) কঃ সুরবরঃ (কোন দেবরাজ) বা (অথবা) মুনিবরঃ (মুনিবর) যুবত্যাঃ ভাবৈঃ (যুবতীর বিলাসদ্বারা) অমুগ্ধঃ স্থিতঃ (মুগ্ধ না

হইয়াছেন ?), তস্মাৎ (অতএব) তস্যা: (সেই যুবতী
হইতে) চকিত-চকিত: (অতিভীত হইয়া) রসনোপস্থ-
বিজয়ী (জিহ্বা ও উপস্থকে সংযত করিয়া) সদা
(সর্বদা) বৃন্দারণ্যে (বৃন্দাবনে) দূর দূরত: (অতি-
দূরে) নিবস (অবস্থান কর)।।

৯৬। শ্রীমদ্ বৃন্দাবন (হে বৃন্দাবন! [আমি]) মহা-
পাপাচারে (অতিশয় পাপকর্মরত), নিরবধি
(নিরন্তর) মহাদুর্মতিশতে (অনন্ত দুর্মতিগ্রস্ত),
মহাকামক্রোধাদ্যতিপরবশে (প্রবল কামক্রোধাদির
একান্ত অনুগত), দম্ভবপুষি (অতিশয় দর্পাশ্রিত),
ন সৎসংসর্গৈকপ্রণয়িনি (সৎসংসর্গে বিরক্ত [এবং])
সৎকর্মাবিমুখে (সদাচারবিমুখ, [তুমি]) নান্য-
শরণে (অন্যগতিহীন) ময়ি (আমার প্রতি) কৃপাং
কুরু (কৃপা কর)।।

৯৭। য: সর্বদা অসৎপথেষু অত্যন্তোদ্ধতধাবদিন্দ্রিয়-
গণ: (যাহার অত্যন্ত উদ্ধত ইন্দ্রিয়গণ সর্বদা
কুপথে ধাবিত হইতেছে), একাস্মিন্ নিমিষে অপি
([যে ব্যক্তি] এক মুহূর্তও) ন স্মৃতপরমানন্দাব্ধি-
রাধাপ্রিয়: (পরমানন্দসাগর শ্রীকৃষ্ণের স্মরণ করে

নাই), সদ্ধর্মৈঃ সদুপাসনৈঃ বিরহিতঃ (যে ব্যক্তি
কোনরূপ সদাচার বা সৎসেবার অনুষ্ঠান করে নাই
[এবং]) অখিলৈঃ (সর্বপ্রকার) সদ্গুণৈঃ (সদ্গুণরাশি)
ত্যক্তঃ (যাহাকে পরিত্যাগ করিয়াছে), হা হা
(হায় হায় !) সঃ (এইরূপ) অনল্পমোহঃ (প্রবলমোহ-
গ্রস্ত) অহং (আমি) একং তু বৃন্দাবনং (একমাত্র
বৃন্দাবনের) উপযামি (শরণাপন্ন হইয়াছি)।।

৯৮। [আমি] সমুৎকটেন (তীব্র) বৈরাগ্যেন
(বৈরাগ্যহেতু) বিষয়স্পর্শং (বিষয়সমূহের
সংস্পর্শকে) মহাদুর্বিষজ্বালাবৎ (উৎকট বিষ-
জ্বালার ন্যায়) কলয়ন্ (জ্ঞান করিয়া) তৈঃ সঙ্গেন
(বিষয়সংসর্গে) মনাক্ অপি (বিন্দুমাত্রও) হর্ষং
ন দধৎ (উৎফুল্ল না হইয়া), পাণৌ (করতলে)
কপোলং ন্যস্য (গণ্ডস্থল বিন্যস্ত করিয়া) অশ্রু-
সলিলৈঃ (নয়নজলে) সংক্ষালয়ন্ (প্রক্ষালনপূর্বক)
কৃষ্ণাপার-কৃপাবধারণধিয়ঃ (শ্রীকৃষ্ণের অপার
করুণাবিষয়ে নিশ্চয় বুদ্ধি অবলম্বন করিয়া)
বৃন্দাবনং (বৃন্দাবনে) অধ্যাসীয় (অবস্থান
করিব)।।

৯৯। বত (অহো) কদা (কবে [আমি])
নৈবালোকিত-লোকবেদধর্মপদবীঃ (লৌকিক বা
বৈদিক ধর্মমার্গের প্রতি দৃষ্টিপাত না করিয়া [এবং])
নাপেক্ষিত-স্বপ্রিয়-দ্বন্দ্বৈকান্তরসাবিষ্টহৃদয়া-
শেষাতিধীরোত্তমঃ (নিজ প্রিয়যুগলের পরম
রসে আবিষ্টচিত্ত নিখিল পরমধীর মহাপুরুষ-
গণের অপেক্ষা না করিয়াও) রাধাকৃষ্ণরসাৎ
(শ্রীরাধাকৃষ্ণের প্রেমভরে) পুলকিতঃ (পুলকিত),
নিত্যাশ্রুধারাধরঃ (অবিরত অশ্রুধারায়
অভিষিক্ত [এবং]) চিত্রপ্রেমবিকারবান্
(বিচিত্র প্রেমবিকারযুক্ত হইয়া) বৃন্দাবনে
(বৃন্দাবনে) নন্দামি (আনন্দ অনুভব করিব?)।।

অষ্টম শতক সমাপ্ত

নবম শতক।

১। কদা (কবে [আমি]) অতিপুলকিত: (অতিশয় রোমাঞ্চযুক্ত), অত্যশ্রুনয়ন: (অশ্রুধারায় আকুল-নয়ন), মুহু: (নিরন্তর) স্তম্ভস্বেদাদ্যতিমধুর-ভাবৈ: বলিত: চ (স্তম্ভ ও স্বেদপ্রভৃতি অতিমধুর ভাবরাজিদ্বারা বিভূষিত হইয়া) হসন্ নৃত্যন্ গায়ন্ (হাস্য, নৃত্য ও সঙ্গীত সহকারে) মুদা (হর্ষভরে) নিজদায়িত-রাধা-মধুপতী (নিজ প্রিয়তম শ্রীরাধা-কৃষ্ণকে) ধ্যায়ং ধ্যায়ং (ধ্যান করিতে করিতে) চিরং উন্মদরস: (চিরকাল পরমরসে বিহ্বল হইয়া) বৃন্দারণ্যং (শ্রীবৃন্দাবনে) অধিবসামি (বাস করিব?)॥

২। কর্হি (কবে [আমার]) চেত: (চিত্ত) অতিমদং (অতিশয় মত্ত হইয়া) শ্রীমাধুর্যা চরণকমলদ্বন্দ্ব-লাবণ্যলীলামাধুর্যৈকাম্বুধিং (লাবণ্য, লীলা ও মাধুর্যের অতুলসিন্ধুস্বরূপ শ্রীরাধাপাদপদ্মযুগলে) গাহতাং (নিমগ্ন হইবে?), কদা (আর কবেই বা) সর্বাং অসর্বাং নির্বাণাদিপ্রিয়ং অপি (মুক্তিপ্রভৃতি সর্বপ্রকার উত্তম সম্পদ্‌রাশিকেও) তৃণং ইব (তৃণবৎ) পরিত্যজ্য (পরিত্যাগ করিয়া)

বৃন্দারণ্যে (বৃন্দাবনে) বাসনির্বাহক: স্যাৎ
(বাস করিতে সমর্থ হইব?)॥
৩। নিজবনচরদ্‌ রাধয়া (বৃন্দাবনবিহারিণী শ্রীরাধা) শ্রীমঞ্জীর-ধ্বনিমধুরয়া (মনোরম নূপুর ধ্বনিযুক্তা), উপরি তলে চ (ঊর্দ্ধ ও অধোভাগে) গৌরশোণৈ: (পীত-রক্ত) মাধুর্যৌঘৈ: রম্যয়া (মাধুর্যরাশি-দ্বারা রমনীয়া), ~~স্ফু~~ স্ফূর্জৎপাদাঙ্গদমণিরুচা (পদাস্থিত বলয়ের মণিসমূহের কান্তিদ্বারা প্রদীপ্তা [এবং]) দিকপাদাঙ্গুলীয়ৈ: ভ্রাজন্ত্যা (দিক পদাঙ্গুরীয়ক সমূহদ্বারা সুশোভিতা) শ্রীপদাম্ভোজলক্ষ্ম্যা (শ্রীপাদপদ্মের সুষমা-দ্বারা) মে (আমার) হৃৎ (চিত্তকে) হৃতং বৈ (হরণ করিয়াছেন)॥
৪। রাধা পাদাম্বুজরসমহামাধুরী-মত্তচেতোভৃঙ্গ: (যাহার চিত্তভ্রমর শ্রীরাধার পাদপদ্মের পরম-মধুর রসে মত্ত হইয়াছে), নির্ভঙ্গুরপারিমিল-লোকবেদপ্রসঙ্গ: (যাহার লৌকিক ও বৈদিক ধর্মসমূহ অক্ষুন্নরূপে সিদ্ধ হইয়াছে), মধুরমধুরং ([এইরূপ আমি] পরমমধুর)

কাঞ্চিৎ ভাবং ভাবয়ন্ (কোন ভাববিশেষের চিন্তা করিতে করিতে) অত্র (এই) বৃন্দাবনে (বৃন্দাবনে) বিশ্বচেতোদৃষ্ট্যাকৃষ্ট্যাকৃতিঃ অপি (নিখিল লোকের চিত্ত ও দৃষ্টির আকর্ষণে ই সমর্থ) ভবানি কিং (হইব কি?)॥

৫। শ্রীরাধিকায়াঃ (শ্রীরাধার) তৎ কৈশোরং (সেই অনুপম কৈশোর দশা), তাঃ সুগৌরাঙ্গ-ভঙ্গীঃ (~~সেই বিচিত্র~~ গৌর অঙ্গরাজির সেই বিচিত্র ভঙ্গী), তৎ সৌন্দর্যং (মনোরম সৌন্দর্য), তাঃ সুধাশীতসূক্তীঃ (সুধাশীতল সেই সুবচন [এবং]) অশ্রুরোমোদ্গমাদীন্ (অশ্রুপুলকপ্রভৃতি) তান্ তান্ ভাবান্ (সুপ্রসিদ্ধ প্রেমবিকারসমূহ) সংস্মরন্ (স্মরণ করিয়া) কঃ ন মুহ্যেৎ (কোন ব্যক্তিই বা মুগ্ধ না হ'ন)॥

৬। [যাহা] ব্যাকোশ কনক-পঙ্কজ কোষং ইব (বিকসিত স্বর্ণপদ্মের কোষতুল্য), অনন্ত চান্দ্রিকা-বর্ষি (যাহা অনন্ত কিরণবর্ষণরত [এবং যাহা]) ইন্দীবর রুচি-হরিলোভ্য-সান্দ্রমকরন্দং (নীলোৎপল-

কান্তি শ্রীকৃষ্ণের লোভনীয় প্রগাঢ় মধু পূর্ণ), রাধামুখং
(শ্রীরাধার অতুল মুখমণ্ডলের) স্মর (ধ্যান কর)॥
৭। চিদচিদ্‌দ্বৈত প্রোজ্ঝন-কনকোজ্জ্বল-সান্দ্রচন্দ্রিকাবর্ষি
(যাহা চিৎ অচিৎ দ্বৈত প্রপঞ্চের বিলোপকারী
সুবর্ণসমুজ্জ্বল কিরণরাশির বর্ষণ করে [এবং যাহা])
কৃষ্ণচকোরৈকজীবনং (শ্রীকৃষ্ণরূপ চকোরের
একমাত্র উপজীব্য), শ্রীরাধামুখচন্দ্রং (শ্রীরাধার
সেই মুখচন্দ্রের) স্মরত (ধ্যান কর)॥
৮। পরিপূর্ণমধুরমধুর-প্রেমসুধাসার-সুন্দরাকৃতয়
(যাঁহার মনোরম আকৃতি পরিপূর্ণ পরমমধুর
প্রেমসুধার সারস্বরূপ [এবং যিনি]) এতদ্‌-
বৃন্দাবনেশ্বর্য্যৈ: (এই বৃন্দাবনের অধীশ্বরী,
[সেই]) নিত্যকিশোর্য্যৈ: (নিত্য কিশোরীর
প্রতি) মম (আমার) নম: (নমস্কার জ্ঞাপন করি)॥
৯। [যাহা] চিদচিদ্দ্বয়ং (চিৎ অচিৎ দ্বৈতভাব)
সমাচ্ছাদ্য (অন্তর্হিত করিয়া) পরমোজ্জ্বলিতান্‌
(অতিশয় উজ্জ্বলিত হইতেছে), রাধায়া: (শ্রীরাধার)
স্বাদ্যপ্রেম মহারস-সার-সুগৌরাঙ্গ-চন্দ্রিকা-জলধীন্‌
(পরমমধুর প্রেম মহারসের সারস্বরূপ গৌর

~~অংশুকিরণরাশি~~ অংশুরাশির সেই কিরণসমুদ্রকে)
স্মর (ধ্যান কর)।।

১০। অপ্রাকৃত-নবতরুণী-রূপতূণীকারি-মোহিনীবৃন্দৈঃ (অপ্রাকৃত নবীনা তরুণীগণের সৌন্দর্যপরাভব-কারিণী মোহিনীগণও) পার্শ্বি পার্শ্বি (পাশে পাশে) মূর্ধ্নি ধৃতাঙ্ঘ্রিঃ (যাঁহার পাদপদ্ম মস্তকে ধারণ করেন), মম (আমার) ঈশ্বরী (ঈশ্বরী [সেই]) রাধা (শ্রীরাধা) বনভুবি (শ্রীবৃন্দাবনে) স্ফুরতি (বিরাজ করিতেছেন)।।

১১। বৃন্দা-বিপিনে (শ্রীবৃন্দাবনে) ত্রৈলোক্যমোহিনীভিঃ (ত্রিলোকমোহিনী) মহাবিদগ্ধাভিঃ (পরম বিদগ্ধা) নবতরুণীভিঃ (নবীনা তরুণীগণের) আরাধ্যাং (আরাধ্য) সর্বোজ্জ্বলাং (সর্বোজ্জ্বলা) রাধাং (শ্রীরাধাকে) স্মর (ধ্যান কর)।।

১২। উন্মদমধুরপ্রেমানন্দ ~~মকরন্দ~~ মরন্দৈকসিন্ধু নিঃস্যন্দি (যাহা উন্মাদ পরমমধুর প্রেমানন্দময় মকরন্দ-সিন্ধুর নিঃস্যন্দশালী, এইরূপ) রাধাপদারবিন্দং (শ্রীরাধা পাদপদ্মের) বিশ্রময়ং (শ্রমাপনোদনকারী) কিঙ্করীবৃন্দং (কিঙ্করীগণকে) নৌমি (বন্দনা করি)।।

১৩। [আমি] সর্বধর্মহীনঃ (সর্বধর্মরহিত [এবং])
সর্বকুকর্মাবলেঃ চ (সর্ববিধ কুকর্মের) নির্মাতা
অপি (আচরণশীল হইয়াও) রাধা ইতি ('রাধা' এই)
দ্ব্যক্ষরং (অক্ষরদ্বয়রূপ) সিদ্ধমন্ত্রং (সিদ্ধমন্ত্র)
উচ্চার্য (উচ্চারণ করিয়া) কিং ন সিদ্ধ্যেয়ং
(সিদ্ধিলাভে সমর্থ হইবনা কি?)॥

১৪। বৃন্দাবন (হে বৃন্দাবন! [আমি]) ত্বয়ি বাসায়
(তোমায় মধ্যে বাস করিবার জন্য) গুরুশাস্ত্রবিদ্-
বর্গৈঃ (গুরু ও শাস্ত্রজ্ঞগণের সহিত) বিরুধ্য
(বিরোধ করিয়া) অতিসাহসং আচরিতং (অতিশয়
সাহসের আচরণ করিয়াছি), অতঃ (অতএব)
~~[তুমি]~~) ইন্দ্রিয়বশং অপি মাং ([আমি] ইন্দ্রিয়-
গণের বশীভূত হইলেও [তুমি] আমাকে)
ন হি ত্যজ (ত্যাগ করিও না)॥

১৫। হা বৃন্দারণ্য (হে বৃন্দাবন!) ত্বয়ি কৃতকুকর্ম-
কোটেঃ (তোমার মধ্যে অসংখ্য কুকর্মের আচরণ-
কারী), চাণ্ডালাৎ অপি ([এবং] চণ্ডাল অপেক্ষাও)
মহাধমস্য (অতি অধম) অস্য (এই ব্যক্তির)
~~সম্বন্ধে~~) ঈশঃ অপি (স্বয়ং ভগবান্‌ও) ন এব

শরণং (আশ্রয় দিতে পারেননা, [অতএব তুমি]) মে (আমার) কিং বিধাস্যসি (কি করিবে?)॥

১৬। বৃন্দারণ্য (হে বৃন্দাবন!) কৃতসর্বেন্দ্রিয়শত্রো: (নিখিল ইন্দ্রিয়গণ যাহার শত্রু, এইরূপ) মে (আমার) অতিদুর্লভপদে ত্বয়ি (অতিশয় দুর্লভপদ তোমার মধ্যে) বাসায় (বাস করিবার) যা হি আশা (সেই আশা) দুর্ঘটা তু (অতি দুর্ঘট), হা (হায়!) মে (আমার) কিং নু ভবিতা (কি হইবে?)॥

১৭। মে (আমার) নরককোটি: (কোটি নরকে বাস) অস্তু (হউক), ইষ্টং ন সিধ্যতু (ইষ্টসিদ্ধি না হউক), ঈশ্বর: চ (ঈশ্বরও) ন দয়তাং (দয়া না করুন), তু (তথাপি) শ্রীরাধাচরণাম্বুজ-মধুরিমলোভ: (শ্রীরাধার পাদপদ্মের মাধুর্য-উপভোগের লোভ) শিথিল: নো ভবেৎ (কোনরূপেই শিথিল হইবেনা)॥

১৮। হরে: অপি মনোদৃগপারলোভদা (যাহা শ্রীকৃষ্ণেরও চিত্ত এবং নয়নের অসীম লোভ উৎপাদন করে), বৃন্দাবনভ্রমণভঙ্গি-মনোহরাঙ্গ্যা:

(বৃন্দাবনে মনোরম অঙ্গভঙ্গীসহকারে ভ্রমণরতা) রাধিকায়াঃ (শ্রীরাধার) মঞ্জীরমঞ্জুতর-শিঞ্জিত-রঞ্জিতাঙ্ঘ্রিশোভা (মনোরম নূপুর শব্দযুক্তা সেই পদশোভা) মে (আমার) প্রেমাতুরে (প্রেমোৎকণ্ঠিত) হৃদি (চিত্তে) স্ফুরতু (উদিত হউক)॥

১৯। কৈশোরকান্তি-মদভঙ্গি-তরঙ্গিতোরু মাধুর্যসিন্ধুযুড়িতা (যিনি কৈশোর শোভা ও মত্ততার ভঙ্গীরূপ তরঙ্গশালী মহামাধুর্যসাগরে নিমগ্না রহিয়াছেন), ভ্রূভঙ্গিমোন্নটন-রঙ্গদনঙ্গকোটিঃ (যাঁহার ঐ ভ্রূযুগলে নৃত্যভঙ্গীদ্বারা কোটি কন্দর্প উজ্জীবিত হয় [এবং]) হরিভাবমূর্তিঃ (যিনি ~~কৃষ্ণে~~ কৃষ্ণপ্রেমের প্রকট মূর্তি, [সেই]) রসময়ী (রসময়ী) শ্রীরাধিকা (শ্রীরাধা) মে (আমার) হৃদি (হৃদয়ে) চকাস্তু (বিরাজ করুন)॥

~~২০। রাধিকায়াঃ (শ্রীরাধার) তৎ কৈশোরং (সেই অতুলনীয় কৈশোর দশা),~~

২০। রাধিকায়াঃ (শ্রীরাধার) অঙ্গে অঙ্গে (প্রতি অঙ্গে) সদা (সর্বদা) যঃ (যাহা) উজ্জৃম্ভতি (উচ্ছ্বসিত হইতেছে), দিব্যকৈশোররূপে (দিব্য কৈশোরজাত রূপরাশির

মধ্যে) যঃ বলতি (যাহা বৃদ্ধিলাভ করিতেছে), ~~এইরূপ~~
দৃগ্‌ভঙ্গী সলজ্জাস্মিত মধুরতর-শ্রীমুখেন্দুচ্ছটাসু যঃ
(দৃষ্টিভঙ্গী ও সলজ্জ হাস্যমধুর শ্রীমুখচন্দ্রের
দীপ্তিরাশি [এবং]) আশ্চর্যোক্তি-গত্যাদ্যাখিল-রস-
ধুরা-চেষ্টিতে বা যঃ (বিচিত্র বাক্যভঙ্গী ও গতি-
প্রভৃতি রসময় চেষ্টাসমূহে [যাহা প্রকাশিত হইতেছে]),
তত্তন্মাধুর্যসিন্ধৌ (ঐ সকল মাধুর্য সাগরে) মম
(আমার) ভাবমাধুর্য-ধুর্যং (ভাবমাধুর্যগ্রাহী) মনঃ
(চিত্ত) বুড়তু (নিমগ্ন হউক)।

২১। রাধিকায়াঃ (শ্রীরাধার) তৎ কৈশোরং (সেই
অতুলনীয় কৈশোর ভাব), মহামোহন-মধুরদশা-
শ্চর্যবৎ (পরম মনোরম মধুর দশার বৈচিত্র্যময়)
তৎ তৎ অঙ্গং (বিভিন্ন অঙ্গসমূহ), সা আশ্চর্যা
অপাঙ্গভঙ্গী (আশ্চর্য কটাক্ষভঙ্গী), মধুরহ্রিয়া
(সুমধুর লজ্জামিশ্রিত) সঃ মোহনঃ মন্দহাসঃ চ
(সেই মনোমুগ্ধকর মৃদু হাস্য), তৎ সৌন্দর্যং
(সেই অপূর্ব সৌন্দর্য), সঃ কান্তিপ্রসরঃ
(কান্তিরাশির সেই অদ্ভুত বিকাশ), উরুবিধাঃ
তে অঙ্গভঙ্গোত্তরঙ্গাঃ (নানাবিধ অঙ্গভঙ্গীর উল্লাস),

তা: তা: শ্যামানুরাগ-প্রথম-বিকৃতয়: ([এবং] কৃষ্ণানুরাগজনিত সেই প্রথম বিকারসমূহ) মে ভান্তু (আমার নিকটে স্ফূর্তিলাভ করুক)॥

২২। শ্যামপ্রেমমাতিমাধ্বী-মদবিকৃতি-বিচিত্রাকৃতি: (কৃষ্ণপ্রেমরূপ উত্তম মধুমদের বিকারহেতু বিচিত্রাকারা), ঈশ্বরী রাধা (ঈশ্বরী শ্রীরাধা) কনকমানি-লিলখ-ঘৃষ্ট কাশ্মীরগৌরৈ: (সুবর্ণময় শিলাসংঘৃষ্ট কুঙ্কুমের ন্যায় গৌরবর্ণ), সৌন্দর্যানন্তপূরৈ: (অসীম সৌন্দর্যশালী) অঙ্গৈ: অঙ্গৈ: (প্রত্যেক অঙ্গদ্বারা) অনন্তান্ মধুরতর-মহাকান্তিসিন্ধূন্ (অতিমধুর ~~কান্তি~~ অনন্ত কান্তিমহাসাগরের) কিরন্তী (বিস্তারপূর্বক) অদ্ভুতৈ: সর্বচেষ্টামাধুর্যৈ: (সর্বপ্রকার অদ্ভুত বিলাসমাধুর্যদ্বারা) ~~বিস্মিতমনসি~~ মে (আমার) বিস্মিতমনসি (চিত্তকে বিস্মিত করিয়া তন্মধ্যে) সদা (নিরন্তর) উদেতু (স্ফূর্তিলাভ করুন)॥

২৩। সর্বাত্যুত্তমধামত: ~~অতি~~ অত্যুপরি (নিখিল উত্তম ধামসমূহের অতি ঊর্ধ্বভাগে) আনন্দসাম্রাজ্যভূ: (আনন্দসাম্রাজ্যের অধিষ্ঠান) বৃন্দারণ্যং (শ্রীবৃন্দাবন) ভাতি (বিরাজ করিতেছেন), ইহ এব (তন্মধ্যেই)

সকলাশ্চর্যং (সকলের আশ্চর্যজনক) কিশোরদ্বয়ং (কিশোরযুগল) ভাতি (বিলাস করিতেছেন), যঃ (যিনি) তৎপ্রাণাত্মসখ্যানুভাবললিতাদ্যালীনিদেশে (সেই প্রাণযুগলের পরমপ্রণয়শালিনী ললিতাপ্রভৃতি সখীগণের নির্দেশে) স্থিতঃ (অবস্থানপূর্বক) ~~অন্তঃ (হৃদয়ে) স্বেষ্টতনুঃ (অন্তঃস্বেষ্টতনুঃ)~~ (~~অন্তরে~~ অন্তঃস্বেষ্টতনুস্ফুরন্ (অন্তরে ইষ্টমূর্তির স্ফুরণহেতু) রসময়ং চেষ্টেত (বিবিধ রসময় বিলাসসমূহের বিস্তার করেন), তস্মৈ নমঃ (আমি তাঁহাকে প্রণাম করি)।।

২৪। বৃন্দাবনভুবি (শ্রীবৃন্দাবনে) সন্ততং (সুবিস্তৃত), মধুর-রণন্মণিনূপুর-রাধাপাদারবিন্দসৌন্দর্যং (সুমধুর মণিনূপুরের ধ্বনিযুক্ত শ্রীরাধাপাদপদ্মের সৌন্দর্য) অনুচিন্তয়তঃ (অনুক্ষণ চিন্তা করিতে করিতে) মম (আমার) ক্ষণাঃ যান্তু (কাল অতিবাহিত হউক)।।

২৫। সুকল-নূপুরং (মনোরম নূপুরধ্বনিযুক্ত [এবং]) সুস্নিগ্ধ-কান্তিধারা-পরিমল-সৌন্দর্য-সৌকুমার্যাদ্যৈঃ (সুস্নিগ্ধ কান্তিধারা, সৌরভ, সৌন্দর্য ও কোমলতাদি-সম্পন্ন), রাধায়াঃ (শ্রীরাধার) তৎ (সেই)

অমেয় চরণ কমলং (অতুলনীয় শ্রীপাদপদ্ম) স্ফুরতু ([আমার হৃদয়ে] স্ফূর্তিলাভ করুন)॥

২৬। অরুণতলং (তলদেশে রক্তবর্ণ), উপরি (উপরি ভাগে) গৌরং (গৌরবর্ণ), মধুরৈ লসিতৈঃ (মধুর বিলাসদ্বারা) হরেঃ (শ্রীকৃষ্ণের) মনশ্চৌরং (চিত্তাকর্ষক), রাধায়াঃ অতিসুন্দর-চরণসরোজং তু ([ও] অতিসুন্দর শ্রীরাধাপাদপদ্মকেই [আশ্রয়]) মনঃ (চিত্ত) জপতু (জপ করুক)॥

২৭। রাধাপদপদ্মে (শ্রীরাধার পাদপদ্মে) নখমণি-চন্দ্রোজ্জ্বলচ্ছটাচ্ছুরিতঃ (নখরূপ মণিময় চন্দ্রসমূহের উজ্জ্বলিত দীপ্তিরাশিদ্বারা সুরঞ্জিত), পাদাঙ্গুলীয়-পাদাঙ্গদ-নূপুর-রত্ন রোচিষাং বীচীঃ (পাদাঙ্গুরীয়ক, পাদবলয় ও নূপুরাদির রত্নসমূহের দীপ্তিপ্রবাহ) ঈক্ষে (দর্শন করিতেছি)॥

২৮। কৃষ্ণেন্দীন্দির লোভ্যং (যাহা শ্রীকৃষ্ণরূপ ভ্রমরের লোভনীয়), পুরু সৌরভং (মহাসৌরভ-শালী), ইন্দিরালভ্যং নহি (যাহা লক্ষ্মীদেবীরও দুর্লভ), সান্দ্রানন্দমরন্দং ([এবং যাহা] প্রগাঢ় আনন্দমধুরসে পরিপূর্ণ), রাধায়াঃ পদারবিন্দং

(শ্রীরাধার সেই শ্রীপাদপদ্মের) স্মরামি (ধ্যান করি)।।

২৯। অতিমৃদুলাঙ্গুলিপল্লব-বিলসন্নখচন্দ্রমণ্ডলং (যাঁহার অতিসুকোমল অঙ্গুলিপল্লবে নখরূপ চন্দ্রমণ্ডলসমূহ শোভা পাইতেছে), মধুরং ([এবং যাহা] অতিমনোহর), রাধায়াঃ (শ্রীরাধার) মণিমঞ্জীর-মনোহর-চরণযুগলং (মণিনূপুর-শোভিত সেই চরণযুগল) মে (আমার নিকটে) চকাস্তু (আত্মপ্রকাশ করুন)।।

৩০। রাধাচরণ-রণন্মণিনূপুরমূকীকৃতাং (শ্রীরাধার পাদযুগলের মণিময় নূপুরের ধ্বনি শ্রবণে যাহার মৌনভাব উদিত হয় [এবং]) বিফলিত তত্তৎ-ফুৎকৃতিং (পূর্বকৃত ফুৎকার সমূহ বিফল হওয়ায়) অখিলসখীসার্থহাসিনীং (যে নিখিল সখীগনের হাস্য সঞ্চার করে), হরেঃ মুরলীং (শ্রীকৃষ্ণের সেই বংশীটির) স্মরত (ধ্যান কর)।।

৩১। রাধা-সুরভি-সুশীতল-পদকমলং (শ্রীরাধার সৌরভযুক্ত ও সুশীতল পদকমলকে) আনন-লোচন-হৃদয়ে (মুখ, নয়ন ও হৃদয়ে) অর্পয়ৎ (সংলগ্ন করিয়া [এবং]) মুহুঃ মুহুঃ (বারম্বার)

কিমপি (বিচিত্র ভাবে) জিঘ্রৎ (আঘ্রাণ করিয়া) শ্যামং ধাম (শ্যামল কান্তি শ্রীকৃষ্ণ) শোভতে (শোভা পাইতেছে)॥

৩২। কদা (কবে) মম (আমার) হৃদয়ং (চিত্ত) রাধাপদারবিন্দোচ্ছল দাতিমাধুর্য-সিন্ধু নিঃস্যন্দৈঃ (শ্রীরাধার পাদপদ্মে উচ্ছলিত পরম মাধুর্য-সাগরের প্রবাহদ্বারা) উন্মদপ্রনয়ং (প্রেমোন্মত্ত হইয়া) বৃন্দারণ্যে (বৃন্দাবনে) লয়ং অয়তাং (লয় প্রাপ্ত হইবে?)॥

৩৩। বৃন্দাবনে (বৃন্দাবনে) অতিমধুরাদ্ভুত লীলা-রণিত-মঞ্জু মঞ্জীরং (অতি মধুর বিচিত্র লীলারত মনোরম নূপুর ধ্বনি যুক্ত [এবং]) প্রসরন্নখমণি-ভাসং (নখ রত্নরাজির দীপ্তি বিকাশী), রাধায়াঃ পদাবিন্যাসং (শ্রীরাধার পদাবিন্যাসসমূহের) স্মরামি (ধ্যান করিতেছি)॥

৩৪। [যাঁহারা] স্বীয়স্বীয়-কলাবিচিত্র-সুরত ক্রীড়া-প্রবন্ধৈঃ (নিজ নিজ নৈপুণ্যজনিত বিচিত্র সুরত ক্রীড়ার রচনাদ্বারা) মিথঃ (পরস্পর পরস্পরকে) বিস্মেয়ীকৃত-মোহিত-প্রহসিত-প্রোৎসাহিতোন্মাদিতং (উন্নাসিত, মোহিত,

হাস্যযুক্ত, উৎসাহিত ও উন্মাদিত করেন [এবং]) উন্মদেন
(উল্লাস) মদনেন (কন্দর্পবশে) অতনুলোলং (অতিশয়
চঞ্চল হইয়া) বৃন্দাকানন বেশ্মসু (বৃন্দাবনের কুঞ্জগৃহসমূহে)
সদা (সর্বদা) খেলৎ (বিলাস করেন, [আমি সেই])
গৌরশ্যামং (গৌর ও শ্যামবর্ণ) কিশোরদ্বয়ং
(কিশোরযুগলের) ভজে (সেবা করি)।।

৩৩। [শ্রীরাধার উক্তি] আলি (হে সখি!) অনৃজুনা
(কুটিল) শ্যামেন (শ্যামের দ্বারা) মম কিং
(আমার প্রয়োজন কি? [সখীর উক্তি]) সদা ([তুমি]
সর্বদা) তাদৃশং (ঐরূপ কুটিল শ্যামকে
অর্থাৎ কৃষ্ণকে, অর্থান্তরে শ্যামবর্ণ কুটিল কেশরাশিকে)
কিং ধৎসে (ধারণ কর কেন? [শ্রীরাধার উক্তি])
চন্দ্রাবল্যতিফুল্লিতেন (চন্দ্রাবলী অর্থাৎ গোপীবিশেষ-
দ্বারা যিনি প্রফুল্ল হন, তাঁহার দ্বারা) মম কিং
(আমার প্রয়োজন কি? [সখীর উক্তি]) শ্রোত্রে
তাদৃক্ দধাসি (ঐরূপ কৃষ্ণের কথাও তুমি শ্রুতি-
গোচর করিতেছ। অর্থান্তরে চন্দ্রাবলী অর্থাৎ
চন্দ্ররাজিদ্বারা যে প্রফুল্ল হয়, ঐরূপ বস্তুকে অর্থাৎ
শ্বেত উৎপলকে তুমিই শ্রুতি অর্থাৎ কর্ণে

অলঙ্কাররূপে ধারণ করিতেছ। [শ্রীরাধার উক্তি])
বিশ্বক্ চঞ্চলচঞ্চলেন (যিনি সর্বত্র অতিচঞ্চল, তাঁহার দ্বারা)
মম কিং (আমার কি হইবে? [সখীর উক্তি]) তাদৃক্
বিনা (ঐরূপ চঞ্চলের অভাবে) কীয়সে (তুমি
অতিশয় চিন্তিতা হও। অর্থান্তরে সর্বগামী অতিচঞ্চল
বায়ুর অভাবে মহাচিন্তাই উপস্থিত হয়), রাধা
(শ্রীরাধা) ইতি (এইরূপ) আলাপিতা (সখীর বচনে)
অতিরুষ্টা (অতিশয় কোপহেতু) লীলাম্বুজৈ: (লীলা-
কমল দ্বারা) তং (তাঁহাকে) ঘ্নতী চকাস্তি (প্রহার
করিয়া বিরাজমানা রহিয়াছেন)।।

৩৬। ব্রহ্মাদ্যা: অমরা: (ব্রহ্মাদি অমরগণ, [কিম্বা])
সুরাসুরনরা: (অপর দেবতা, অসুর ও মনুষ্যগণ),
অন্যে চ যোগীশ্বরা: (এবং অপর যোগীশ্বরগণও)
যুবতীময়ীং (যুবতিরূপা) ভগবত: মায়াং (ভগবানের
মায়াকে) তর্তুং (অতিক্রম করিতে) নো সমুৎসেহিরে
(সমর্থ হন নাই), তু (কিন্তু) ক্ষোদীয়ান্ (অতি-
ক্ষুদ্র) অহং (আমি) এতয়া (এই মায়াদ্বারা)
চাণ্ডাল চাণ্ডালক: (চণ্ডাল অপেক্ষাও অধমরূপে)
বিহিত: অস্মি (পরিণত হইয়াছি, [অতএব])
বৃন্দাটবি (হে বৃন্দাবন!)

(তুমি)
~~সাধুবৃন্দতিলকৈঃ (পরমসাধুগণের সহিত)~~
~~স্বীকারে (তুমি আমাকেও গ্রহণ কর, [এই~~
তব স্বীকারে (তুমি আমাকে গ্রহণ করিলেই [আমি])
সাধুবৃন্দতিলকৈঃ (পরমসাধুগণেরও) বন্দ্যেয়
(বন্দনীয় হইতে পারি)॥
৩৭। [যিনি] বিচিত্রমণিমৌক্তিকপ্রকর গুচ্ছ-নানামণি-
চ্ছটৌঘ-কনকস্ফুরন্মুরলিকাং (বিচিত্র মণিমুক্তা-
রাশি রচিত গুচ্ছ ও নানামণি প্রদীপ্ত সুবর্ণদ্বারা
সমুজ্জ্বল বংশীটিকে) অধরে (নিজ অধরে)
নিধায় (সংলগ্ন করিয়া) সদা (সর্বদা) বৃন্দাবনে
(বৃন্দাবনে) রাধিকোজ্জ্বলযশাংসি (শ্রীরাধার
নির্মল যশোরাশি) গৃণাতি (গান করেন),
মনোহরে (এইরূপ মনোরম) ক্বচন (কোনও)
শ্যামলে ধামনি (শ্যামল বিগ্রহেরই) মম মনঃ
(আমার চিত্ত [সংলগ্ন রহিয়াছে])॥
৩৮। একৈকাঙ্গপ্রোচ্ছলৎস্বর্ণগৌর-স্নিগ্ধানন্তজ্যোতি-
রাচ্ছাদিতাশা (যিনি প্রতি অঙ্গে উচ্ছলিত কাঞ্চনগৌর
স্নিগ্ধ অনন্ত জ্যোতিরাশিদ্বারা দিঙ্মণ্ডল আচ্ছন্ন
করেন [এবং যিনি]) রূপশোভৈকশীমা (রূপ ও

শোভায় পরাকাষ্ঠারূপা), ~~শ্যামাত্মৈকচৌরী~~ বৃন্দারণ্যে (বৃন্দাবনে [এইরূপ]) কা অপি (কোন এক) কিশোরী (কিশোরী) শ্যামাত্মৈকচৌরী (শ্রীকৃষ্ণের চিত্ত অপহরণ করেন)॥

৩৯। অহো (অহো!) হেমাম্ভোজাদ্বিতয় মুকুলা (স্বর্ণপদ্মের দুইটি মুকুল [ও]) পূর্ণহৈমৈকচন্দ্রা (সুবর্ণময় একটি পূর্ণচন্দ্রদ্বারা সুশোভিতা অর্থাৎ তাদৃশ স্তনযুগল ও মুখমণ্ডলে বিভূষিতা), মধ্যে (মধ্যভাগে) শূন্যা (ক্ষীণতমা), ততঃ উচ্চতরানন্তকান্তিং কিরন্তী ([এবং] তাহা হইতে অনন্ত পরম শোভা বিস্তারকারিণী), কা অপি (কোন এক) কনকলতিকা (স্বর্ণলতা) বৃন্দারণ্যে (বৃন্দাবনে) কুঞ্জসীম্নি (নিকুঞ্জের প্রান্তদেশে) উন্মদয়ম্ং (রসোন্মত্ত) শ্যামম্ং (শ্যামবর্ণ) একং (একটি) দিব্যং (দিব্য) তমালং (তমাল বৃক্ষকে) বেষ্টতে (বেষ্টন করিয়া রহিয়াছে)॥

৪০। মনঃ (হে চিত্ত! [তুমি]) বৃন্দাবনে (বৃন্দাবনে) কর্ণালঙ্কৃত-কর্ণিকার কুসুমং (কর্ণযুগলে কর্ণিকার-পুষ্পশোভিত), সুগন্ধায়নু চলিতশ্যামাভিয়ামা-

দ্যুতি (সুগন্ধিচূর্ণশোভিত মনোরম শ্যামবিগ্রহ), চূড়ালোলশিখণ্ডং (ময়ূরপুচ্ছের চঞ্চল চূড়াধারী), উজ্জ্বলতড়িৎপীতাম্বরং (তড়িতের ন্যায় উজ্জ্বল পীত বস্ত্র পরিহিত), শ্রীরাধারতিলম্পটং (শ্রীরাধার রতিলালসাযুক্ত [এবং]) বিম্বাধরং সংচুম্ব্য গায়দ্বেণু (বিম্বাধরে সংলগ্ন বংশী দ্বারা সঙ্গীতবিস্তারকারী) সুন্দরং (মনোরম) তৎ ধাম (দিব্য জ্যোতির্ময় বস্তুকে) স্মর (ধ্যান কর)॥

৪১। দিশি দিশি (দিকে দিকে) মহাগৌরকান্তিপ্রসারং (দিব্য গৌর কান্তির বিস্তারকারী), প্রেমামৃতরসমহাবারিধেঃ ([এবং] প্রেমময় অমৃতমহাসিন্ধুর) অত্যুদারং (অতি উত্তম) একং সারং (কোন সার বস্তু) জীয়াৎ (জয়যুক্ত হউন), বৃন্দারণ্যে ([এবং] বৃন্দাবনে) বিবিধকলয়া মোহিনীবৃন্দসেব্যং (মোহিনীগণকর্তৃক বিবিধ নৈপুণ্য সহকারে আরাধ্য), নবযুবজনচিত্তচোরং (নবীন যুবজনের চিত্তাকর্ষক), শ্যামচ্ছবি (শ্যামল কান্তি), কিশোরং ধাম (কিশোর দশায় বিরাজমান জ্যোতির্ময় বস্তুর [জয় হউক])॥

৪২। বৃন্দারণ্যে (বৃন্দাবনে) নিত্যোন্মীলন্মধুরমধুরাশ্চর্য-
কৈশোরলক্ষ্যা (নবনব পরমমধুর বিচিত্র কৈশোর-
শোভাঢ্যায়া) নিত্যোদ্বর্ধি-স্মররসমদাৎ (চির
বর্ধনশীল কন্দর্পরসমদে) অঙ্গবৈবশ্যভাজো:
(অঙ্গসমূহের বিবশতাযুক্ত), সৌভাগ্যধাম্নো:
([এবং] পরমসৌন্দর্যসম্পন্ন) শ্রীগান্ধর্বা-মুরলী-
ধরয়ো: (শ্রীগান্ধর্বা ও মুরলীধারীর) মধুরমধুরা:
(অতিসুমধুর) দৃষ্টিবাগঙ্গচেষ্টা: (নয়ন, বচন ও
অঙ্গাদির বিলাসরাশি) পশ্য (দর্শন কর)॥
৪৩। অহো (অহো!) বৃন্দারণ্যে কদম্বকুঞ্জকুহরে
(বৃন্দাবনের কদম্বকুঞ্জমধ্যে) মিথ: ([যাঁহারা]
পরস্পরের) তীব্রানুরাগাৎ (প্রবল অনুরাগবশত:)
দেহান্ত:করণেন্দ্রিয়াদি সকলং (দেহ, মন: ও
ইন্দ্রিয়াদি সমুদয়কে) সম্প্রাপ্তৈক্যং ইব (একতা-
যুক্তের ন্যায়) আবহৎ (ধারণ করিয়া) নবনবা-
ত্যাশ্চর্যকৈশোরকং (নবনবায়মান অতিবিচিত্র
কিশোর দশায় বিরাজমান রহিয়াছেন), কন্দর্প-
লোলং (কামচঞ্চল), অতীব মোহনং (অতিমনো-
রম), তৎ (সেই) গৌরনীলং (গৌর ও নীলবর্ণ)

যাঁর দ্বন্দ্বং (বিগ্রহযুগলকে) মুদা (প্রীতিসহকারে) ভজে (সেবা করি)॥

৪৪। পূর্ণস্বর্ণ-সুগৌরকান্তি-জলধেঃ ([যিনি] কাঞ্চনের ন্যায় গৌর কান্তিরূপ বারিপূর্ণ মহাসাগরের) তুঙ্গৈঃ তরঙ্গৈঃ (সমুন্নত তরঙ্গরাজি দ্বারা) দিশঃ সিঞ্চন্তী (দিঙ্মণ্ডল প্লাবিত করিয়া) নবযৌবনোন্মদ-কলা সৌন্দর্য সম্মোহিনী (নবযৌবনের উদ্দাম কলা সৌন্দর্যদ্বারা সকলকে মুগ্ধ করেন [এবং]) যাঁদ্য প্রেমরসায়সাত্মকতনুঃ (যাঁহার শ্রীবিগ্রহ সর্বস্ব উপাদেয় প্রেমরসময়রূপে) বৃন্দাবনালঙ্কৃতিঃ (বৃন্দাবনের শোভা বর্ধন করেন), শ্যামসঞ্জীবনী (শ্রীকৃষ্ণের জীবনদায়িনী) সা (এইরূপ) কা অপি বিদ্যা (কোন এক বিদ্যা) সদা (সর্বদা) মে (আমার) হৃদি (চিত্তে) ~~চকাস্তু~~ চকাস্তু (আত্মপ্রকাশ করুন)॥

৪৫। প্রেমসারৈঃ অগাধা (অপার্থ প্রেমপূর্ণা) রাধা (শ্রীরাধা) জয়তি জয়তি (অতিশয় জয়যুক্ত হউন), তদ্রসাস্বাদতৃষ্ণঃ (শ্রীরাধাপ্রেমের পরম পিপাসু) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) জয়তি জয়তি (অতিশয় জয়যুক্ত হউন),

দ্বয়ৈকাং (উভয়ের সহিত অভিন্নরূপে বিরাজমান) সৎসখীনাং বৃন্দং (শ্রেষ্ঠ সখীগণ) জয়তি জয়তি (অতিশয় জয়যুক্ত হউন [এবং]) তৎস্বধাম (তাঁহাদের নিজ ধাম) বৃন্দাকাননং (শ্রীবৃন্দাবন) জয়তি জয়তি (অতিশয় জয়যুক্ত হউন)॥

৪৬। বৃন্দাবনে (বৃন্দাবনে) গৌরনীলং (গৌর ও নীলবর্ণ), অতিমোহন রূপশোভং (অতি মনোরম শোভা-সৌন্দর্য-সম্পৃক্ত), তৎ কিমপি নিত্যাদ্ভুতাদ্ভুত রসোৎসব-নিত্য-মগ্ন-নিত্যার্ত-নিত্যনব-নিত্যকিশোর যুগ্মং (নিত্য পরম-বিচিত্র রসের উৎসবশালী, নিত্যমিলিত, নিত্যবিরহ-ভয়কাতর, নিত্য নবায়মান, অদ্ভুত নিত্য কিশোর-যুগল) মে (আমার) মনঃ (চিত্তকে) লোভয়তে (লুব্ধ করেন)॥

৪৭। বিচিত্রনবচাতুরীকৃত-বিচিত্ররত্যুৎসবং (যাঁহারা নিত্যনূতন বিচিত্র চাতুরীসহকারে বিচিত্র রতিলীলার প্রকাশ করেন), বিচিত্রতনু-কান্তিভিঃ (যাঁহারা বিচিত্র দেহকান্তিদ্বারা) কৃতবিচিত্র-কুঞ্জোদরং (কুঞ্জের অভ্যন্তর ভাগে বৈচিত্র্য সঞ্চার করেন), বিচিত্রনববেশভৃৎ (যাঁহারা

বিচিত্র নবীন বেশধারী [এবং]) নব বিচিত্র কৈশোরকং (যাঁহারা বিচিত্র নব কৈশোর যুক্ত), ইদং (এইরূপ) বিচিত্রং দ্বয়ং মম: (বিচিত্র ~~জ্যোতির্দ্বয়~~ জ্যোতির্দ্বয়) মে (আমার) মন: (চিত্তে) বিচিত্রয়তি (বিচিত্রতার উৎপাদন করেন)।।

৪৮। [হে সখে! তুমি] প্রকৃত্যন্তকৈ: (প্রকৃতি পর্যন্ত) দ্বৈতে: শূন্যং (দ্বৈত ভাবের সম্বন্ধ শূন্য), অনন্তপার-পরমানন্দৈকমাত্রং (অসীম পরমানন্দময়), অতিস্বচ্ছং (অতিবিশুদ্ধ) চৈতন্যামৃত চন্দ্রিকাম্বুধিং (চিৎ সুধাময় জ্যোৎস্না সিন্ধুর) স্মর (ধ্যান কর), ইহ (তন্মধ্যে) ~~ঐশ~~ ঐশং জ্যোতি: (ঐশ্বর জ্যোতি:) অনুভূয় (অনুভব করিয়া [তাঁহার অভ্যন্তরে]) শ্রীকামবীজাত্মকং জ্যোতি: (কামবীজ রূপ জ্যোতি:) কলয় (দর্শন কর [এবং]) তত্র (তাঁহার অভ্যন্তরে) ঘনং মহামধুরিম (মহামাধুরীর ঘনস্বরূপ) বৃন্দাবনং (শ্রীবৃন্দাবন ধাম) প্রেক্ষস্ব (অবলোকন কর)।।

৪৯। নানাবর্ণমণিচ্ছটাম্বুধি-ঘনং (উক্ত বৃন্দাবনে নানাবর্ণ মণিসমূহের প্রগাঢ় দীপ্তিরাশি বিস্তৃত রহিয়াছে),

বল্লীক্রমৈঃ ([উহা] বিবিধ তরু লতায়), অদ্ভুতৈঃ (বিচিত্র) শাখাপল্লব-
পত্রগুচ্ছমুকুলৈঃ (শাখা, পল্লব, পত্র, গুচ্ছ, মুকুল),
পুষ্পৈঃ (পুষ্প [ও]) ফলৈঃ চ (ফলরাশিদ্বারা)
শোভিতং (সুশোভিত [এবং]) নানারত্নময়ৈঃ
(নানারত্নময়) খগৈঃ (পক্ষী), মৃগকুলৈঃ (মৃগ),
কীরৈঃ (শুক), ময়ূরৈঃ (ময়ূর), পিকৈঃ (কোকিল),
গুঞ্জদ্ভৃঙ্গগণৈঃ (গুঞ্জনরত ভ্রমরগণ), সরোবর-
সরিচ্ছৈলাদিভিঃ চ অদ্ভুতং (সরোবর, নদী ও পর্বতাদির
~~দ্বারা অদ্ভু[illegible] বৈচিত্র্যশালী)॥~~
সমাবেশে পরম বিচিত্র)॥

৫০। [উক্ত বৃন্দাবন] কুঞ্জাবলীমঞ্জুভিঃ (মনোরম-
কুঞ্জরাজি-বিরাজিত) ক্রীড়াকুট্টিমকোমলাভিঃ
(সুকোমল-ক্রীড়াচত্বর-শোভিত), অমিতমোদাভিঃ
(অতিসৌরভশালী) নানারত্নময়স্থলীভিঃ
(বিবিধ রত্নময় ক্ষেত্রসমূহদ্বারা) অমিতং
অত্যদ্ভুতং (অতুলনীয় ও অতিশয় অদ্ভুত ভাবসম্পন্ন),
নিত্যোৎসর্পি-পরাগ-পুঞ্জ-মকরন্দৌঘৈঃ মহাসুন্দরং
(নিরন্তর বিচ্ছুতিশীল পুষ্পপরাগ ও মধুরাশিদ্বারা
তাঁহার পরম সৌন্দর্যের বিকাশ হইয়াছে [এবং
তিনি]) সান্দ্রানন্দমহারসেন (প্রগাঢ় রসময়

পরম আনন্দের সঞ্চারদ্বারা) সহেলং জগৎ (শ্রীকৃষ্ণের সহিত নিখিল জগতের) বিবশীকুর্বৎ (বিহ্বলতা উৎপাদন করিতেছেন)॥

৫১। কলহংস-সারস-লসৎকারণ্ডবাদ্যৈঃ (কলহংস, সারস ও কারণ্ডব প্রভৃতি) খগৈঃ (আকাশচারী) আশ্চর্যৈঃ (আশ্চর্য) দ্বিজকুলৈঃ (পক্ষিগণের) পরিঘুষ্টয়া (নিনাদযুক্তা), মত্তালিঝঙ্কারয়া (মধুমত্ত ভ্রমরগণের ঝঙ্কারে মুখরিতা), সদা বিকাশিতৈঃ (নিত্য বিকশিত) কহ্লারৈঃ (কহ্লার) কমলৈঃ (কমল [ও]) দিব্যৈঃ (দিব্য) বিচিত্রোৎপলৈঃ (বিচিত্র উৎপল রাজিদ্বারা) ভ্রাজন্ত্যা (বিভূষিতা [এবং]) মণিতটোদ্দীপ্তশ্রিয়া (মণিময় তটভূমির উজ্জ্বল কান্তি সমৃদ্ধা), কালিন্দ্যাঃ পুলিনশ্রিয়া (কালিন্দী-পুলিনের শোভাদ্বারা) আবৃতং (উক্ত বৃন্দাবন সমাবৃত রহিয়াছেন)॥

৫২। প্রোজ্জ্বলনির্মলাদ্ভুতরসানন্দৈক-সন্দোহবাঃ-পূরায়াঃ (সমুজ্জ্বল নির্মল বিচিত্র রসশালী আনন্দময় জলপ্রবাহে পরিপূর্ণা) তস্যাঃ (সেই যমুনার) তটরত্নভূমিলসিতা (রত্নময় তীরভূমিদ্বারা অলঙ্কৃত [এবং])

তৎসংসর্গি-সুগন্ধ-মন্দানিলৈঃ (যমুনার জলপ্রবাহের
~~সংসর্গহেতু সুশীতল, সৌরভশালী, মন্দ~~
সংসর্গহেতু সৌরভশালী ঈষৎশীতল) মন্দানিলৈঃ
(মৃদুসঞ্চারী বায়ু কর্তৃক) লালিতা (সেবিত)
উত্তুঙ্গ (সমুন্নত) কদম্বাটবী (কদম্বকানন
[শোভা পাইতেছে এবং]) তত্র (তন্মধ্যে) সদা
(সর্বদা) উদয়ৎকন্দর্পপুঞ্জং (কন্দর্পকোটির উদয়-
শালী) নিকুঞ্জপুঞ্জং (নিকুঞ্জরাজি) আভাতি
(বিরাজমান রহিয়াছে)।।

৫৩। তত্র (সেই নিকুঞ্জসমূহে) অনঙ্গরসোন্মদৈকসহজৌ
(স্বাভাবিক কন্দর্প রসে প্রমত্ত), আশ্চর্যকৈশোরকৌ
(দিব্য কৈশোর সমৃদ্ধ), বেনীদণ্ড-শিখণ্ড মণ্ডিত-
মহাচূড়ামণী (বেনী ও ময়ূরপুচ্ছে শোভিত চূড়ামণি-
বিরাজিত), হারিণৌ (মনোহর), মহামোহনৌ
(পরম মোহন), আশ্চর্যোজ্জ্বল-গৌরনীল মধুরা-
কারৌ (অতি সমুজ্জ্বল সুমধুর গৌরনীলবিগ্রহ),
লাবণ্যমূর্তী (অতিশয় লাবণ্যশালী) রাধামাধবনাম-
নাগরবরৌ (শ্রীরাধাকৃষ্ণনামক দিব্য নাগরযুগলের)
স্মর (ধ্যান কর)।।

WEIGHTS AND MEASURES.

INDIAN BAZAAR WEIGHT

4 Sikis	= 1 Tola.
5 Sikis	= 1 Kancha.
4 Kanchas or 5 Tolas	= 1 Chatak.
4 Chataks	= 1 Powab.
4 Powahs	= 1 Seer.
5 Seers	= 1 Pasari.
8 Pasaris or 40 Seers	= 1 Maund.

JEWELLER'S WEIGHT

4 Dhans	= 1 Rati.
6 Ratis	= 1 Anna.
8 Ratis	= 1 Masha.
12 Mashas or 16 Annas	= 1 Tola or Bhari.

INDIAN TIME

60 Anupal	= 1 Vipal.
60 Vipal	= 1 Pal.
60 Pal	= 1 Dundo.
60 Dundo	= 1 Deen.
7 Deen	= 1 Hafta.
30 Deen	= 1 Mahina.
12 Mahina	= 1 Baras.

INDIAN LIQUID MEASURE

4 Chataks	= 1 Powah.
4 Powahs	= 1 Seer.
40 Seers	= 1 Maund.

INDIAN MONEY TABLE

3 Pies	= 1 Pice
2 Pice	= 1 Half-anna.
6 Pies	= 1 Half-anna.
4 Pice	= 1 Anna.
12 Pies	= 1 Anna.
16 Annas	= 1 Rupee.

INDIAN MONEY TO STERLING

1 Anna	= 1 Penny.
12 Annas	= 1 Shilling.
1 Rupee	= 1 Shilling & 6 Pence.
13 Rupees & 5 Annas	= 1 Pound.

CEYLON MONEY TABLE

100 Cents	= 1 Rupee.

BENGAL BAZAAR WEIGHT

5 Chataks	= 1 Kunka.
2 Kunkas	= 1 Khunchi.
2 Khunchis	= 1 Rek.
2 Reks	= 1 Pali.
2 Palis	= 1 Done.
2 Dones	= 1 Kati.
8 Katis	= 1 Arhi.
20 Arhis	= 1 Bish.
16 Bishes	= 1 Kahan.
16 Palis	= 1 Maund.
8 Dones	= 1 Maund
20 Dones	= 1 Sali.

BENGAL LINEAL MEASURE

3 Jaubs	= 1 Anguli.
4 Angulis	= 1 Musti.
3 Mustis	= 1 Bitasti.
2 Bitastis	= 1 Hat.
2 Hats	= 1 Gaz.
2 Gazes	= 1 Dhanu.
2000 Dhanus	= 1 Kosh.
4 Koshes	= 1 Yojan

BENGAL GRAIN MEASURE

5 Chataks	= 1 Koonkee.
4 Koonkees	= 1 Raik.
32 Raiks	= 1 Maund.

BENGAL PHYSICIAN'S WEIGHT

4 Dhans	= 1 Rati.
10 Ratis	= 1 Masha.
12 Mashas	= 1 Tola.

BENGAL CLOTH MEASURE

3 Angulis	= 1 Girah.
8 Girahs	= 1 Hath.
2 Haths	= 1 Gaz.

BENGAL MEASURE OF LAND SURFACE

20 Square Cubits (or Gandes)	= 1 Chatak.
16 Chataks	= 1 Katha.
20 Kathas	= 1 Bigha.

BOMBAY BAZAAR MEASURE

36 Tanks	= 1 Tipari.
2 Tiparis	= 1 Seer.
4 Seers	= 1 Payli.
16 Paylis	= 1 Phara.
8 Pharas	= 1 Kandi.
25 Pharas	= 1 Muda.

BOMBAY MEASURE OF LAND SURFACE

39½ Square Cubits	= 1 Kathi.
20 Kathis	= 1 Pand.
20 Pands	= 1 Bigha.
6 Bigahs	= 1 Rukeh.
20 Rukehs	= 1 Chahur.

BOMBAY CLOTH MEASURE

2 Angulis	= 1 Tasu.
24 Tasus	= 1 Gaz.

MADRAS LOCAL WEIGHT

180 Grains	= 1 Tola.
3 Tolas	= 1 Palam.
8 Palams	= 1 Seer.
5 Seers	= 1 Vis.
8 Vis	= 1 Maund.
20 Maunds	= 1 Kandi.

MADRAS BAZAAR MEASURE

8 Ollaks	= 1 Paddi.
8 Paddis	= 1 Markal.
5 Markals	= 1 Phara
80 Pharas	= 1 Garee.

UNITED PROVINCES MEASURE OF LAND

20 Kachvansi	= 1 Bisvansi.
20 Bisvansis	= 1 Bisva.
20 Bisvas	= 1 Bigha.

PUNJAB MEASURE OF LAND

9 Sarsi	= 1 Marla.
20 Marlas	= 1 Kanal.
4 Kanals	= 1 Bigha.
2 Bighas	= 1 Ghuma.

BRITISH AVOIRDUPOIS WEIGHT

16 Drams	= 1 Ounce.
16 Ounces	= 1 Pound.
14 Pounds	= 1 Stone.
2 Stones	= 1 Quarter.
4 Quarters	= 1 Hundred-weight.
20 Hundred-weights	= 1 Ton.

CAPACITY

4 Gills	= 1 Pint.
2 Pints	= 1 Quart.
4 Quarts	= 1 Gallon.
2 Gallons	= 1 Peck.
4 Pecks	= 1 Bushel.
8 Bushels	= 1 Quarter.

BRITISH LINEAL MEASURE

12 Inches	= 1 Foot.
3 Feet	= 1 Yard.
5½ Yards	= 1 Pole.
40 Poles	= 1 Furlong.
22 Yards	= 1 Chain.
10 Chains	= 1 Furlong.
8 Furlongs	= 1 Mile.
1760 Yards	= 1 Mile.

BRITISH MONEY TABLE

4 Farthings	= 1 Penny.
12 Pence	= 1 Shilling.
20 Shillings	= 1 Pound.
2 Shillings	= 1 Florin.
2 Shillings & 6 Pence	= 1 Half-crown.

BRITISH MEASURE OF LAND

144 Sq. Ins.	= 1 Sq. Foot.
9 Sq. Feet	= 1 Sq. Yd.
1210 Sq. Yds.	= 1 Rood.
4 Roods	= 1 Acre.
640 Acres	= 1 Sq. M.

BRITISH TABLE OF TIME

60 Seconds	= 1 Minute.
60 Minutes	= 1 Hour.
24 Hours	= 1 Day.
7 Days	= 1 Week.
4 Weeks	= 1 Month.
12 Months	= 1 Year.
365 Days	= 1 Year.
366 Days	= 1 Leap Year.
52 Weeks	= 1 Year.

সম্পূর্ণ ১৩খানা খাতার মধ্যে খাতা নং ১১

শ্রীশ্রীবৃন্দাবনমহিমামৃত (দশম শতক পর্য্যন্ত)
অন্বয়মুখে বঙ্গানুবাদ।

নবম শতক।

৫৪। পূর্ণাস্বাদ্যবিশুদ্ধভাববপুষোঃ (পরম উপাদেয় পরিপূর্ণ বিশুদ্ধ প্রেমবিগ্রহশালী উক্ত যুগলমূর্ত্তির) র অঙ্গেষু (অঙ্গসমূহের) যা মাধুরী ধারা (মাধুর্য্য ধারা), যে অদ্ভুত ভঙ্গিমানঃ (অদ্ভুত ভঙ্গী-সমূহ), উরুধা বঃ কান্তিপূরোদয়ঃ (বিবিধ কান্তিপ্রবাহের উল্লাস), যা নেত্রাঞ্চলচাতুরী (কটাক্ষ চাতুরী), যা চ স্মিতপরিপাটী (মৃদু মধুর হাস্য নৈপুণ্য), রহঃভাবে (নির্জন অবস্থায়) মিথঃ যা (পরস্পরের) যা চ সুনর্ম্মমধুরা গোষ্ঠী (পরিহাসমধুর যে সকল বাক্যালাপ), অনয়োঃ (এই যুগদ্বয়ের) ভাবয় (ধ্যান কর)।।

৫৫। শ্রীরাধিকায়াঃ ~~ভ্রাজ~~ পদাম্ভোজভ্রাজদপার-মাদকরসজ্যোতির্যদৈকাকৃতৌ (শ্রীরাধার পাদ-পদ্মাশ্রিত অনন্ত উন্মাদকরসময় প্রকাণ্ড জ্যোতিঃ-পুঞ্জের সহিত যাঁহাদের মূর্ত্তি একীভূত রহিয়াছে), আশ্চর্য্যাকৃতি-বর্ণভেদমধুরে (যাঁহারা আশ্চর্য্য আকৃতি ও বর্ণবিশেষহেতু মনোহর), অত্যাশ্চর্য্য-নানাকলানির্মাণজ্ঞৌ (যাঁহারা অতি আশ্চর্য্য বিবিধ কলারচনায় সুনিপুণ), অতিনূতন যৌবনবয়ো-নানাবিচিত্রক্রমে

(অভিনব যৌবন দশায় আবির্ভাব নিবন্ধন যাঁহাদের
সর্ব্ব প্রকার চেষ্টা সমূহ নানারূপ বিচিত্রতা ধারণ
করিয়াছে), ইন্দুকোটিবদনে ([এবং যাঁহাদের]
বদনমণ্ডল কোটি চন্দ্রের ন্যায় পরম সমুজ্জ্বল),
দাসীমণ্ডলে ([শ্রীরাধার এইরূপ] দাসীগণ
[বিরাজ করিতেছেন])॥

৫৬। [ঐ সখীগণের মধ্যে] কাঞ্চন দ্রব রুচিং (তপ্তকাঞ্চন-
বর্ণা), সৌম্যাং (শান্ত প্রকৃতি), মহাসুন্দরীং (পরমা
সুন্দরী), প্রত্যঙ্গোচ্ছলদনুপম রহিত-স্নিগ্ধাচ্ছগৌরচ্ছটাং
(সর্ব্বাঙ্গে উচ্ছলিত নির্ম্মল ও স্নিগ্ধ অনন্ত গৌর-
কান্তিশালিনী), কৈশোরেণ মনোহরাং (মনোরম-
কৈশোর প্রাপ্ত), উরসিজ স্বর্ণাব্জ কোশদ্বয়ীং (স্তনরূপ
স্বর্ণকমলের কোশদ্বয়ে অলঙ্কৃতা [এবং])
বর কঞ্চুকেন সংবীতাং (মনোরম কঞ্চুক দ্বারা
সর্ব্বাঙ্গে আচ্ছাদিতা) কাঞ্চন মূর্ত্তিং (কোন
একটি মূর্ত্তি অর্থাৎ প্রধানা সখী) বিলসদ্ধারাবলীং
(মনোরম হারসমূহ) বিভ্রতীং (ধারণ করিয়া
[শোভা পাইতেছেন])॥

~~৫৭। মধ্যে কৈশরিবৎ কৃশাং (তাঁহার কটিদেশ সিংহের কটির ন্যায় ক্ষীণ~~

৫৭। মধ্যে কেশরিবৎ কৃশাং (তাঁহার দেহের মধ্যভাগ সিংহের মধ্যভাগের ন্যায় ক্ষীণ), পৃথুকটিং (নিতম্ব-স্থল বিশাল), চিত্রোর্মিমচ্ছাটিকাং (পরিধানের বসন বিচিত্র তরঙ্গময়), দোর্বল্লীবিলসন্মহাদ্ভুত-মণী-কেয়ূর-চূড়াবলিং (বাহুযুগলে অতিমনোরম মনিময় কেয়ূর ও চূড় সমূহ), কর্ণোদ্যুত-কর্ণপূর-বিলসত্তাটঙ্ক-দিব্যচ্ছটাং (কর্ণযুগলের ঊর্দ্ধভাগে বিচিত্র কর্ণপূর ও তাড়ঙ্কের দিব্য শোভা [এবং]) শ্রীনাসাতিলপুষ্প-রত্নকনকাবদ্ধ-স্ফুরন্মৌক্তিকাং (মনোরম নাসিকায় রত্ন ও স্বর্ণসংযুক্ত উজ্জ্বল মুক্তাফল বিরাজ করিতেছে)॥

৫৮। দীব্যদ্দাড়িম্ববীজপংক্তিদশনাং (তাঁহার দন্তপংক্তি মনোরম দাড়িম্ববীজসদৃশ), মাধুর্য্যবন্যাবুড়দ্-বিম্বোষ্ঠীং (বিম্বফলতুল্য ওষ্ঠ মাধুর্য্য-বন্যায় নিমগ্ন), মদখঞ্জরীটনয়নাং (নয়নযুগল ~~ঞ্জ~~ মত্ত খঞ্জন সদৃশ), কন্দর্প-চাপ ভ্রুবং (ভ্রূযুগলের কন্দর্পের ধনুকের ন্যায় ভঙ্গিমাযুক্ত), ভ্রাম্যৎকাঞ্চন-পদ্মকোশ-বদনানন্দেন্দু-

কোটিপ্রচ্ছবিং (কাঞ্চনময় পদ্মকোলের ন্যায় উজ্জ্বল মুখমণ্ডল অনন্ত কোটি চন্দ্রের শোভায় সমৃদ্ধ, [আর]) ভঙ্গীকোটি-মহামনোহর-নবস্বর্ণৈকবল্লীতনুং (নবীন স্বর্ণলতার ন্যায় তাঁহার তনুটি নানাবিধ অসংখ্য ভঙ্গী বশতঃ পরম মনোহর)॥

৫৯। কূজন্নূপুরকিঙ্কিনীগণ-ঝনৎকারৈঃ মহাসঙ্কুলাং (শব্দায়মান নূপুর ও কিঙ্কিনীর ঝঙ্কারে ~~তিনি~~ তিনি অতিমনোরম ভাব বিস্তারপূর্বক) প্রেয়ঃ কর্ম-সুসম্ভ্রমেণ (প্রিয়যুগলের সেবাবিষয়ক ব্যগ্রতাবশতঃ) সদা (সর্বদা) প্রণয়াৎ (প্রীতিভরে) ইতঃ ততঃ (ইতস্ততঃ) ধাবন্তীং (বিচরণ করিতেছেন), আলোলাঞ্চলগুচ্ছ-নীল-সুতনূনীলাম্বিচোলাবৃতাং (চঞ্চল অঞ্চলগুচ্ছযুক্ত নীল ও অতিসূক্ষ্ম নিচোলদ্বারা তাঁহার সর্বাঙ্গ আবৃত রহিয়াছে [এবং]) ব্রীড়াভঙ্গিম-মন্দহাস কুটিলেক্ষাদিস্বভাবাদ্ভুতাং (তিনি লজ্জাভঙ্গীযুক্ত মৃদুহাস্য ও কুটিল দৃষ্টিপাতদ্বারা অদ্ভুত স্বভাব প্রকাশ করিতেছেন)॥

~~৬০। প্রোদঞ্চৎপুলকাবলিং (তাঁহার দেহে সর্বদা~~

৬০। নিজপ্রেষ্ঠয়োঃ (নিজ প্রিয়যুগলের) অতিস্নেহাৎ (একান্ত অনুরাগহেতু) মুহুঃ প্রোদঞ্চৎপুলকাং

(তিনি নিরন্তর পুলকরাজি ধারণ করিতেছেন), তত্তদ্গূঢ়-
তাদীঙ্গিতানুসরণৈঃ (প্রিয়যুগলের বিভিন্ন গূঢ় ইঙ্গিতের
অনুসরণ পূর্ব্বক) সন্তোষবন্যাকরীং (তাঁহাদের পরম
সন্তোষ বিস্তার করিতেছেন), রাধাপক্ষপরিগ্রহেন
(শ্রীরাধার পক্ষ অবলম্বন পূর্ব্বক) নর্ম্মক্রিয়া-দক্ষতাং
(পরিহাসাদি ব্যাপারে নিপুণতা) দধতীং (প্রকাশ
করিতেছেন [এবং]) শ্রীস্বর্য্যাঃ (শ্রীরাধার) চরণৈক-
সঙ্গততয়া (পাদপদ্মের একান্ত আনুগত্য সহকারেই)
নিত্যস্থিতাং (সর্ব্বদা অবস্থান করিয়া) তৎপরাং
(তৎপরতা প্রদর্শন করিতেছেন)।।

৬১। ক্বচিৎ (কদাচিৎ [শ্রীরাধা]) মন্ত্রণাদৌ (মন্ত্রণাদি-
বিষয়ে) মৃদুশীতলামৃতগিরা (সুশীতল অমৃতময়
মৃদু বচনদ্বারা) সংপৃচ্ছ্যমানাং (তাঁহাকেই জিজ্ঞাসা
করেন), ক্বচিৎ (কখনও বা) সর্ব্বালীঃ পরিবঞ্চ্য
(অন্য সখীগণকে বঞ্চনা করিয়া) কেলিঘটনায়
(ক্রীড়ার সংঘটনার জন্য) আদিশ্যমানাং (তাঁহাকেই
আদেশ করেন), কর্হিচিৎ (কখনও বা) প্রেম্ণা এব
(প্রীতিসহকারেই) কিঞ্চন প্রিয়মন্ত্রং (কোন প্রিয়
মন্ত্রণা) উক্ত্বা (জ্ঞাপন পূর্ব্বক) সংপ্রেষিতাং (তাঁহাকেই

ইষ্টমার্দনের জন্য) প্রেরণ করেন [এবং তিনিও])
অনাধিমধুরে (অনন্তমাধুর্যশালী) আনন্দাম্বুনিধৌ
(আনন্দমহাসাগরে) নির্মজ্জ্য (নিমগ্না হইয়া) রোমাঞ্চিতাং
(রোমাঞ্চ প্রকাশ করেন)॥

৬২। ক্ব অপি (কখনও) উদ্বর্তনকারিণীং (শ্রীরাধার
অঙ্গের উদ্বর্তন অর্থাৎ তৈলহরিদ্রাদিদ্বারা মর্দন করেন),
ক্বচন (কখনও) সদ্‌গন্ধোদকৈঃ (সুগন্ধি জলদ্বারা)
স্নাপনীং (স্নান করাইতেছেন), ক্বচিৎ (কখনও)
বস্ত্রালঙ্কৃতি-গন্ধ-মাল্যাবিভবৈঃ (বস্ত্র, অলঙ্কার, গন্ধ ও
মাল্যাদিদ্বারা) সংরাধয়ন্তীং (সেবা করিতেছেন),
ক্বচন (কখনও) অমৃতং সদ্ভোজ্য (অমৃতময় ভোজ্য
বস্তু ভোজন করাইয়া) প্রাবিলসত্তাম্বূলকর্পূরদাং
(মনোরম তাম্বূল ও কর্পূর প্রদান করিতেছেন [এবং])
ক্ব অপি (কখনও বা) আঙ্ঘ্রিদ্বয়লালনীং (পদযুগলের
সেবা করিতে করিতে) মৃদুপটৈঃ সংবীজনৈঃ
(মৃদু বস্ত্রদ্বারা বায়ু সঞ্চালনপূর্বক) স্বাপিনীং
(তাঁহার নিদ্রা আনয়ন করিতেছেন)॥

৬৩। ক্ব অপি (কখনও [তিনি]) শ্যামলসঙ্গমেলন-
সম্বরঙ্গং (শ্রীকৃষ্ণের সহিত শ্রীরাধার মিলন ও

শ্রীরাধার পরম উৎসবের) সমাতন্বতীং (বিস্তার
করিতেছেন), ক্বাপি (কখনও বা) ভৃঙ্গার-
ব্যজনাদিভিঃ (ভৃঙ্গার ও ব্যজনাদি ধারণ করিয়া)
বিভায়িনীং (শোভা পাইতেছেন, [কখনও বা শ্রীরাধার])
অনুপ্রস্থিতাং (অনুগমন করিতেছেন), কিঞ্চিৎ
উক্তে কিমপি অনুক্তে এব ([আর শ্রীরাধা]
কোন কার্যের কথা বলিলে অথবা না বলিলেও)
অনিশং (সর্বদা [তিনি]) প্রেম্না (প্রীতির সহিত)
রাধায়াঃ (শ্রীরাধার) প্রিয়ং এব কুর্বতীং (প্রিয়
আচরণ করিয়াই) মুহুঃ (নিরন্তর) পূর্ণপরমানন্দে
(পরিপূর্ণ আনন্দপ্রবাহে) বুড়ন্তীং (নিমগ্না রহিয়া-
ছেন)॥

৬৪। [তিনি] নবসঙ্গমেষু (নবীন সঙ্গমে) অতি-
স্মরাকুলহৃদোঃ (অতিশয় কন্দর্পবিহ্বলচিত্ত)
তয়োঃ (শ্রীরাধাকৃষ্ণের) তাঃ তাঃ রহঃসম্বিদঃ (বিবিধ
রহস্যালাপ) শ্রাবং শ্রাবং (বারম্বার শ্রবণ
করিয়া [এবং]) তাঃ তাঃ সুন্দরদৃষ্টিগাত্রবিকৃতীঃ
(উভয়ের বিবিধ মনোরম দৃষ্টি ও গাত্রভঙ্গী),
তাঃ তাঃ বিচিত্রাঃ বৈদগ্ধীঃ (বিবিধ বৈচিত্র্যময়

নৈপুণ্যরাশি [ও]) তাঃ তাঃ মধুরাঃ বিচিত্রচ্ছবীঃ (সেইসেই বিচিত্র সুমধুর কান্তিরাশি) বীক্ষ্য (দর্শন করিয়া) আনন্দ মহারসোচ্ছলনতঃ (আনন্দময় মহারসের উচ্ছ্বাস হেতু) অঙ্গানি ধর্তুং ন ক্ষমা (নিজ অঙ্গসমূহের ধারণে সমর্থা হইলনা)॥

৬৫। এবং নিত্যং অনুস্মরন্ (পূর্বোক্ত সখীর স্বরূপ সর্বদা ধ্যান করিয়া) রাধা পদাম্ভোরুহ-চ্ছায়াং এব অনুসরন্ (শ্রীরাধার পাদপদ্মের ছায়ারই অনুসরণপূর্বক) সদা এব (সর্বদাই) রসনাং (জিহ্বাকে) তয়োঃ (যুগলবিগ্রহের) নামামৃতৈঃ (নামামৃত দ্বারা) পূরয়ন্ (পরিতৃপ্ত করিয়া) স্ত্রী-তৎসঙ্গি-বিদূরে এব বিচরন্ (স্ত্রী ও স্ত্রীসঙ্গী হইতে অতিদূরেই বিচরণ করিতে করিতে) ক্রমশঃ (ক্রমশঃ) বৈরাগ্যং অত্যুৎকটত্বং নয়ন্ (উৎকট বৈরাগ্যের সঞ্চার করিয়া) কঃ অপি (কোন) অতিকৃতী (অতি-সৌভাগ্যশালী ব্যক্তিই) অত্র (এই) বৃন্দাবনে (বৃন্দাবনে) বসতি (অবস্থান করেন)॥

৬৬। দিনে দিনে অতিবর্ধিষ্ণু-মহাভক্তিবিরক্তিমান্,
~~দিনে~~ (প্রতিদিনই যাঁহার পরম ভক্তি ও বৈরাগ্য
বৃদ্ধিলাভ করিতেছে), শ্রীরাধাপদাশ্রিতঃ (শ্রীরাধার
পাদপদ্মাশ্রিত) কঃ অপি (এইরূপ কোন) ধন্যঃ
(ধন্য ব্যক্তিই) বৃন্দাবনে (বৃন্দাবনে) ভাতি
(বিরাজ করেন)॥

৬৭। ~~[illegible]~~ অহো (অহো!) রাধাকৃষ্ণসুতত্ত্ববোধ-
বিগত-বর্ণোরুশাস্ত্রশ্রমঃ (শ্রীরাধাকৃষ্ণের
পরম তত্ত্বের জ্ঞানহেতু যাঁহার বহুশাস্ত্রের
~~নিষ্ফল অধ্যয়নজাত পরিশ্রম~~
অধ্যয়নজনিত নিষ্ফল শ্রম দূর হইয়াছে),
শ্রীরাধাচরণারবিন্দ-সহজ-স্বাত্মৈক্যভাবোজ্জ্বলঃ
(শ্রীরাধার পাদপদ্মের সহিত স্বীয় আত্মার
স্বাভাবিক ঐক্যভাবের উদয়ে যাঁহার পরম
উৎকর্ষ সিদ্ধ হইয়াছে), বলীয়সা বৈরাগ্যেণ
([এবং] প্রবল বৈরাগ্য বলতঃ) দেহাস্থিতৌ অপি হি
(জীবনযাত্রানির্বাহবিষয়েও) ন মনাক্ জাতস্নেহঃ
(যাঁহার বিন্দুমাত্র আগ্রহ লক্ষিত হয়না, [এইরূপ])
সকলপ্রিয়ঃ (সর্বজনপ্রিয় ব্যক্তিই) শ্রীধাম্নি

বৃন্দাবনে (শ্রীবৃন্দাবন ধামে) নিবসতি
(বাস করেন)॥

৬৮। কুতশ্চন ন আগতং (যাহা অন্য কোন স্থান হইতে
আবির্ভূত না হইয়া, [কিম্বা]) ক্বচন (অন্য কোন স্থানে)
নো গন্তু (গমন না করিয়া) অনাদ্যন্তকালং (চিরকাল)
পারাবারবিবর্জিতে (অনন্ত অপার), অতিবিভ্রমে
(অতিবিভ্রম) স্মরৈকাম্বুধৌ (কন্দর্পসাগরে) লুঠৎ
(নিমগ্ন রহিয়াছেন), গৌরশ্যামলদিব্যকান্তি
(যাঁহার গৌর ও শ্যামল দিব্য কান্তি বিরাজমান রহি-
য়াছে [এবং]) মহদত্যাশ্চর্যকৈশোরকং (স্বাভাবিক
অত্যাশ্চর্য কিশোরভাব পরিলক্ষিত হইতেছে, [এইরূপ])
মিথুনং (যুগলমূর্তি) মিথঃ (পরস্পর) অঙ্গমিলনাৎ
(অঙ্গসংলগ্ন হইয়া) যত্র (যেস্থানে) জীবৎ আস্তে
(পরম উৎকর্ষসহকারে বিরাজ করেন), তৎ বনং
(সেই শ্রীবৃন্দাবনের) নুমঃ (বন্দনা করি)॥

৬৯। পূর্ণস্বাদ্য-বিশুদ্ধ-ভাবময়-চিন্মূর্তী (যাঁহাদের চিন্ময় মূর্তি
পরম উপাদেয় বিশুদ্ধ পরিপূর্ণ প্রেমময়), মহা-
মোহনৌ (যাঁহারা পরম মনোরম), কৈশোরাদ্ভুত-
রূপকান্তি-গতি-দৃগ্-বাগঙ্গভঙ্গ্যাদিভিঃ (কৈশোরোচিত

অদ্ভুত রূপ, কান্তি, গতি, দৃষ্টি, বচন ও অঙ্গসমূহের ভঙ্গীপ্রভৃতিদ্বারা সুশোভিত), কামোন্মাদমহাবিকার-পরমাশ্চর্যাকৃতী (যাঁহাদের আকৃতি কামোন্মাদজনিত প্রবল বিকারসমূহদ্বারা ~~পরম আশ্চর্য~~ অতিশয় আশ্চর্য-ভাব ধারণ করিয়াছে [এবং যাঁহারা]) নিঃসমোর্দ্ধাভিঃ (অসমোর্দ্ধ) সুন্দরতাভিঃ (সৌন্দর্যরাশির আধার-স্বরূপ, [এইরূপ]) দম্পতী (প্রণয়িযুগলই) বৃন্দাবনে (বৃন্দাবনে) আশ্রয়বর্যৌ (পরম আশ্রয়রূপে বিরাজ করিতেছেন)॥

৭০। অহো (অহো !) সৌন্দর্যৌঘচমৎকৃতিঃ (যাহা সৌন্দর্যরাশির চমৎকারস্বরূপ), পরা মাধুর্যসীমা (মাধুর্যের পরাকাষ্ঠাস্বরূপ), লাবণ্যামৃতচন্দ্রিকা-জলনিধেঃ (অমৃতময় লাবণ্যচন্দ্রিকায় ~~সমুদ্রস্বরূ~~ অপার্বসমুদ্রের) কঃ অপি (কোন এক) অদ্ভুতঃ (অদ্ভুত) সংপ্লবঃ (মহাপ্লাবনস্বরূপ), অত্যাশ্চর্য-মহানুরাগবিভবঃ (অত্যাশ্চর্য পরম অনুরাগের বৈভবস্বরূপ [এবং]) কন্দর্পলীলাবধিঃ (কন্দর্প-লীলার পরমসীমাস্বরূপ), নূতনবয়াঃ (নবযৌবন-~~শালী [ঐ দুজন]) মম (মদীয়~~

শালী) মম ভাবাত্মক: প্রাণ: (~~আমার~~ সেই যুগলরূপী ই মদীয় প্রাণ যিনি) বৃন্দারণ্যে (বৃন্দাবনে) উদেতি (চিরকাল উদিত রহিয়াছেন)॥

~~৭১। শ্রীবৃন্দাবনং~~

~~৭১। একভাব সদসগুে~~

৭১। অহং (আমি) শ্রীবৃন্দাবনে (শ্রীবৃন্দাবনে) একভাব সদসগুে কানুরাগোন্মদং (অদ্বিতীয় সৎস্বরূপ পরিপূর্ণ পরম অনুরাগে উন্মত্ত), কন্দর্পকলা-চমৎকৃত মহানন্দোর্মি দোলায়িতং ~~(অতুলনীয়~~ (কন্দর্পকলাজনিত পরমাশ্চর্য আনন্দতরঙ্গে দোলায়মান), অদ্ভুত বয়োরূপদ্যুতীনাং ([এবং] অদ্ভুত বয়স, রূপ ও কান্তি-রাশির) একং (অদ্বিতীয়) বিশ্রান্তিস্থলং (আশ্রয়-স্বরূপ), একহৃদয়প্রাণং (একচিত্ত ও একপ্রাণ), গৌরশ্যামং (গৌর ও শ্যামবর্ণ) কিশোরদ্বয়ং (কিশোরযুগলের) উপাসে (উপাসনা করি)॥

৭২। তয়ো: পরস্পরকথা-সুধারস-নিমগ্নকর্ণা: (শ্রীরাধা-কৃষ্ণের পরস্পরের আলাপরূপ সুধারসে যাঁহাদের কর্ণ নিমগ্ন রহিয়াছে), পরস্পর বিলোকনাদ্যুদিত-রূপ-লীলেক্ষণা: (পরস্পরের দর্শনে তদুভয়ের আবির্ভূত

রূপ ও লীলার প্রতি যাঁহাদের নেত্র অভিনিবিষ্ট রহিয়াছে [এবং]) পরস্পরসমাগমোৎসব-রসাতিমত্তান্তরাঃ (যাঁহাদের চিত্ত তদুভয়ের পরস্পর সমাগমজনিত উৎসব রসে সর্বদা মত্ত রহিয়াছে, [আমি]) হরি-রাধয়োঃ (শ্রীরাধাকৃষ্ণের) নবনিকুঞ্জখেলাঃ (নবীন নিকুঞ্জে ক্রীড়ারতা সেই) সখীঃ (সখীগণকে) স্মরামি (ধ্যান করি)॥

৭৩। স্মররসাতুন্মাদিনঃ (প্রবল কন্দর্পরসমত্ত) শ্রীহরেঃ (শ্রীকৃষ্ণের) যৎ যৎ ধার্ষ্ট্য-বিজৃম্ভিতং (যে সকল ধৃষ্ট আচরণের উদয় হয়), বিশাখাত্মনঃ (বিশাখার প্রাণসখীর) প্রত্যাখ্যান-বিলজ্জিতৈঃ (প্রত্যাখ্যান ও লজ্জাসহকারে) যৎ যৎ বিলাসিতং (যে সকল বিলাসভঙ্গীর আবির্ভাব হয় [এবং]) নবে সঙ্গমে (নবসঙ্গমকালে) তয়োঃ (উভয়ের) বৈদগ্ধীমধুরং (সুমধুর বৈদগ্ধীশালী) যৎ যৎ (যে সকল) বিলসিতং (চেষ্টা উদিত হয়, [আমি]) বৃন্দাবনং (শ্রীবৃন্দাবনে) আবসন্ (বাস করিয়া) মহাভাবে হৃদি (ভাবাবিষ্ট চিত্তে) অনিশং (সর্বদা) তৎ (তৎসমুদয়ের) ভাবয়ে (ধ্যান করিতেছি)॥

১৪। য: (যিনি) হৃদি (নিজ চিত্তে) সদা (সর্বদা) বিষ্ণো: (ভগবানের) ব্রহ্মাখ্যং (ব্রহ্মসংজ্ঞক) ধাম (জ্যোতি:) বহতি (ধারণ অর্থাৎ চিন্তা করেন), স: (তিনি) অত্র লোকে (এই লোকসমাজে) পূজ্য: (পূজ্য হ'ন), য: (যিনি) ভগবত: (ভগবানের) যাং কাঞ্চিৎ এব মূর্তিং (যে কোন মূর্তিরই) অর্চয়তি (পূজা করেন), স: (তিনি) তস্য (ভগবানের) প্রিয়াত্মা (প্রিয় পাত্র হ'ন, [আর]) য: (যিনি) সাক্ষাৎ (সাক্ষাৎ) শ্রীকৃষ্ণচন্দ্রং (শ্রীকৃষ্ণচন্দ্রের) ভজতি (ভজন করেন), স: (তিনি) উরুভি: অনুভাবৈ: (পরম প্রভাবহেতু) অতুল্য: (জগতে অতুলনীয়), তু (পরন্তু) য: রসিকরাট্ (যে রসিকরাজ) বৃন্দাবনং ন এব ত্যজতি (কখনও শ্রীবৃন্দাবন ত্যাগ করেননা), এষ: (ইনিই) মচ্চেত: (আমার চিত্ত) জহ্রে (হরণ করিয়াছেন)।।

১৫। যেষাং (যাঁহাদের দৃষ্টিতে) অত্র (এই বৃন্দাবনে) ভূ: (ভূমি) ভূ: এব (ভূমিস্বরূপ), জলং অপি চ জল (জল জলস্বরূপ), শাখিবল্ল্য: (তরুলতাগণ) দ্রুবল্ল্য: (তরুলতাস্বরূপ), জ্যোৎস্নাদি (জ্যোৎস্না-প্রভৃতি) জ্যোতিরাদ্যং (জ্যোতির্মাত্রস্বরূপ),

খগপশু-মনুজাদীনি (পশু, পক্ষী ও মনুষ্যাদি)
পশ্বাদিকানি (পশু-পাক্ষি-মনুষ্যাদি-স্বরূপ), শ্রীকৃষ্ণ: (শ্রীকৃষ্ণ) অখিল-
দনুজারিপু: (নিখিল দৈত্যসংহারী) কৃষ্ণ: এব
(শ্রীকৃষ্ণস্বরূপ [এবং]) রাধিকা (শ্রীরাধাও)
রাধিকা এব (শ্রীরাধারূপেই [পরিলক্ষিত হ'ন]),
তে (তাঁহারা) বৃন্দাবনং অনু (শ্রীবৃন্দাবনে) ব্যূহ্য
(বাস করিয়া) ন অলং (কৃতার্থ হ'ন নাই, [পরন্তু])
মম (আমায় [তত্তদ্বিগ্রহে]) কা অপি (কোন এক)
দিব্যা অনুভূতি: (দিব্য অনুভূতি যেই) অস্তু (উদয় হউক)॥
১৬। অদ্য (অদ্য) ~~[illegible]~~ মে (আমার) হৃদি
(চিত্তে) শ্রীবৃন্দাবনতত্ত্বং (শ্রীবৃন্দাবনের স্বরূপটি)
নিত্যমাধুরীপূরং (নিত্য মাধুর্যপূর্ণ [ও]) পূর্ণবিশুদ্ধ-
মন্মথরসোদ্দীপকং (পরিপূর্ণ বিশুদ্ধ কন্দর্প-
রসের উদ্দীপক) মোহনং (মোহনরূপে) অস্তু
(উদিত হউক), শ্রীবৃন্দাবনচন্দ্রতত্ত্বং অপি
(শ্রীবৃন্দাবনচন্দ্রের স্বরূপও) মে (আমার নিকটে)
কন্দর্পলীলারসৈকাত্মমূর্তিং উদেতু (কন্দর্প-
লীলারসময়রূপেই স্ফূর্তিলাভ করুন, [এবং])
সা রাধা অপি (শ্রীরাধাও) পূর্ণা বিমলা রতি:

(পরিপূর্ণ বিশুদ্ধ মূর্তিরূপে [আত্মপ্রকাশ করুন])।।

৭৭। অনন্তৈঃ মাধুর্যৈঃ ভরিতনবকৈশোরবয়সৌ (যাঁহাদের নবীন কৈশোর বয়স অনন্ত মাধুর্যে পরিপূর্ণ), মহাগৌরশ্যাম-প্রথিলসদনন্তচ্ছবিনিধী (যাঁহারা পরম গৌর ও শ্যামবর্ণ মনোরম অনন্ত কান্তির একমাত্র আশ্রয় [এবং]) অনন্তৈঃ বৈদগ্ধ্যৈঃ অবিচলদনন্ত-স্মর-কলা-সুকেলীভিঃ (যাঁহারা অনন্ত বৈদগ্ধ্যশালী, অনন্ত চিরস্থায়ী অসংখ্য কন্দর্পকলাজনিত মনোরম ক্রীড়াভঙ্গীসহকারে [বিরাজমান, এইরূপ]) কৌচিৎ (কোন যুগল-মূর্তি) বৃন্দাবনং অনু (শ্রীবৃন্দাবনে) বিহরতঃ (বিহার করেন)।।

৭৮। সহজনবকৈশোরবয়সোঃ (নিত্যনূতন কৈশোর-দশায় বিরাজমান) যয়োঃ দম্পত্যোঃ (যে নাগর-যুগলের) সুগৌরশ্যামাঙ্গচ্ছবি-মধুরলীলা-লহরীভিঃ (অতিগৌর ও অতিশ্যাম অঙ্গকান্তির সুমধুর লীলাতরঙ্গদ্বারা) সমস্তং (সমগ্র) শ্রীবৃন্দাবনং (শ্রীবৃন্দাবনই) অতিরসোন্মত্তং অভবৎ (অতিশয় রসোন্মত্ত হইয়াছে), তয়োঃ এব

(আমাদেরই) রতিপূরে (রতিকুঞ্জে) কিমপি দাস্যং (যে কোন প্রকার দাসত্ব) মম (আমার) আশাস্যং (প্রার্থনীয়)॥

৭৯। কদা ([আমি] কবে) এতৎ (এই) বীভৎসং বপুঃ (কুৎসিত দেহ) অপি (এবং) অত্র পাতিতাঃ (এই দেহগত) সমস্তাঃ চেষ্টাঃ (সর্বপ্রকার চেষ্টা) ব্যালুপ্য (বিলুপ্ত করিয়া) অন্তঃ (নিজ চিত্তে) রসময়ীং প্রকৃতিং (রসময়ী প্রকৃতি [ও]) তদ্দৃশীং আকৃতিং (তাদৃশী আকৃতির) ভজন্ (আশ্রয়-পূর্বক) শ্রীবৃন্দাবিপিনে (শ্রীবৃন্দাবনে) যত্র কুত্র (যে কোন স্থানে) অত্যাকিঞ্চনতয়া (অতিশয় আকিঞ্চনতা সহকারে) স্থিতঃ (বাস করিয়া) অনিশং (সর্বদা) প্রেম্না (প্রেমভরে) শ্রীরাধাচরণারবিন্দং (শ্রীরাধার পাদপদ্ম-যুগলের) রাধয়ে (আরাধনা করিব?)॥

৮০। পাপরাশিনঃ মম (আমি পাপাত্মা বলিয়া) কদা অপি (কখনও) নরকাৎ (নরক হইতে) উদ্ধারঃ মা অস্তু ([আমার] উদ্ধার না হউক), কিন্তু (কিন্তু) শ্রীবৃন্দাবন-রাধা-তন্নাগর-নাম

(শ্রীবৃন্দাবন, শ্রীরাধা ও শ্রীকৃষ্ণের নাম)
বিস্মৃতিং ন এতু (আমি যেন ভুলিয়া না যাই)॥

৮১। ইহ (এজগতে) মৎসম: (আমার ন্যায়) পাপাত্মা (পাপাত্মা) ক: অপি ন ভূত: (কোন লোক অতীত কালে জন্মগ্রহণ করে নাই), ন চ অস্তি (এখনও বর্তমান নাই), নো ভাবিতা (কিম্বা ভবিষ্যতেও এরূপ লোক জন্মগ্রহণ করিবেনা), তৎ (অতএব) সম্বানিরঙ্কুশ করুণং (স্বাভাবিক অকুণ্ঠ করুণাময়) বৃন্দাবনং (শ্রীবৃন্দাবন-ধামই) মে (আমার) পরং শরণং (একমাত্র আশ্রয়)॥

৮২। শ্রীবৃন্দাবন (হে বৃন্দাবন!) নিহীন: অপি এষ: অহং (আমি অতিশয় হীন হইলেও) পরমেশাদ্ভুত-করুণা-ক্ষমাদি গুণশক্তে: (শ্রীকৃষ্ণের অদ্ভুত করুণা ও ক্ষমাদি গুণের শক্তির) পরমং প্রাপ্য (উৎকর্ষ অনুভব করিয়া) অনন্যগতি: (একমাত্র তাঁহারই শরণাগত বলিয়া) ন উপেক্ষ্য: (তোমার উপেক্ষার যোগ্য নহি)॥

~~৮৩। বৃন্দাবন (হে বৃন্দাবন!) অহং (আমি) তব (তোমার) শরণং গত: (শরণাগত~~

৮৩। হরি হরি (হায় হায়!) নীচতঃ অপি নীচঃ (অতিনীচ [এবং]) অতীব দুষ্টাত্মা (অতিশয় দুষ্ট-চিত্ত হইয়াও) বৃন্দাবন! ('হে বৃন্দাবন!) অহং (আমি) তব (তোমার) শরণং গতঃ (শরণাগত') ইতি বাক্ (এইরূপ বাক্যমাত্র উচ্চারণ করিয়া) তব (তোমার) অনুকম্পাবিষয়ঃ স্যাং কিমু (অনুগ্রহভাজন হইব কি?)॥

৮৪। বৃন্দারণ্যে (বৃন্দাবনে) কতি দিনানি (কয়েক দিন) উষিতং (বাস করিয়াছি [এবং]) রাধা ইতি নাম চ ('রাধা' এই নামও) উদিতং (উচ্চারণ করিয়াছি), স্বকর্মভিঃ (নিজ কর্মানুসারে) অপার-নরকে (অপার নরকে) বিশতঃ (প্রবেশোন্মুখ) মম (আমার) এতৎ (ইহাই) কেবলং বলং (একমাত্র বল)॥

৮৫। হে মাতঃ বৃন্দাটবি (হে মাতঃ বৃন্দাটবি!) হা (হায়!) বৃন্দাকাননাধীশ্বরৌ (বৃন্দাবনাধীশ্বর) শ্রীরাধামুরলীধরৌ (শ্রীরাধাকৃষ্ণ!) অপরাধৈঃ (অপরাধহেতু) এষঃ (এই ব্যক্তি) কিং নু উপেক্ষ্যঃ এব (তোমাদের উপেক্ষাযোগ্যই হইবে কি?)॥

৮৬। অহহ (অহো!) বিগর্হিতকর্মণঃ (অতিপাপাচারী),
অতিমূঢ়স্য মম ([ও] পরমমূঢ় আমার) যৎ তৎ
অস্তু (যে কোন দশায়ই ঘটুক না কেন ?),
তু (কিন্তু [আমি]) বৃন্দাবিপিনং (শ্রীবৃন্দাবন ধাম)
ন এব জহামি (কোন রূপেই ত্যাগ করিবনা [এবং])
অত্র (বৃন্দাবনে) রাধায়াঃ নাম ন এব (শ্রীরাধার
নাম ও [ত্যাগ করিবনা])।।

৮৭। অহং (আমি) ইহ (এই) বৃন্দাকাননে (বৃন্দাবনে)
সমধিকমাধুরীধুরভারিতান্ (পরমমাধুর্যপূর্ণ)
রাধারূপবিলাসান্ (শ্রীরাধার রূপের বিলাস-
সমূহ) বচসা অপি (বাক্যের দ্বারাও) গৃণন্ অপি
(যৎকিঞ্চিৎ প্রকাশ করিয়াও) নিশ্চিন্তঃ অস্মি
(নিশ্চিন্ত হইয়াছি)।।

৮৮। চম্পক-কুবলয়কান্তী (চম্পক ও নীল পদ্মের ন্যায়
কান্তিবিশিষ্ট [এবং]) রূপবয়ঃশ্রীবিলাস-বিশ্রান্তী
(রূপ, বয়স, সৌন্দর্য ও বিলাসের পরাকাষ্ঠাস্বরূপ),
স্মরৈকরসমূর্তী (কন্দর্পরস-বিগ্রহ) তৌ (সেই)
দম্পতী (প্রেমময়ীযুগলই) বৃন্দাবিপিনে (শ্রীবৃন্দা-
বনে) মে (আমার) গতী (একমাত্র আশ্রয়)।।

৮৯। সঙ্কুল রতিকেলি মাধুরী-পুঞ্জে (মনোরম রতি-ক্রীড়ায় মাধুর্য রাশিদ্বারা পরিশোভিত) বৃন্দাকানন-কুঞ্জে (বৃন্দাবনের কুঞ্জমধ্যে) মানসচৌরৌ (মনোহর) গৌরশ্যাম-কিশোরৌ (গৌর ও শ্যাম-বর্ণ কিশোরযুগল) সদা (সর্বদা) মম স্ফুরতাং (আমার দৃষ্টিগোচর হউন)॥

৯০। রাধাকৃষ্ণপদাম্বুজ-মধুরিম-লোভ-ভ্রমন্মনোমধুপঃ (শ্রীরাধাকৃষ্ণের পাদপদ্মের মাধুর্যলোভে আমার চিত্তভৃঙ্গ বৃন্দাবনেই ভ্রমণ করে, [এ অবস্থায় আমি]) ধর্মাধর্মৌ (ধর্ম অধর্ম) ন বেদ্মি (কিছুই বিচার করিনা), শাস্ত্রাণি ন শৃণ্বে (কোনরূপ শাস্ত্রচর্চায়ও মনোযোগ করিনা, [কিম্বা]) তৎসুবিদঃ অপি ন (শাস্ত্রজ্ঞদেরও সন্ধান করিনা)॥

৯১। [আমি] বৃন্দাবনকুঞ্জবীথিকাসু (বৃন্দাবনের কুঞ্জসমূহে) বিহরৎ (বিহাররত), অতুলমদরস-সাগরমগ্নং (উদ্বেল রসসাগরে নিমগ্ন), গৌর-শ্যামং (গৌর ও শ্যামবর্ণ) তৎ কিমপি (সেই দিব্য) নাগরদ্বয়ং (নাগরযুগলের) ভজে (সেবা করি)॥

~~৭২। নরক কোটি: অপি অস্তু (বরং কোটি নরকে
বাস হউক), ন (তথাপি) অধমস্য অপি মম
(এই অধমেরও যেন) বৃন্দাবনত: অপি (এই
বৃন্দাবনেও) রাধাপদাব্জ দাস্যে (শ্রীরাধার পাদ-
পদ্মের দাস্য বিষয়ে) সুদুস্ত্যজা আশা (দুষ্পরি-
হার্য অভিলাষ) অসফলা বা মা অস্তু
(নিষ্ফল না হয়~~

৭২। অধমস্য অপি মম (আমি অধম হইলেও)
বৃন্দাবনত: অপি (যদি বৃন্দাবন হইতেও [আমার])
রাধাপদাব্জ দাস্যে (শ্রীরাধার পাদপদ্মের দাস্য-
বিষয়ে) সুদুস্ত্যজা (দুষ্পরিহার্যা) আশা বা
সফলা মা অস্তু (আশা ফলবতী না হয়,
[তাহা হইলে বরং]) নরক কোটি: অপি অস্তু
(কোটি নরকে বাস হউক)।।

৭৩। যদি (যদি) দুর্বচ্যসহস্রং (যদি সহস্র
সহস্র নিন্দাবাদও হয়), যদি চ (যদি) দেহ:
ক্রকচেন (এই শরীর ক্রকচ অর্থাৎ করাত দ্বারা)
দীর্যতে (দুই ভাগে বিভক্ত ও হয়, [কিম্বা]) যদি
(যদি) দুষ্কর্মকোটয়: অপি (কোটি দুষ্কার্যের

আচরণও হয়), তৎ অপি (তথাপি [আমি])
রাধাপ্রিয়বনং (শ্রীরাধার প্রিয়বন) ন জহ্যাং
(ত্যাগ করিব না)॥

১৪। চেৎ (যদি) অহং (আমি) ইহ (জগতে)
চণ্ডালৈঃ অপি সুৎকৃতঃ (চণ্ডালগণেরও ঘৃণার
পাত্র হই, [আর]) যদি (যদি) তৎকৃপয়া
এব (শ্রীবৃন্দাবনের কৃপাপ্রভাবেই) আমৃতি
(মরণাবধি) বৃন্দাবনে (বৃন্দাবনে) বসতিং
লভে (আশ্রয় লাভ করিতে পারি), অথ
(তাহা হইলে) সমস্তং (অপর সকল সম্পদকে)
তৃণবৎ মন্যে (তৃণতুল্য জ্ঞান করিব)॥

১৫। অতিদুর্গন্ধাত্যশুচিনি (অতি দুর্গন্ধময়, অতি অপবিত্র), অতিবিকৃতে (অতিবিকৃত) যোষিদ্বপুষি (নারীদেহের প্রতি) ~~আসক্ত~~, নিমগ্নং (একান্ত আসক্ত [এবং]) অন্তাদিমধ্য-দুঃখৌঘং (আদি, মধ্য ও অন্তে দুঃখভাগী [পুরুষকে]) বৃন্দাবনং বিনা (বৃন্দাবন ব্যতীত) পরঃ (অন্য কেহ) ন উদ্ধরেৎ (উদ্ধার করিতে পারেনা)॥

১৬। অহো (অহো!) অহং (আমি) মহাহতভাগ্যঃ
(অতিহতভাগ্য), মহাবিশ্রম্ভ বুদ্ধি-পাতিত চাণ্ডালঃ
অপি (অতি উন্মার্গগামী, পতিত, চণ্ডাল হইয়াও)
বৃন্দাবন প্রভাবতঃ (বৃন্দাবনের প্রভাব অবগত
হইয়া) কাং অপি আশাং করোমি (চিত্তে
কোন বিশেষ আশা ধারণ করিতেছি)।।

১৭। অতুচ্ছোজ্জ্বল-করুণৌ (অতি উদ্দাম করুণা-
শালী), তুঙ্গ মহানঙ্গ খেলনৌ (প্রবল কন্দর্প-
ক্রীড়ারত), সুগৌর-নীল রুচী (গৌর ও নীল-
বর্ণ) তৌ (সেই) নবতরুণৌ (নবীন কিশোর-
যুগল) স্ববনে (নিজ বনে) ক্ব অপি (কখনও)
মাং কলয়েতাং (আমার প্রতি নিশ্চয়ই
দৃষ্টিপাত করিবেন)।।

১৮। কদা ([আমি] কবে) বৃন্দাবনপুষ্প-
বাটিকায়াং (বৃন্দাবনের পুষ্পোদ্যানে) বিহরৎ
(বিহাররত), অতিস্মরবিবশ-কিশোরং (অতিশয়
কন্দর্পবিহ্বল, কিশোররূপী), গৌরশ্যামং (গৌর
ও শ্যামবর্ণ) তৎ (সেই) প্রাণদ্বিতয়ং (প্রাণযুগলকে)
মুদা (প্রীতির সহিত) সেবে (সেবা করিব?)।।

৯৯। বৃন্দাবন-নবকুঞ্জদ্বারি (বৃন্দাবনে নবীন কুঞ্জের দ্বারদেশে) মনোহারি-সান্দ্র-খেলায়াং (মনোহর অঙ্গক্রীড়ায়) মধুর বিবাদোজ্জৃম্ভিত-রসজলধী (মধুর বিবাদ দ্বারা যাঁহাদের রস-সাগর উচ্ছলিত হয়, এইরূপ) রাধিকা-কৃষ্ণৌ (শ্রীরাধাকৃষ্ণকে) পশ্য (দর্শন কর)॥

১০০। স্মরাতুরয়োঃ (কন্দর্পরসব্যাকুল), শ্রীবৃষভানু-ব্রজপতি-দুলাল কুমারয়োঃ (শ্রীবৃষভানুনন্দিনী ও শ্রীব্রজেন্দ্রনন্দনের) নবনব কুঞ্জবিহারাঃ (নিত্য নূতন কুঞ্জবিহার-লীলা) মে (আমার) কণ্ঠে (কণ্ঠদেশে) হারাবলিবৎ (হারসমূহের ন্যায়) লুঠন্তু (শোভা বিস্তার করুক)॥

১০১। দেহাদ্যখিল-গুণময়-দ্বৈতজালাৎ (দেহ-প্রভৃতি নিখিল গুণময় দ্বৈতপ্রপঞ্চ হইতে) দৃষ্টিং ব্যাবৃত্ত্য (দৃষ্টিকে নিবৃত্ত করিয়া) মনঃ (চিত্তকে) অনন্তে (অনন্ত) অপারে (অপার) ব্রহ্মাত্ম-চিজ্জ্যোতিষি (ব্রহ্মস্বরূপ চিন্ময় জ্যোতির মধ্যে) নময় (প্রবেশ করাইবে), অথ (অনন্তর)

আনন্দসান্দ্রে (প্রগাঢ় আনন্দময়) প্রেশে জ্যোতিষি
(ঐশ্বর সম্বন্ধী জ্যোতির অভ্যন্তরে) আবেশয়
(চিত্তের আবেশ উৎপাদন করিবে), অথো (অনন্তর)
মধুরতর মহা কামবীজে রসাব্ধৌ (পরম মধুর
মহাকামবীজ রূপ রসসাগরে [চিত্তকে লইয়া
যাইবে]), তস্মিন্ (তন্মধ্যে) তদ্ঘনং (তাহার
ঘনস্বরূপ) বৃন্দাবনং (শ্রীবৃন্দাবন [বিরাজমান
রহিয়াছেন। তুমি]) ইহ (সেই বৃন্দাবনে)
গৌরনীলৌ (গৌর ও নীলবর্ণ) তৌ (সেই)
নাগরৌ (নাগরযুগলের) ভজ (সেবা কর)॥
১০২। সৌন্দর্যেন অসমোর্দ্ধৌ ([যাঁহারা]
অসমোর্দ্ধ সৌন্দর্যশালী), ললিতনববয়ো-
মাধুরীনাং ধুরীনাং ([যাঁহারা] মনোরম
কৈশোর-মাধুর্যের পরম আশ্রয়স্বরূপ [ও])
অতনুক্ষোভসংশোভমানাং (কন্দর্পবিকারে
সুশোভিত) দিব্যলীলাময়তনুং (দিব্য
লীলাময় বিগ্রহ) বিভ্রাণৌ (ধারণ করিতেছেন
[এবং যাঁহারা]) স্বাবস্থাভিঃ
(নিজ মনোরম অবস্থাসমূহ দ্বারা)

সমুচ্ছলন ঘটিত-মহাশক্তিবৃন্দৌ (মহাশক্তিসমূহকেও
অতিশয় আকুল করেন, [এইরূপ]) স্বয়ং তু
(মূর্তিযুগল স্বয়ং) শ্রীবৃন্দারণ্য-নিত্যোন্মদ-মদন-
রসাবেশেন (শ্রীবৃন্দাবনে নিত্যকাল উন্মাদ কন্দর্পরসে
প্রমত্ত হইয়া) অন্যৎ ন বিদন্তৌ (অন্য সকল বিষয়
ভুলিয়া গিয়াছেন)॥

১০৩। দিব্যরূপং (দিব্যসৌন্দর্যশালী), কৈশোরনিত্যং
(নিত্যকৈশোরসমৃদ্ধ [ও]) বৈদগ্ধ্যাদ্যৈঃ অতুল্যাধিক-
ললিত-সখীমণ্ডলং (অসমোর্ধ্ব-বৈদগ্ধ্যসম্পন্ন
মনোরম সখীবৃন্দকে) স্মৃত্বা (ধ্যান করিয়া)
তৎ অনু (তদনন্তর) সদা (সর্বদা) অদ্ভুত রুচির কলাঃ
(বিচিত্র মনোরম কলাসমৃদ্ধা), বর্ণভেদৈঃ মনোজ্ঞাঃ
(নানাবিধ বর্ণযোগে মনোরমা), নানাশ্চর্যাকৃতীঃ
(বিবিধ বিচিত্র আকৃতিসম্পন্না), দিব্যালঙ্কার-
বস্ত্রাঃ (দিব্য বস্ত্রালঙ্কার ভূষিতা), নিজদয়িততম-
দ্বন্দ্বভাবৈকপূর্ণাঃ ([এবং] নিজ নিজ পরমপ্রিয়-
যুগলের প্রণয়রসে পরিপূর্ণা), তাঃ (সেই)
কিশোরীঃ (কৈশোরশালিনী) কিঙ্করীঃ (দাসী-
গণকে) স্মর ধ্যান কর)॥

নবম শতক সমাপ্ত

১। তত্র (সেই দাসীগণের মধ্যে) কাশ্চিৎ (কোন এক দাসীর) অচলৎকাঞ্চন রুচির রুচিং (দেহকান্তি অচঞ্চল সুবর্ণকান্তির ন্যায় মনোরম), কোটিচন্দ্রাননাভাং (মুখশোভা কোটিচন্দ্রসদৃশ), নীলোরু-স্নিগ্ধ-সূক্ষ্ম-গ্রথিত-নবম্রজ-বেণী-পুষ্পোরুগুচ্ছাং (তাঁহার সূক্ষ্মসংবদ্ধ নীল অতিস্নিগ্ধ সুদীর্ঘ নূতন বেণীবন্ধনে পুষ্পরচিত মনোরম গুচ্ছ শোভা পাইতেছে), শ্রীমন্নাসাপুট-প্রোজ্জ্বল-কনকমণি-জ্যোতিদিব্যৈকমুক্তাং (মনোরম নাসাগ্রে উজ্জ্বল স্বর্ণ ও মণিসংযুক্ত একটি দিব্য মুক্তাফল সংলগ্ন রহিয়াছে), মুক্তাপংক্তিজ্যোতিশ্ছুরিত-সুদশনাং (দন্তকান্তি মুক্তাসমূহের ন্যায় শুভ্র দীপ্তিরাশিদ্বারা রঞ্জিত হইয়াছে [এবং]) চারুবিম্বাধরৌষ্ঠীং (অধর ও ওষ্ঠ ~~মনোরম~~ বিম্বফলের ন্যায় মনোরম শোভা ধারণ করিয়াছে)।।

২। [তিনি] কৈশোর-ব্যাপ্তি-মঞ্জু-স্তনমুকুলযুগং (কৈশোরদশায় পরিচায়ক মনোরম স্তনকোরক-যুগলকে) পটাঞ্চেন (বস্ত্রাঞ্চলদ্বারা) গোপয়ন্তীং (সম্বরণ করিতেছেন), অত্যন্তক্ষীণমধ্যাং (তাঁহার

মধ্যদেশ অতিশয় কৃশ), অতিরুচির-মৃদু শ্রোণি-
রাজদ্দুকূলাং (কটিদেশের উপর অতি মনোরম সুকোমল
পট্ট বস্ত্র ~~শোভা~~ ~~পরিহিত রহি~~ শোভা পাইতেছে),
কাঞ্চীমঞ্জীর হারাবলী-বলয়ঘটা-দিব্যকেয়ূর শোভাং
(অঙ্গসমূহে চন্দ্রহার, নূপুর, হার, বলয় ও দিব্য
কেয়ূর বিরাজ করিতেছে [এবং]) দিক্‌চক্রাচ্ছাদি-
পূর্ণচ্ছবি-কনকলতা-চারুভঙ্গীময়াঙ্গীং (স্বর্ণলতার
ন্যায় মনোরমভঙ্গীযুক্তা দেহলতা নিজ দীপ্তিদ্বারা
দিঙ্মণ্ডল আবৃত করিতেছে) ॥

৩। শ্রীরাধাস্নিগ্ধসূক্ষ্মেঙ্গিতপুলকবতীং (শ্রীরাধার
মনোরম স্নিগ্ধ ইঙ্গিত দ্বারা তাঁহার গাত্র রোমাঞ্চিত
হইতেছে), স্বামিনী-শিক্ষিতানাং (শ্রীরাধার
উপাদিষ্ট) কলানাং (কলাসমূহ) সম্যগ্‌ বেত্রীং
(তিনি যথাযথরূপে অবগত হইয়াছেন), তদাতি-
শয় কৃপা-স্নেহ-বিশ্বাস পাত্রীং (তিনি শ্রীরাধার
অতিশয় কৃপা, স্নেহ ও বিশ্বাসের পাত্রী),
স্ববক্ষো: কোটিপ্রাণাভ্য-নির্মঞ্ছিত-পদনখমণ্যেক-
শোভাং (তিনি নিজ কোটি প্রাণদ্বারা প্রিয়যুগলের
একটি ~~নখচন্দ্রের~~ নখরত্নের সৌন্দর্যের নীরাজন

করিতেছেন [এবং]) চারুগুঞ্জাঞ্চল-দলবিমলচিত্র-
সূক্ষ্মং (মনোরম গুঞ্জ ও অঞ্চলযুক্ত বিচিত্র সূক্ষ্ম)
নিচোলং (প্রচ্ছদপট) দধানাং (ধারণ করিয়াছেন)॥

৪। [আমি এইরূপ স্বামীকে এবং] বৃন্দাবনকুঞ্জ-
কুঞ্জধীশ্বরীং (বৃন্দাবনের কুঞ্জরাণীকে) স্মরামি
(ধ্যান করি, [আর]) অপারে (অপার) স্মর-
কেলিসাগরে (কন্দর্পক্রীড়াসমুদ্রে) মগ্নৌ (নিমগ্ন),
দিনরাত্র্যবেদিনৌ (দিবারাত্রির বিস্মরণযুক্ত),
সুগৌরনীলৌ (গৌর ও নীলবর্ণ) তৌ (সেই)
নাগরদিব্যদম্পতী (দিব্য নাগর দম্পতীকে)
স্মরামি (ধ্যান করি)॥

৫। কুঞ্জসীম্নি (কুঞ্জের দ্বারদেশে) নিত্যোন্মদা-
নঙ্গরসৈকমূর্তী (চির উন্মাদ কন্দর্পরসময়বিগ্রহ),
নিত্যকৈশোরবিলাসপূর্তী (চিরকৈশোরবিলাস-
শালী), নিত্যবিচিত্রকান্তী (বিচিত্র নিত্যকান্তি-
সম্পন্ন), সুগৌর-নীলৌ (গৌর ও নীলবর্ণ)
তৌ দম্পতী (সেই প্রণয়িযুগলের)
ভজ (ধ্যান কর)॥

~~৬। [আমি] মোহনদিব্যরূপৌ (মনোরমদিব্যরূপ-~~
~~৬। মোহন-দিব্যরূপৌ (মনোরমসৌন্দর্যশালী~~),
৬। [আমি] মোহনদিব্যরূপৌ (পরম-মনোরম
দিব্যসৌন্দর্যশালী), পরস্পর-প্রেমরসাতিকাষ্ঠা-
ঘনাকৃতী (~~[এবং] পরস্পর~~ পারস্পরিক
প্রেমরসের পরাকাষ্ঠাময় সুরম্যমূর্তি), রসাঢ্য-
সখীসমেতৌ (~~সখীগণ~~ ([এবং] রসপ্রমত্তা
সখীগণের সহিত বিরাজমান ~~যুগল~~ [প্রণয়ীযুগলকে])
আত্মবৃন্দাবিপিনে (স্বীয় বৃন্দাবনে) প্রীত্যা
(প্রীতিসহকারে) সততং (সর্বদা) স্মরামি (ধ্যান
করিতেছি)।।

৭। আত্মকোটিদায়িতং ([যিনি] ~~নিজ~~ কোটি প্রাণ
অপেক্ষাও প্রিয়তম), নিত্যার্তি-রূপোন্নতিং (যাঁহার
মধ্যে নিরন্তর প্রেমকাতরতা উৎকর্ষলাভ করিতেছে),
নিত্যপ্রোজ্জ্বলদন্তপার-রহিত-শ্যামাঙ্গ-কান্ত্যূর্মিং
(যাঁহার শ্যামল অঙ্গের অসীম কান্তিসমুদ্র
নিত্যকাল উচ্ছলিত হইতেছে), নিত্যানন্দরসো-
ন্মদৈক-বিকৃতিং (নিত্য আনন্দরসের উন্মাদনায়
যাঁহার অতুলনীয় বিকাররাশির উদয় হয়),

নিত্যকৈশোরকং (যিনি নিত্য কিশোররূপে
বিরাজমান [এবং]) শ্রীবৃন্দাবননিত্যকেতনং
(শ্রীবৃন্দাবনই যাঁহার একমাত্র লীলাভূমি),
রাধাবল্লভং (সেই শ্রীরাধারমণকেই) অহং
(আমি) নিত্যাত্মভাবৈঃ (অন্তরের নিত্য অনুরাগসহকারে)
ভজে (সেবা করি)।।

৮। ইহ (এই) বৃন্দাবনান্তঃ (শ্রীবৃন্দাবনে) রাধায়াঃ
(শ্রীরাধার) তদ্বয়স্তনবমদনকলা-তন্বাঙ্গাঙ্গ-
রাজদ্রূপ-শ্রী-হ্রী-বিলাস-স্মিততত্তি-কুটিলাপাঙ্গ-
লীলাঙ্গভঙ্গৈঃ (নব যৌবন, নবীন কন্দর্পকলা,
প্রতি অঙ্গে বিরাজমান নব নব রূপ, শ্রী, লজ্জা,
বিলাস, মধুর মন্দহাস্য, কুটিল কটাক্ষলীলা ও
অঙ্গভঙ্গীসমূহ [এবং]) মাধুর্যসারৈঃ প্রেমানন্দৈক-
মূর্চ্ছাপ্রদদতিরম্যগৌরসুস্নিগ্ধ-রোচিঃপুঞ্জৈঃ
(প্রেমানন্দময় মূর্চ্ছাজনক অত্যুত্তম গৌর ও
সুস্নিগ্ধ পরম মধুর কান্তিরাশি) মম
(আমার) হৃদয়ং (চিত্তকে)
অহারি (হরণ করিয়াছে)।।

WEIGHTS AND MEASURES.

INDIAN BAZAAR WEIGHT

4 Sikis = 1 Tola.
5 Sikis = 1 Kancha.
4 Kanchas or 5 Tolas = 1 Chatak.
4 Chataks = 1 Powab.
4 Powahs = 1 Seer.
5 Seers = 1 Pasari.
8 Pasaris or 40 Seers = 1 Maund.

JEWELLER'S WEIGHT

4 Dhans = 1 Rati.
6 Ratis = 1 Anna.
8 Ratis = 1 Masha.
12 Mashas or 16 Annas = 1 Tola or Bhari.

INDIAN TIME

60 Anupal = 1 Vipal.
60 Vipal = 1 Pal.
60 Pal = 1 Dundo.
60 Dundo = 1 Deen.
7 Deen = 1 Hafta.
30 Deen = 1 Mahina.
12 Mahina = 1 Baras.

INDIAN LIQUID MEASURE

4 Chataks = 1 Powah.
4 Powahs = 1 Seer.
40 Seers = 1 Maund.

INDIAN MONEY TABLE

3 Pies = 1 Pice.
2 Pice = 1 Half-anna.
6 Pies = 1 Half-anna.
4 Pice = 1 Anna.
12 Pies = 1 Anna.
16 Annas = 1 Rupee.

INDIAN MONEY TO STERLING

1 Anna = 1 Penny.
12 Annas = 1 Shilling.
1 Rupee = 1 Shilling & 6 Pence.
13 Rupees & 5 Annas = 1 Pound.

CEYLON MONEY TABLE

100 Cents = 1 Rupee.

BENGAL BAZAAR WEIGHT

5 Chataks = 1 Kunka.
2 Kunkas = 1 Khunchi.
2 Khunchis = 1 Rek.
2 Reks = 1 Pali.
2 Palis = 1 Done.
2 Dones = 1 Kati.
8 Katis = 1 Arhi.
20 Arhis = 1 Bish.
16 Bishes = 1 Kahan.
16 Palis = 1 Maund.
8 Dones = 1 Maund
20 Dones = 1 Sali.

BENGAL LINEAL MEASURE

3 Jaubs = 1 Anguli.
4 Angulis = 1 Musti.
3 Mustis = 1 Bitasti.
2 Bitastis = 1 Hat.
2 Hats = 1 Gaz.
2 Gazes = 1 Dhanu.
2000 Dhanus = 1 Kosh.
4 Koshes = 1 Yojan

BENGAL GRAIN MEASURE

5 Chataks = 1 Koonkee.
4 Koonkees = 1 Raik.
32 Raiks = 1 Maund.

BENGAL PHYSICIAN'S WEIGHT

4 Dhans = 1 Rati.
10 Ratis = 1 Masha.
12 Mashas = 1 Tola.

BENGAL CLOTH MEASURE

3 Angulis = 1 Girah.
8 Girahs = 1 Hath.
2 Haths = 1 Gaz.

BENGAL MEASURE OF LAND SURFACE

20 Square Cubits (or Gandas) = 1 Chatak.
16 Chataks = 1 Katha.
20 Kathas = 1 Bigha.

BOMBAY BAZAAR MEASURE

36 Tanks = 1 Tipari.
2 Tiparis = 1 Seer.
4 Seers = 1 Payli.
16 Paylis = 1 Phara.
8 Pharas = 1 Kandi.
25 Pharas = 1 Muda.

BOMBAY MEASURE OF LAND SURFACE

39½ Square Cubits = 1 Kathi.
20 Kathis = 1 Pand.
20 Pands = 1 Bigha.
6 Bigahs = 1 Rukeh.
20 Rukehs = 1 Chahur.

BOMBAY CLOTH MEASURE

2 Angulis = 1 Tasu.
24 Tasus = 1 Gaz.

MADRAS LOCAL WEIGHT

180 Grains = 1 Tola.
3 Tolas = 1 Palam.
8 Palams = 1 Seer.
5 Seers = 1 Vis.
8 Vis = 1 Maund.
20 Maunds = 1 Kandi.

MADRAS BAZAAR MEASURE

8 Ollaks = 1 Paddi.
8 Paddis = 1 Markal.
5 Markals = 1 Phara
80 Pharas = 1 Garee.

UNITED PROVINCES MEASURE OF LAND

20 Kachvansi = 1 Bisvansi.
20 Bisvansis = 1 Bisva.
20 Bisvas = 1 Bigha.

PUNJAB MEASURE OF LAND

9 Sarsi = 1 Marla.
20 Marlas = 1 Kanal.
4 Kanals = 1 Bigha.
2 Bighas = 1 Ghuma.

BRITISH AVOIRDUPOIS WEIGHT

16 Drams = 1 Ounce.
16 Ounces = 1 Pound.
14 Pounds = 1 Stone.
2 Stones = 1 Quarter.
4 Quarters = 1 Hundred-weight.
20 Hundred-weights = 1 Ton.

CAPACITY

4 Gills = 1 Pint.
2 Pints = 1 Quart.
4 Quarts = 1 Gallon.
2 Gallons = 1 Peck.
4 Pecks = 1 Bushel.
8 Bushels = 1 Quarter.

BRITISH LINEAL MEASURE

12 Inches = 1 Foot.
3 Feet = 1 Yard.
5½ Yards = 1 Pole.
40 Poles = 1 Furlong.
22 Yards = 1 Chain.
10 Chains = 1 Furlong.
8 Furlongs = 1 Mile.
1760 Yards = 1 Mile.

BRITISH MONEY TABLE

4 Farthings = 1 Penny.
12 Pence = 1 Shilling.
20 Shillings = 1 Pound.
2 Shillings = 1 Florin.
2 Shillings & 6 Pence = 1 Half-crown.

BRITISH MEASURE OF LAND

144 Sq. Ins. = 1 Sq. Foot.
9 Sq. Feet = 1 Sq. Yd.
1210 Sq. Yds. = 1 Rood.
4 Roods = 1 Acre.
640 Acres = 1 Sq. M.

BRITISH TABLE OF TIME

60 Seconds = 1 Minute.
60 Minutes = 1 Hour.
24 Hours = 1 Day.
7 Days = 1 Week.
4 Weeks = 1 Month.
12 Months = 1 Year.
365 Days = 1 Year.
366 Days = 1 Leap Year.
52 Weeks = 1 Year.

No. 4
Bahadur
64 Pages
EXERCISE BOOK
Name
School
Class
Sec
Roll No
Subject
T.P.M. Co. Ltd.
Reg. Trade Mark

সম্পূর্ণ ৩ মাস মাত্র মধ্যে মাত্র নং ১২

শ্রীশ্রীবৃন্দাবন মহিমামৃত (দশম শতক পর্যন্ত) ৫১১
অন্বয়মুখে বঙ্গানুবাদ
দশম শতক।

৯। কদা (কবে) কস্যাপি ন মনাক্ কুণ্ঠিতাং (সর্বতোভাবে কুণ্ঠারহিত) বৃন্দাবনানুভবাৎ (শ্রীবৃন্দাবনের প্রভাবে) মম (আমার চিত্ত) উচ্চৈঃ রসেন মাদ্যৎ (প্রবলরসে প্রমত্ত [ও]) একভাবাবিষ্টং (একান্ত ভাবাবিষ্ট হইয়া), শ্রীকৃষ্ণচিত্তৈকচোরে (শ্রীকৃষ্ণের চিত্তাকর্ষক), ললিত-নববয়োবিভ্রমে (মনোরম কৈশোরবিলাসশালী [ও]) রূপলীলা-মাধুরিম-সুষমাপারসিন্ধৌ (রূপ, লীলা, ~~মাধুর্য~~ ~~[ও]~~ মাধুর্য ও সুষমার অনন্তসিন্ধুস্বরূপ), রাধিকায়াঃ অঙ্গে অঙ্গে (শ্রীরাধার প্রতি অঙ্গে) প্রবিষ্টং ভবতু (প্রবেশ করিবে?)।।

১০। নিত্যোচ্ছলকরুণাদ্যাখিলগুণং (করুণাপ্রমুখ নিখিল প্রবল সদ্গুণশালী), মহাশক্তি (পরম-শক্তিসম্পন্ন), বৃন্দাবনং (শ্রীবৃন্দাবন) মদ্গুণ-দোষবিচারং বিনা এব (আমার দোষগুণ বিচার না করিয়াই) মাং (আমাকে) ধ্রুবং (নিশ্চয়ই) স্বপদং নয়েৎ (নিজের মধ্যে স্থান প্রদান করিবেন)।।

১১। শ্রীলবৃন্দাবন (হে শ্রীবৃন্দাবন! [আমি]) সর্বং ত্যক্ত্বা (সকল বিষয় ত্যাগ করিয়া) ত্বাং (তোমার) শরণং আগমম্ (শরণাগত হইয়াছি,

[কিন্তু]) ত্বয়ি (তোমায় মধ্যে বাস করিয়াও) অত্যন্তাক্ষমং
(অতিশয় অমার্জনীয়) কোটিসংখ্যাপরাধং (কোটি
কোটি অপরাধ করিয়াছি), তৎ (অতএব) চেৎ
(যদি) ত্বং (তুমি) রাধাপদাম্বু দ্বন্দ্বানন্দোন্মদ-
মদদনং (শ্রীরাধার পাদপদ্ম যুগলের আনন্দরসে
উন্মত্ত আমার রক্ষক) ন এব ন এব ন (না হও),
ইহ ([তাহা হইলে] এ জগতে) কিমপি (অন্য কোন)
আলম্বনং (অবলম্বন) ন অস্তি (নাই)।।

১২। শ্রীবৃন্দাবনবর্তিনি (শ্রীবৃন্দাবনের অন্তর্গত)
যত্র কুচন অপি (যে কোন বস্তুর প্রতিও)
সাপরাধস্য (অপরাধকারী [ও]) রাধাকৃষ্ণ-
দ্রোহিনঃ (শ্রীরাধাকৃষ্ণের বিদ্বেষী ব্যক্তির)
কদাপি (কখনও) উরুতর-নরকাৎ (গুরুতর
নরক হইতে) ন উদ্ধারঃ (নিস্তার লাভ হয় না)।।

১৩। হা (হায়!) রাধাতৎপ্রিয়সর্বস্ব (শ্রীরাধা-
কৃষ্ণের প্রিয়ধন) বৃন্দাবন (বৃন্দাবন!)
অহং (আমি) ত্বয়ি (তোমার প্রতি) উচ্চকৈঃ
অঘবান (অতিশয় পাপাচরণ করিয়া) অতিভয়-
কাম্পিতঃ অস্মি (মহাভয়ে কম্পিত হইতেছি),

অত্র (এজগতে) ত্বং (তুমিই) মে (আমার)
শরনং সম্ভবং (আশ্রয় রূপে সম্মত)॥
১৪। অতিমধুরিম-সিন্ধু-বন্ধুরোল্লাসৈঃ (পরমমাধুর্য-
সিন্ধুর মনোরম উল্লাসময়) রাধাকৃষ্ণবিলাসৈঃ
(শ্রীরাধাকৃষ্ণের বিলাস সমূহ দ্বারা) রঞ্জিত-নিকুঞ্জ-
বীথীং (যাঁহার নিকুঞ্জরাজি অলঙ্কৃত হইয়াছে,
[এইরূপ]) বৃন্দাটবীং (শ্রীবৃন্দাবন ধামকে) মহাধন্যঃ
(অতিসৌভাগ্যশালী ব্যক্তিই) ধ্যায়তি (ধ্যান করেন)॥
১৫। বৃন্দাবনং (শ্রীবৃন্দাবন) রাধাঙ্ঘ্রিকমল দূরং
(শ্রীরাধার ~~পাদ~~ পাদপদ্ম হইতে দূরবর্তী), দুশ্চেষ্টৈক
রতং (অতিদুষ্কর্মরত), ধূর্তং (ধূর্ত), পতিতং
(পতিত), অনাথং (অসহায়), দীনং মাং
(মাদৃশ দীন জনকে) কথং কুরুতে (কি করিবেন,
[তাহা]) ন বেদ্মি (~~ক~~ বুঝিতে পারিতেছিনা)॥
১৬। শ্রীবৃন্দাবনং এব (শ্রীবৃন্দাবনই) স্বাদ্ভুত কৃপয়া
(স্বীয় অদ্ভুত কৃপাবলে) অত্যন্ত কুমতিং
(অতি দুর্বুদ্ধিসম্পন্ন), অত্যুজ্জ্বলং (অতিশয়
উজ্জ্বল [ও]) অতিশোচ্যশোচ্যং (অতিশয়
দুর্দশাগ্রস্ত) মাং (মাদৃশ ব্যক্তিকে) আত্মসাৎ
কুরুতাং (নিজ জন রূপে গ্রহণ করুন)॥

১৭। স্বকামৈকরসমগ্নং (স্বীয় কন্দর্পরসে নিমগ্ন), সুগৌরনীলং (সমুজ্জ্বল গৌর ও নীলবর্ণ), কিমপি মহাদ্ভুতং শ্রীবৃন্দাবন-নাগর-কিশোর-মিথুনং (শ্রীবৃন্দাবনবিহারী, পরম অদ্ভুত কিশোর নাগর-যুগল) মম (আমার) হৃদি (চিত্তমধ্যে) লগ্নং (বিরাজ করিতেছেন)॥

১৮। কদা (কবে [আমি]) উন্মদঃ (প্রেমরসে আকুল হইয়া), বৃন্দাটবী-নিকুঞ্জেষু (বৃন্দাবনের কুঞ্জসমূহে) কন্দর্পকেলিলোলং (কন্দর্পলীলায় সুচপল), কনকেন্দ্রনীল-রোচিঃ (সুবর্ণ ও ইন্দ্রনীল-মণির ন্যায় কান্তিসম্পন্ন), কিশোরযুগলং (কিশোরযুগলকে) নিরবধি (সর্বদা) কলয়ে (দর্শন করিব?)॥

১৯। কদা (কবে [আমি]) বৃন্দাবনে (শ্রীবৃন্দাবনে) প্রজল্পন্ (কাহারও সহিত বাক্যালাপে রত হইয়া), গচ্ছন্, তিষ্ঠন্, স্বপন্, শ্বসন্ বা অপি (কিম্বা গমন, অবস্থান, নিদ্রা, এমন কি শ্বাস পরিত্যাগ কালেও) স্মরতরল-গৌরনীল জ্যোতির্দ্বন্দ্বং (কন্দর্প-চপল গৌর নীল জ্যোতির্দ্বয়কে) পুরঃ (সম্মুখে) কলয়ে (দেখিতে পাইব?)॥

২০। রতিমন্মথকোটি মোহনং (কোটি কোটি কামদেব ও রতিদেবীর ন্যায় মনোরম), ~~মোহনস্মা-~~ ~~স্নগ্ধ~~ গৌরশ্যামল মণ্ডং (গৌর ও শ্যামবর্ণ), কিমপি (অদ্ভুত), রসময়কিশোরমিথুনং (রসময় কিশোর যুগলকে) স্মরতাং (যাঁহারা ধ্যান করেন তাঁহাদের) পদয়োঃ (পদযুগলে) জগন্তি (ত্রিলোকবাসী সকলেই) পতন্তি ~~(প্রণত~~ (প্রণত হ'ন)॥

২১। মোহন বৃন্দাবন ভুবি (মনোরম শ্রীবৃন্দাবনে) মে (আমার) অন্তঃ (হৃদয়ে) সদা (সর্বদাই) মোহন রাধা ব্রজেন্দ্রসুতয়োঃ (মনোহর শ্রীরাধা-মাধবের) তাঃ মোহন মোহন-রূপচ্ছবিলীলাঃ (সেই সকল পরম মনোরম রূপ, কান্তি ও লীলার) স্ফুরন্তু (স্ফুরণ হউক)॥

২২। নিকুঞ্জবীথীষু (শ্রীবৃন্দাবনের কুঞ্জসমূহে) আশ্চর্যনবয়য়ঃশ্রী রূপ-বিলাসং (বিচিত্র কৈশোর, শ্রী, রূপ ও বিলাসশালী), অতিমধুরং (পরম-মনোরম), গৌরশ্যামধামদ্বয়ং (গৌর ও শ্যামল জ্যোতির্যুগল) মম স্ফুরতু (আমার নিকটে স্ফূর্তিলাভ করুন)॥

২৩। অহং (আমি) বৃন্দাবনে (বৃন্দাবনে) সংফুল্লস্বর্ণ-
~~কোশ~~ কোশ-স্ফুটিত মরকতাম্ভোজ সৌভাগ্যভাজো:
প্রফুল্ল স্বর্ণময় কোষ ~~[illegible]~~ ও মরকতমণিময় পদ্মের
ন্যায় সৌন্দর্যশালী [এবং]) কোটিচন্দ্রাতিকান্ত্যো:
(কোটিচন্দ্রের কান্তি। বিশিষ্ট), শ্রীরাধামাধব শ্রীবদন-
কমলয়ো: (শ্রীরাধাকৃষ্ণের মুখকমলযুগলের)
সুশীতা: (সুশীতল [ও]) মধুরতর-বহুহাসপীযূষ-
বানী: (~~[illegible]~~ পরমমধুর হাস্যযুক্ত বচনামৃত) পায়ং
পায়ং (বারম্বার পান করিয়া [যাঁহারা]) মাদ্যং
(অতিশয় মত্ততা প্রকাশ করেন, [সেই]) ললিতাদি
(ললিতা প্রমুখ) আলিবৃন্দং (সখীগনকে) ভজামি
(ভজন করি)।।

২৪। সংবীতারক্ত-দিব্যপীতবসনং (যাঁহারা ~~দিব্য~~
রক্ত ও পীতবর্ণ দিব্য বসন পরিধান করিয়া)
দিব্যপ্রসূনোল্লসদ্-বেনী দিব্যশিখণ্ড-মণ্ডল-লসচ্চূড়া-
ভিশোভিতং (দিব্য পুষ্পশোভিত বেনী ও দিব্য
ময়ূর-পুচ্ছ শোভিত চূড়া দ্বারা অলঙ্কৃত হইয়াছেন,
[এবং]) অত্যুজ্জ্বল-দিব্যরত্নমকরোদার স্ফুরৎ-
কুণ্ডলং (যাঁহাদের কর্ণে তাড়ঙ্ক ও দিব্য রত্নমকরময়

ফুল শোভা পাইতেছে, [আমি]) বৃন্দাবনে (বৃন্দাবনে)
গৌরশ্যামকিশোর-দিব্যমিথুনং (গৌর ও শ্যামবর্ণ
সেই দিব্য কিশোরযুগলের) ধ্যায়ামি (ধ্যান করি)॥

২৫। অহো (অহো! [যাঁহার]) ক্বচিৎ (কোন স্থানে)
গোবৎসৈঃ (ধেনু বৎসগণ) মুহুঃ (নিরন্তর)
অম্বরং (আকাশমণ্ডলকে) হম্বারবাড়ম্বরং কুর্বদ্ভিঃ
(হম্বা ধ্বনি দ্বারা পরিপূর্ণ করিয়া) পরিমণ্ডিতং
(বিশেষ শোভা বর্ধন করিতেছে), ক্বচিৎ (কোন
স্থানে) অতিক্রীড়াবিলোলার্ভকং (শিশুগণ অতি-
চঞ্চল ভাবে খেলা করিতেছে), কুত্র অপি
(কোন স্থানে) উন্মদ-নবগোপতরুণী-যূথোৎসবং
(নবীন গোপরমণীগণ মদমত্ত হইয়া উৎসব
বিস্তার করিতেছেন [এবং]) কুত্রচিৎ (কোন স্থানে)
রাধা-কৃষ্ণ বিলাস মোহনং (শ্রীরাধাকৃষ্ণ মনোরম
বিলাস মহস্থলয়ে অবস্থান করিতেছেন, [সেই])
বৃন্দাবনং (শ্রীবৃন্দাবনকেই) অহং (আমি) ধ্যায়ামি
(নিরন্তর ধ্যান করি)॥

২৬। রাধাকৃষ্ণানন্যভাবৈকগম্যং (শ্রীরাধাকৃষ্ণের
একনিষ্ঠ প্রেমিকগণই যাঁহাকে লাভ করিতে সমর্থ হন),

নন্দনাদেঃ ([যাহা] নন্দন-প্রমুখ) দিব্যারণ্যতঃ রম্যং
(দিব্য বনরাজি অপেক্ষাও মনোরম, [এবং])
সচ্চিদানন্দসান্দ্র জ্যোতীরূপং (যাহা সচ্চিদানন্দময়
প্রগাঢ় জ্যোতিঃস্বরূপ, [আমি সেই]) দিব্যাদিব্যং
(অতি দিব্য) বৃন্দাবনং (শ্রীবৃন্দাবনের) শ্রয়ামি
(আশ্রয় গ্রহণ করিতেছি)॥

২৭। অহং (আমি) কদা (কবে) প্রাণান্তে অপি
(প্রাণান্তেও) স্ত্রীণাং (স্ত্রীলোকের) সঙ্গতিং (সঙ্গ)
ন বিরচয়ন্ (না করিয়া) তৎসঙ্গিনাং ন (স্ত্রীসঙ্গীর
সঙ্গ হইতেও বিমুখ হইয়া) ক্ব অপি (কোন) সত্তরু-
তলে (উত্তম বৃক্ষের তলদেশে) নিষদ্য (উপবেশন-
পূর্বক) সাস্রং (অশ্রুপূর্ণ নয়নে) প্রিয়াখ্যং একং
জপন্ (কোন প্রিয় নাম জপ করিতে করিতে)
লোকসমাগমে (লোকসংসর্গে) মৌনী (মৌনী
[এবং]) নিরবধি (সর্বদা) ক্ষৌণী ইব (ধরণীর
ন্যায়) সর্বংসহঃ (সহিষ্ণু হইয়া) তৃণাৎ অপি
(তৃণ অপেক্ষাও নীচভাবে) রাধাকেলিবনে
(শ্রীরাধার ক্রীড়াকানন শ্রীবৃন্দাবনে)
নিবৎস্যামি (বাস করিব?)॥

